Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide

21–27 Dec, 2017

# শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

তোমাদের প্রয়োজনে আমরা

বর্ষ - ৩, সংখ্যা - ৪৬ সাপ্তাহিক ২১ - ২৭ ডিসেম্বর, ২০১৭ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ২৪ Rs. 5.00

## ইয়ার বুক ২০১৮

আগামী ৩১ ডিসেম্বর প্রকাশিত হচ্ছে 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার স্পেশাল সংখ্যা 'ইয়ার বুক ২০১৮'।

এক নজরে দেখে নিন কী কী থাকছে স্পেশাল সংখ্যায়

(১) রাজ্য, দেশ ও বিদেশের খবর (২) পুরস্কার ও সম্মান, (৩) সম্মেলন, (৪) WHO'S WHO, (৫) অ্যাপস ও পোর্টাল, (৬) ইনডেক্স, (৭) বই ও লেখক, (৮) সামরিক মহড়া, (৯) ব্র্যান্ড অ্যাম্বাসাডর, (১০) নিয়োগ ও প্রয়াণ, (১১) ইকোনমিক সার্ভে, (১২) রাজ্য ও কেন্দ্রীয় প্রকল্প, (১৩) বাজেট, (১৪) প্রতিরক্ষা, (১৫) বিজ্ঞান ও প্রযুক্তি, (১৬) গুরুত্বপূর্ণ দিবস, (১৭) কমিটি ও কমিশন। এছাড়াও সারা বছরের আরও অনেক তথ্যসম্ভার থাকবে। তাই শেষ হবার আগেই আপনার নিকটবর্তী বুক স্টলকে আজই বলে রাখুন।

# লোয়ার ডিভিশন ক্লার্ক এবং অ্যাসিস্ট্যান্ট পদে আর্মিতে ৮১৮ জন নিয়োগ

আর্মির সাদার্ন কমান্ড-এর অর্ডিন্যান্স ইউনিটে লোয়ার ডিভিশন ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট এবং ট্রেডসম্যান মেট-সহ মোট ২৪টি পোস্টে ৮১৮ জন প্রার্থী নিয়োগ করা হবে। প্রতিটি পোস্টই গ্রুপ-সি সিভিলিয়ান পোস্ট।

**আবেদনের শেষ তারিখ : ৫ জানুয়ারি, ২০১৮**
**যোগ্যতা : মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক**

▶ **শূন্যপদ :** *(১) মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট*– মোট ১১টি (জেনারেল ৫, এসসি ১, এসটি ২ এবং ওবিসি ৩)। *(২) লোয়ার ডিভিশন ক্লার্ক* – মোট ১১০টি (জেনারেল ৬৫, এসসি ৯, এসটি ১১ এবং ওবিসি ২৫)। *(৩) ফায়ারম্যান* – মোট ৬১টি (জেনারেল ৩৪, এসসি ৭, এসটি ৪ এবং ওবিসি ১৬)। *(৪) কুক* – মোট ৫টি (জেনারেল ৪ এবং ওবিসি ১)। *(৫) স্টেনো গ্রেড-২* – মোট ২টি (জেনারেল)। *(৬) ট্রেডসম্যান মেট* – মোট ৫৬১টি (জেনারেল ৩০৪, এসসি ৪২, এসটি ৩৯ এবং ওবিসি ১৭৬)। *(৭) সাফাইওয়ালা* – মোট ২৬টি (জেনারেল ১৬, এসটি ২ এবং ওবিসি ৮)। *(৮) মেসেঞ্জার* – মোট ১৪টি (জেনারেল ৮ এবং ওবিসি ৬)। *(৯) ওয়াশারম্যান*– মোট ২টি (জেনারেল)। *(১০) গার্ডেনার* – মোট ১টি (জেনারেল)। *(১১) ফিমেল সার্চার* – মোট ৪টি (জেনারেল ২ এবং ওবিসি ২)। *(১২) আর্মার* – মোট ২টি (জেনারেল)। *(১৩) টেলি অপারেটর* – মোট ২টি (জেনারেল)। *(১৪) সিএমডি*– মোট ২টি (জেনারেল)। *(১৫) স্যাডলার* – মোট ১টি (জেনারেল)। *(১৬) ফিটার*– মোট ১টি (জেনারেল)। *(১৭) ভেন্ডার* – মোট ৩টি (জেনারেল)। *(১৮) বার্বার* – মোট ১টি (জেনারেল)। *(১৯) টিন অ্যান্ড কপারস্মিথ* – মোট ১টি (জেনারেল)। *(২০) ভেহিক্যাল মেকানিক* – মোট ১টি (ওবিসি)। *(২১) টেলর* – মোট ১টি (জেনারেল)। *(২২) পেন্টার অ্যান্ড ডেকোরেটর* – মোট ১টি (জেনারেল)। *(২৩) কার্পেন্টার অ্যান্ড জয়েনার*– মোট ৩টি (জেনারেল)। *(২৪) ইলেকট্রিশিয়ান* – মোট ২টি (জেনারেল)।

▶ **বয়স :** ৬ জানুয়ারি, ২০১৮ অনুযায়ী ১৮-২৫ বছর। মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট এবং সিএমডি পদের ক্ষেত্রে ১৮-২৭ বছর। এসসি/এসটি, ওবিসি, প্রতিবন্ধী, প্রতিবন্ধী ওবিসি এবং প্রতিবন্ধী এসসি/এসটি প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫, ৩, ১০, ১৩ এবং ১৫ বছর ছাড় পাবেন।

এরপর ১৫ পাতায়

## নর্দার্ন রেলে ৩১৬২ অ্যাপ্রেন্টিস

নর্দার্ন রেলওয়েতে ৩১৬২ অ্যাপ্রেন্টিস নেওয়া হবে। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুযায়ী নর্দার্ন রেলওয়ের বিভিন্ন ডিভিশন, ইউনিট এবং ওয়ার্কশপে এই ট্রেনিং দেওয়া হবে। অ্যাপ্রেন্টিস নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর RRC/NR/03/2017/ Apprentice Act। রেলওয়ে অ্যাপ্রেন্টিস ট্রেনিং নেওয়ার অর্থ এই নয় যে, প্রার্থীদের ট্রেনিং শেষ হওয়ার পর রেলে নিয়োগ করা হবে।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ (অতিরিক্ত বিষয় ছাড়া) মাধ্যমিক পাশ এবং এনসিভিটি অনুমোদিত আইটিআই পাশ (যে ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করবেন সেই ট্রেডে হতে হবে)।

এরপর ১৫ পাতায়

## পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারে কয়েকশ জুনিয়র ইঞ্জিনিয়ার ও অফিসার

### জুনিয়র ইঞ্জিনিয়ার

পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সিভিল, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল শাখায় কয়েকশ জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্সে নির্বাচিত প্রার্থীদের পোস্টিং করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৫/২০১৭।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** পশ্চিমবঙ্গের স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন বা সমতুল ট্রেডে সিভিল/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। বাংলায় কথা বলতে পারা, লেখা এবং পড়তে পারা একটি আবশ্যিক শর্ত। তবে, যাঁদের মাতৃভাষা নেপালি তাঁদের ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়।

▶ **বয়স :** ১ জানুয়ারি, ২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৩৬ বছর। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ ২ জানুয়ারি, ১৯৮১ সালের আগে হওয়া চলবে না।

এরপর ১৫ পাতায়

### অফিসার

পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সিনিয়র সায়েন্টিফিক অফিসার (ব্যালিস্টিক ডিভিশন) নিয়োগ করা হবে। রাজ্য সরকারের ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরিতে নির্বাচিত প্রার্থীদের পোস্টিং করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৬/২০১৭।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ফিজিক্স/ম্যাথমেটিক্সে দ্বিতীয় শ্রেণীর মাস্টার ডিগ্রি এবং অ্যানালিটিক্যাল মেথড ও রিসার্চে

এরপর ১৫ পাতায়

## মুর্শিদাবাদের স্বাস্থ্য দপ্তরে ৯৭

মুর্শিদাবাদ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে ন্যাশনাল হেলথ মিশনের অধীনে বিভিন্ন পোস্টে ৯৭ জন নিয়োগ করা হবে। এই নিয়োগের মেমো নম্বর CM/MSD/DH&FWS/2017/ 9388। পোস্ট অনুযায়ী বিস্তারিত পরপর দেওয়া হল। *(১) মেডিকেল অফিসার*– ১ বছরের কম্পালসারি ইন্টার্নশিপসহ এমবিবিএস পাশ হওয়া চাই। শূন্যপদ ৩৮টি। বয়সসীমা অনূর্ধ্ব ৬৬ বছর। পারিশ্রমিক মাসিক ৪০,০০০ টাকা। *(২) ল্যাব টেকনিশিয়ান*– ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি/ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ এবং মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ হওয়া চাই। এমএস অফিস/ইন্টারনেট এবং কম্পিউটারে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ

এরপর ২ পাতায়

## ইউপিএসসি-র মাধ্যমে ২৩

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে গ্লাইডিং ইনস্ট্রাক্টর, সিভিল হাইড্রোগ্রাফিক অফিসার, স্পেশালিস্ট এবং সহকারি অধ্যাপক পদে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৩/২০১৭। পদ অনুযায়ী বিস্তারিত তথ্য পরপর দেওয়া হল— *(১) গ্লাইডিং ইনস্ট্রাক্টর*– শূন্যপদ

এরপর ২ পাতায়

## পূর্ব মেদিনীপুর জেলা আদালতে ক্লার্ক ও প্রসেস সার্ভার

পূর্ব মেদিনীপুর জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক এবং প্রসেস সার্ভার পদে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/Dec./2017। একজন প্রার্থী কেবলমাত্র ১টি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক

এরপর ২ পাতায়

## রাজ্যে ৫৭ পাবলিক হেলথ ম্যানেজার

পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি পাবলিক হেলথ ম্যানেজার পদে ৫৭ জন প্রার্থী নিয়োগ করবে। চুক্তির ভিত্তিতে এই নিয়োগ করা হচ্ছে। নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর SHFWB/2017/126। নির্বাচিত প্রার্থীদের পশ্চিমবঙ্গের যেকোনো পৌরসভায় নিয়োগ করা হতে পারে। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দারাই কেবলমাত্র আবেদন করতে পারবেন।

▶ **শূন্যপদ :** মোট ৫৭টি (জেনারেল ২৩, এসসি ১৫, এসটি ৫, ওবিসি-এ ৭, ওবিসি-বি ৪ এবং প্রতিবন্ধী ৩)।

এরপর ১৫ পাতায়

## এয়ার ফোর্সে কমিশন্ড অফিসার

ভারতীয় বায়ুসেনায় ফ্লাইং অ্যান্ড গ্রাউন্ড ডিউটি ব্রাঞ্চে কমিশন্ড অফিসার পদে নিয়োগের জন্য যোগ্য ভারতীয় পুরুষ ও মহিলা প্রার্থীদের থেকে আবেদনপত্র নেওয়া হচ্ছে। AIR FORCE COMMON ADMISSION ONLINE TEST (AFCAT) 01/2018/ NCC SPECIAL ENTRY/ METEOROLOGY ENTRY এর মাধ্যমে প্রার্থী বাছাই হবে। কোর্স শুরু হবে ২০১৯ সালের জানুয়ারি মাসে।

▶ **বয়স :** *(১) ফ্লাইং ব্রাঞ্চ*– ১ জানুয়ারি, ২০১৯ অনুযায়ী ২০-২৪ বছর। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হওয়া চাই ২ জানুয়ারি, ১৯৯৫ থেকে ১ জানুয়ারি, ১৯৯৯ সালের মধ্যে।

এরপর ২ পাতায়

## ৬ ডিস্ট্রিক্ট এন্টোমোলজিস্ট

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ডিস্ট্রিক্ট এন্টোমোলজিস্ট পদে ৬ জন প্রার্থী নিয়োগ করবে। রাজ্যের বিভিন্ন জেলায় নির্বাচিত প্রার্থীদের পোস্টিং করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর HF/0/PHP/1E-06/2016 (Part)/901।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** এন্টোমোলজি একটি পেপারসহ জুলজিতে পোস্ট গ্র্যাজুয়েট। পাবলিক হেলথে ৬ মাসের অভিজ্ঞতা থাকা দরকার।

▶ **বয়স :** ১ জানুয়ারি, ২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৪০ বছর।

▶ **শূন্যপদ :** ৬টি (এসটি ২, ওবিসি-এ ২ এবং প্রতিবন্ধী ২)।

▶ **নির্বাচন পদ্ধতি :** মোট ১০০ নম্বরের

এরপর ১৫ পাতায়

## WBCS পরীক্ষার্থীদের জন্য সুখবর

**WBCS Guide Book (Preliminary)**

**GSCE Publications** থেকে প্রকাশিত GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা সম্পাদিত 100 শতাংশ কমনযোগ্য বাংলায় WBCS Guide Book প্রকাশিত হয়েছে। ছাত্রছাত্রীদের কাছে অপরিহার্য এই বইটি পশ্চিমবঙ্গের সমস্ত বুক স্টলে পাওয়া যাচ্ছে। ফুরিয়ে যাওয়ার আগে নিজের কপিটি পাওয়ার জন্য এখনই নিকটবর্তী বুক স্টলে অর্ডার দিন। ডিস্ট্রিবিউটর ও পুস্তক বিক্রেতাগণ বইটি সংগ্রহের জন্য যোগাযোগ করুন : **9735608728 / 9874273000**




ISBN : '978-81-934043-3-1'

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করতে পারেন।

**মোবাইল : 9830277179 / 9830277563**

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



## ইউপিএসসি-র মাধ্যমে ২৩

১ পাতার পর

২টি। ফিজিক্স ও ম্যাথমেটিক্সসহ উচ্চমাধ্যমিক এবং পাইলট হিসাবে ২০০ ঘণ্টার অভিজ্ঞতা থাকা চাই। বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। ৫৩,১০০ টাকা থেকে ১,৬৭,৮০০ টাকা বেতনক্রম রয়েছে। *(২) সিভিল হাইড্রোগ্রাফিক অফিসার*– ২টি শূন্যপদ। ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ম্যাথমেটিক্স/জিওগ্রাফি/ জিওফিজিক্সে মাস্টার ডিগ্রি অথবা হাইড্রো গ্রাফিক্স সার্ভেয়িং-এ ফাইনাল পরীক্ষায় পাশ হওয়া চাই। সার্ভেয়িং অফিসার হিসাবে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। ৯,৩০০ টাকা থেকে ৩৪,৮০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৩) স্পেশালিস্ট গ্রেড-২ (টিউবারকিউলোসিস)* – ২টি শূন্যপদ। এমবিবিএস পাশ হওয়া চাই। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর। ১৫,৬০০ টাকা থেকে ৩৯,১০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৪) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং)*– ১টি শূন্যপদ। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণীর মাস্টার ডিগ্রি পাশ হওয়া চাই। বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। ১৫,৬০০ টাকা থেকে ৩৯,১০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৫) প্রফেসর (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)*– ৩টি শূন্যপদ। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর/ মাস্টার্স এবং পিএইচডি থাকা চাই। ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সের উর্ধ্বসীমা ৫০ বছর। ৩৭,০০০ টাকা থেকে ৬৭,০০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৬) অ্যাসোসিয়েট প্রফেসর (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)*– ১টি শূন্যপদ। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর/মাস্টার্স এবং পিএইচডি থাকা চাই। ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সের উর্ধ্বসীমা ৪৫ বছর। ৩৭,৪০০ টাকা থেকে ৬৭,০০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৭) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)*– ৫টি শূন্যপদ। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর/ মাস্টার্স এবং পিএইচডি থাকা চাই। বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। ১৫,৬০০ টাকা থেকে ৩৯,১০০ টাকা বেতনক্রম রয়েছে। *(৮) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইসিই)* – ৭টি শূন্যপদ রয়েছে। ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণীর নম্বরসহ ব্যাচেলর/ মাস্টার্স এবং পিএইচডি থাকা চাই। বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। ১৫,৬০০ টাকা থেকে ৩৯,১০০ টাকা বেতনক্রম রয়েছে।

▶ **আবেদন ফি :** ২৫ টাকা। এসসি/এসটি, প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না।

▶ **আবেদন পদ্ধতি :** http:// www.upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। অনলাইন আবেদনপত্র প্রিন্ট নেওয়ার শেষ তারিখ ২৯ ডিসেম্বর, ২০১৭। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং আরও বিস্তারিত তথ্যের জন্য www.upsc.gov.in ওয়েবসাইটটি দেখুন।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত


## 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Copy Writer :** Santu Samanta
- **Content Developer :** Somanwita Ghosh & Subhendu Kundu
- **Proof Reader :** Abhijit Bhattacharya
- **Circulation Advisor :** M. Hossain
- **Circulation Executive :** Subrata Bhattacharya
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Compositor & Designer :** Subrata Banerjee
- **Published from :** 31A, S.P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** AKHBAR-E-MASHRIQ, 10/3, Talbagan Lane, Kolkata-700017
- **Phone :** 033 40077923
- **E-mail :** shikshachakriokhela.mkt@gmail.com
- **Website :** www.gsceindia.org


## পূর্ব মেদিনীপুর জেলা আদালতে ক্লার্ক ও প্রসেস সার্ভার

১ পাতার পর

আবেদন করবেন না।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** *লোয়ার ডিভিশন ক্লার্ক*– মাধ্যমিক পাশ তৎসহ স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিং নেওয়ার সার্টিফিকেট এবং কম্পিউটার অপারেশনে সন্তোষজনক স্পিড থাকা চাই। ইংরেজি টাইপিংয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার পাবেন। *প্রসেস সার্ভার*– মাধ্যমিক পাশ।

▶ **বয়স :** ১ ডিসেম্বর, ২০১৭ অনুযায়ী ১৮-৪০ বছর। পশ্চিমবঙ্গের এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫ ও ৩ বছর ছাড় পাবেন। ৪০ শতাংশ এবং তার ওপরের প্রতিবন্ধী প্রার্থীরা ৪৫ বছর পর্যন্ত বয়স থাকলে আবেদনযোগ্য।

▶ **শূন্যপদ :** লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ২টি (ওবিসি-বি ১ এবং জেনারেল ইসি ১)। প্রসেস সার্ভার পদে ১টি (এসটি)।

▶ **বেতনক্রম :** ৫,৪০০ টাকা থেকে ২৫,২০০ টাকা। লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে গ্রেড-পে ২,৬০০ টাকা। প্রসেস সার্ভার পদের ক্ষেত্রে গ্রেড-পে ২,৩০০ টাকা।

▶ **পরীক্ষা পদ্ধতি :** *লোয়ার ডিভিশন ক্লার্ক*– লিখিত পরীক্ষা এবং পার্সোনালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই হবে। অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষায় ইংরেজি, অঙ্ক, জিকে, কারেন্ট অ্যাফেয়ার্স এবং জেনারেল স্টাডিজ থেকে প্রশ্ন থাকবে। সাবজেক্টিভ পেপারে ইংরেজি ও বাংলার ওপর বঙ্গানুবাদ, গ্রামার ও কম্পোজিশন থাকবে। অবজেক্টিভ ও সাবজেক্টিভ মিলিয়ে মোট ১০০ নম্বর থাকবে। সময় থাকবে ২ ঘণ্টা ৩০ মিনিট। পার্সোনালিটি টেস্ট এবং কম্পিউটার অপারেশনে ১০ নম্বর থাকবে। লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং পার্সোনালিটি টেস্টে পাওয়া মোট নম্বরের ভিত্তিতে ফাইনাল মেরিট লিস্ট তৈরি হবে। *প্রসেস সার্ভার*– প্রসেস সার্ভার পদের নিয়োগ পদ্ধতি লোয়ার ডিভিশন ক্লার্কের মতোই। তবে এক্ষেত্রে কম্পিউটার টেস্ট নেওয়া হবে না।

▶ **আবেদন ফি :** জেনারেল এবং ওবিসি প্রার্থীদের ২০০ টাকা, এসসি প্রার্থীদের ৫০ টাকা ও এসটি প্রার্থীদের ২৫ টাকা। ইন্ডিয়ান পোস্টাল অর্ডারের (In favour of the District Judge, Purba Medinipur payable at Tamluk Head Post Office) মাধ্যমে আবেদন ফি দিতে হবে।

▶ **আবেদন পদ্ধতি :** নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে যোগ্যতার প্রত্যয়িত ফটোকপি, ইন্ডিয়ান পোস্টাল অর্ডার এবং নিজের নাম ঠিকানা লেখা এবং ৫ টাকার ডাক টিকিট সাঁটা ২৫/১১ সেমি মাপের একটি খাম দেবেন। আবেদনপত্র 'Receiving Section, Office of the District Judge (Nazarath Department), Purba Medinipur এই ঠিকানায় ৬ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে যেকোনো কাজের দিন সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে হাতে হাতে জমা করতে পারেন অথবা ৬ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে স্পিড পোস্ট/রেজিস্টার্ড পোস্ট বা সাধারণ ডাকের মাধ্যমে নিম্নলিখিত ঠিকানায় পৌঁছানো চাই। ঠিকানা– 'The Chairman, District Recruitment Committee, District Judgeship, Purba Medinipur, P.O. & P.S.-Tamluk, District Purba Medinipur, PIN-721636'।

## এয়ার ফোর্সে কমিশন্ড অফিসার

১ পাতার পর

*(২) গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল/ নন-টেকনিক্যাল) ব্রাঞ্চ*– ১ জানুয়ারি, ২০১৯ অনুযায়ী ২০-২৬ বছর। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হওয়া চাই ২ জানুয়ারি, ১৯৯৩ থেকে ১ জানুয়ারি, ১৯৯৯ সালের মধ্যে।

▶ **অন্যান্য তথ্য :** (১) এএফক্যাট এন্ট্রি/এনসিসি স্পেশাল এন্ট্রি/ এনইটি এন্ট্রি – এরকম আলাদা আলাদা টাব থাকছে। যেসমস্ত প্রার্থী একাধিক এন্ট্রির জন্য যোগ্য তাঁদের আলাদা আলাদাভাবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। (২) যে সমস্ত প্রার্থীর বয়স ২৫ বছরের কম তাঁদের কোর্স শুরু হওয়ার সময় অবশ্যই অবিবাহিত হতে হবে। ২৫ বছরের নীচে বিধবা বা ডিভোর্সী অযোগ্য বলে বিবেচিত হবেন। (৩) ফ্লাইং অফিসার র‍্যাঙ্কের পে-মেট্রিক্স ৫৬,১০০ টাকা থেকে ১,১০,৭০০ টাকা। (৪) হায়দ্রাবাদের এয়ার ফোর্স অ্যাকাডেমি ডোন্ডিগালে ট্রেনিং শুরু হবে। গ্রাউন্ড ডিউটি টেকনিক্যাল এবং ফ্লাইং ব্রাঞ্চের ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে। গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল ব্রাঞ্চ ৫২ সপ্তাহের ট্রেনিং হবে। (৫) ১০ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১০টি পুশ-আপ এবং ৩টি চিন-আপ দেওয়ার অভ্যাস করে রাখুন। এএফএসবি টেস্টের সময় এই শারীরিক সুস্থতার পরীক্ষা নেওয়া হবে। শারীরিক মান, শিক্ষাগত যোগ্যতা এবং নির্বাচন পদ্ধতির বিস্তারিত অনলাইনে আবেদন করার ওয়েবসাইটে পাবেন।

▶ **আবেদন পদ্ধতি :** https://careerindianairforce.cdac.in or https://afcat.cdac.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ১৪ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

## মুর্শিদাবাদের স্বাস্থ্য দপ্তরে ৯৭

১ পাতার পর

৮টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ৯,৩৮০ টাকা। *(৩) সিনিয়র মেডিকেল অফিসার*– কম্পালসারি রোটেটরি ইন্টার্নশিপসহ এমবিবিএস পাশ হওয়া চাই। কম্পিউটারে জ্ঞান এবং এমডি হলে ভালো হয়। শূন্যপদ ১টি। বয়সসীমা অনূর্ধ্ব ৬২ বছর। পারিশ্রমিক মাসিক ৪০,০০০ টাকা। *(৪) ল্যাব টেকনিশিয়ান (আরএনটিসিপি)*– ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক এবং মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ হওয়া চাই। শূন্যপদ ৩টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৭,২২০ টাকা। *(৫) কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজার*– বায়োলজিসহ সায়েন্স গ্র্যাজুয়েট হতে হবে। ২ চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা চাই। শূন্যপদ ৪টি। বয়সসীমা ৫০-৬৫ বছর। পারিশ্রমিক মাসিক ১৭,৭২০ টাকা। *(৬) ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজার*– বায়োসায়েন্স গ্র্যাজুয়েট হতে হবে। ২ চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা চাই। শূন্যপদ ৩টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৭,৭২০ টাকা। *(৭) ফেসিলিটি লেভেল কোয়ালিটি ম্যানেজার*– হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনে মাস্টার্সসহ লাইফ সায়েন্সে গ্র্যাজুয়েট/এমবিবিএস/আয়ুশ/ডেন্টাল/নার্সিং পাশ এবং পাবলিক হেলথে ১ বছরের অভিজ্ঞতা থাকা চাই। ইংরেজিতে কথা বলায় চটপটে এবং কম্পিউটার জ্ঞানসহ সরকারি পলিসি সম্পর্কে অবহিত হওয়া চাই। শূন্যপদ ১টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ৩৫,০০০ টাকা। *(৮) অ্যাটেন্ডেন্ট*– উচ্চমাধ্যমিক পাশ হওয়া চাই। মহিলা প্রার্থীরাই আবেদনযোগ্য। শূন্যপদ ৫টি। বয়সসীমা ২০-৪০ বছর। পারিশ্রমিক মাসিক ৩,৫০০ টাকা। *(৯) জিএনএম*– ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত জিএনএম কোর্স পাশ হওয়া চাই। থ্যালাসেমিয়া রোগী ও তার পরিবারের সাথে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ ২টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৬,৮৬০ টাকা। *(১০) ল্যাব টেকনিশিয়ান (এমএমসিএইচ)*– ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজিসহ উচ্চমাধ্যমিক এবং মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছরের ডিপ্লোমা পাশ হওয়া চাই। সেল কাউন্টার এবং এইচপিএলসি মেশিন অভিজ্ঞতা থাকা চাই। শূন্যপদ ২টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৬,৮৬০ টাকা। *(১১) জিএনএম (এনআরসি)* – ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত জিএনএম কোর্স পাশ হওয়া চাই। শূন্যপদ ৬টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৭,২২০ টাকা। *(১২) ইমিউনাইজেশন ভলেন্টিয়ার*– যেকোনো শাখায় স্নাতক এবং কম্পিউটার অ্যাপ্লিকেশনে ৬ মাসের ডিপ্লোমা/সার্টিফিকেট থাকা চাই। স্বাস্থ্যক্ষেত্রে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উইন্ডোজ এক্সপি/সেভেন এবং অফিস অটোমেশন এবং ইন্টারনেটে জ্ঞান থাকা চাই। ২ চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ ১০টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক প্রতিদিন ৫০০ টাকা। *(১৩) সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজার*– ৫০ শতাংশ নম্বরসহ স্নাতক অথবা স্যানিটারি ইন্সপেক্টর কোর্স পাশ হওয়া চাই। কম্পিউটার অপারেশনে ২ মাসের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। ২ চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ ১২টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৭,৭২০ টাকা। *(১৪) ডিস্ট্রিক্ট পিপিএম কো-অর্ডিনেটর* – ৫০ শতাংশ নম্বরসহ পোস্ট গ্র্যাজুয়েট এবং ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। ২ চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ ১টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৯,০০০ টাকা। *(১৫) স্ট্যাটিস্টিক্যাল অ্যাসিস্ট্যান্ট*– কম্পিউটার অপারেশনে ডিপ্লোমাসহ স্নাতক পাশ হওয়া চাই। ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দের টাইপিং স্পিড থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছর কাজের অভিজ্ঞতা এবং এমএস ওয়ার্ড, এক্সেল, সিম্পল স্ট্যাটিস্টিক্যাল প্যাকেজে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ ১টি। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর। পারিশ্রমিক মাসিক ১৯,০০০ টাকা।

▶ **আবেদন ফি :** সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের ৫০ টাকা এবং অন্যান্য প্রার্থীদের ১০০ টাকা।

▶ **আবেদন পদ্ধতি :** www.wbhealth.gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ২০ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন করা যাবে। অফলাইনে আবেদন ফি জমা করার শেষ তারিখ ২১ ডিসেম্বর, ২০১৭। ফাইনাল সাবমিটের শেষ তারিখ ২৪ ডিসেম্বর, ২০১৭।


# GSCE Publications

থেকে প্রকাশিত

*WBCS, PSC, SSC, WBSSC, স্কুল সার্ভিস, রেল, ব্যাঙ্ক ইত্যাদি রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য প্রতিটি চাকরিপ্রার্থীর কাছে অপরিহার্য ও নির্ভরযোগ্য এবং পাঠককুলের বিচারে বাংলার সেরা ও সর্বাধিক বিক্রিত মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স' এবং ইংরেজি মাসিক পত্রিকা 'ACHIEVERS In Focus' প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হয়।*







George Telegraph • Since 1920

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



পরীক্ষা প্রস্তুতি

# WBCS প্রিলিমিনারি, ২০১৮ (পূর্ণাঙ্গ প্র্যাকটিস সেট)

প্রিলিমিনারি পরীক্ষায় ইংরেজি, সাধারণ বিজ্ঞান, সাম্প্রতিক ঘটনাবলি, ভারতের ইতিহাস, পশ্চিমবঙ্গ ও ভারতের ভূগোল, ভারতের সংবিধান ও অর্থনীতি, ভারতের জাতীয়তাবাদী আন্দোলন এবং সাধারণ মানসিক দক্ষতা — এই ৮টি বিষয়ের প্রত্যেকটিতে ২৫ নম্বর করে মোট ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ২ ঘণ্টা ৩০ মিনিট। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৮ জানুয়ারি, ২০১৮। এটি নবম পর্ব।

1. Choose the correct meaning of the word from the alternatives given below:
Tour de force.
(A) Masterpiece (B) Grand Tour
(C) Long Tour (D) Art and Culture

2. Choose the correct meaning of the word from the alternatives given below :
Insipid
(A) Foolish (B) Exciting (C) Dull (D) Sensible

3. Fill in the blank with correct phrasal verb from the options provided below:
They decided to _____ his number in the yellow pages.
(A) look into (B) look at
(C) look up (D) look onto

4. Select the correct synonym of the following word from the alternatives provided :
Lucid
(A) Opaque (B) Solid (C) Clear (D) Hazy

5. Select the correct meaning of the underlined idiom from the alternatives provided:
I gave him a piece of my mind.
(A) Expressed love (B) Fell in love
(C) Expressed anguish (D) Trusted him

6. Select the correct meaning of the underlined idiom from the alternatives provided:
He has the gift of the gab.
(A) A talent for speaking (B) A good voice
(C) A logical bent of mind (D) Talking nonsense

7. Fill in the blank:
The last _____ will be performed by members of the family only.
(A) wright (B) right (C) rite (D) write

8. Complete the sentence by choosing the correct meaning from the options provided :
A person of outgoing nature is known as a/an___.
(A) Stoic (B) Extrovert
(C) Megalomaniac (D) Philanthropist

9. Select the correct meaning of the underlined idiom from the alternatives provided:
She is a little under the weather today.
(A) Feeling unwell
(B) In sync with the weather
(C) Feeling excited (D) Feeling sad

10. Complete the sentence by choosing the correct meaning from the options provided:
A person suffering from an uncontrollable desire to steal is known as a/an _____.
(A) Kleptomaniac (B) Necromaniac
(C) Necrophobic (D) Introvert

11. Select the correct synonym of the following word from the alternatives provided:
Inadvertent
(A) Adversity (B) Intentional
(C) Unintentional (D) Advanced

12. Choose the correct meaning of the word from the alternatives given below :
Incognito
(A) Candid (B) Impromptu
(C) Opposed (D) Disguised

13. Select the correct synonym of the following word from the alternatives provided :
Embezzle
(A) Steal (B) Steel (C) Honesty (D) Dazzle

14. Fill in the blank :
He would always _____ the police.
(A) elude (B) illude (C) allude (D) delude

15. Insert the correct phrasal verb from the options provided to make meaningful sentence:
I will _____ to my job until May.
(A) hold up (B) hold on (C) hold in (D) hold

16. Fill in the blank:
You should _____ her case as a precedent.
(A) site (B) cite (C) sight (D) side

17. Fill in the blank with correct phrasal verb from the options provided below :
The boss simply could not _____ his inefficiency any more.
(A) put off (B) put up with
(C) put down (D) put across

18. Fill in the blank with the correct preposition :
He is _____ the phone right now.
(A) at (B) in (C) on (D) to

19. Choose the word opposite in meaning to the one underlined below:
His point was lost amid the cacophony.
(A) Music (B) Discordance
(C) Silence (D) Crowd

20. Choose the word opposite in meaning to the one underlined below:
The possibility of failure was imminent.
(A) Remote (B) Inherent
(C) Immediate (D) Perenial

21. Fill in the blank with the correct preposition :
He held his breath _____ several minutes.
(A) on (B) of (C) for (D) from

22. Choose the word opposite in meaning to the one underlined below :
There is abundant scope for improvement.
(A) Ample (B) Scarce (C) Copious (D) Eternal

23. The word 'Pride' is also used to describe a group of :
(A) Tigers (B) Elephants (C) Lions (D) Hyenas

24. 'Cricket' is also a kind of a/an–
(A) Bird (B) Insect (C) Food (D) Flower

25. A 'Page' also means :
(A) A sweet dish (B) A chauffeur
(C) A book (D) A servant

26. বাহমনি রাজবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) আলাউদ্দিন হাসান বাহমান শাহ (B) প্রথম মহম্মদ শাহ
(C) ফিরোজ শাহ (D) আহম্মদ শাহ

27. ভারতে পঞ্চায়েত ব্যবস্থা প্রবর্তিত হয়—
(A) 73তম সংবিধান সংশোধন দ্বারা
(B) 72তম সংবিধান সংশোধন দ্বারা
(C) 70তম সংবিধান সংশোধন দ্বারা
(D) 68তম সংবিধান সংশোধন দ্বারা

28. নিম্নলিখিত কোন্ সংবাদপত্রটি মহারাষ্ট্র থেকে প্রকাশিত?
(A) ক্রান্তি (B) আত্মশক্তি (C) সারথি (D) সন্ধ্যা

29. 320-এর 60%-এর দুই পঞ্চমাংশ কত?
(A) 76.6 (B) 38.4 (C) 76.8 (D) 37.4

30. কোন্ বছর দ্বিতীয় পানিপথের যুদ্ধ ঘটেছিল?
(A) 1605 খ্রিস্টাব্দে (B) 1707 খ্রিস্টাব্দে
(C) 1757 খ্রিস্টাব্দে (D) 1556 খ্রিস্টাব্দে

31. যদি কর্মক্ষেত্র থেকে একজন শ্রমিককে সরিয়ে দেওয়ার পরে উৎপাদনের কোনো হ্রাস না ঘটে, এই অবস্থাকে বলা যায়—
(A) অনুসন্ধানগত বেকারত্ব (B) স্বেচ্ছাকৃত বেকারত্ব
(C) ছদ্ম বেকারত্ব (D) সংঘাতমূলক বেকারত্ব

32. লর্ড আরউইনের পরে কে ভারতের ভাইসরয় হন?
(A) লর্ড ওয়াভেল (B) লর্ড রিডিং
(C) লর্ড উইলিংডন (D) লর্ড লিনলিথগো

33. 'কাউন্সিল অফ্ বারভাইস' কে সংগঠিত করেন?
(A) নানা ফড়নবিশ (B) মাধবরাও নারায়ণ
(C) দ্বিতীয় বাজিরাও (D) মহাদজী সিন্ধিয়া

34. ঋজু এবং ঋতুর বয়সের পার্থক্য 12 বৎসর। তাদের বয়সের অনুপাত 3 : 5। ঋতুর বয়স কত?
(A) 32 বৎসর (B) 24 বৎসর
(C) 28 বৎসর (D) 30 বৎসর

35. ভারতের কৃষিক্ষেত্রের অধিক অংশে এই বৈশিষ্ট্য দেখা যায়—
(A) বৃহদায়তন কৃষিজোত (B) ধনতান্ত্রিক কৃষি
(C) ক্ষুদ্রায়তন কৃষিজোত (D) সমবায় কৃষিজোত

36. ভারতে পর্তুগীজ শক্তির কেন্দ্র ছিল—
(A) কোচিন (B) কালিকট (C) বিজাপুর (D) গোয়া

37. দাদাভাই নওরোজী কর্তৃক প্রণোদিত সম্পদ নির্গমন তত্ত্বকে বিস্তারিত করেছিলেন কে?
(A) মহাদেব গোবিন্দ রানাডে (B) বাল গঙ্গাধর তিলক
(C) গোপাল কৃষ্ণ গোখলে (D) ফিরোজ শাহ মেহতা

38. 5টি সংখ্যার গড় 50। যদি প্রত্যেকটি সংখ্যাকে 2 দিয়ে গুণ করা হয় তবে গড় কত হবে?
(A) 52 (B) 48 (C) 100 (D) 25

39. সুফিবাদ ভারতে প্রবেশ করে—
(A) একাদশ শতকে (B) দ্বাদশ শতকে
(C) চতুর্দশ শতকে (D) ত্রয়োদশ শতকে

40. ভূমিসংস্কার মূলত এদের অর্থনৈতিক উন্নতিসাধন করেছে—
(A) কৃষিশ্রমিক (B) বর্গাদার শ্রেণি
(C) ক্ষুদ্র চাষী (D) সমবায় চাষী

41. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ভারতে ইংরাজী শিক্ষার 'ম্যাগনা কার্টা' রূপে পরিচিত?
(A) চার্টার অ্যাক্ট, 1813
(B) ইন্ডিয়ান এডুকেশন কমিশনের প্রতিবেদন, 1882
(C) ইন্ডিয়ান ইউনিভার্সিটিস অ্যাক্ট, 1904
(D) এডুকেশনাল ডেসপ্যাচ, 1854

42. একটি নৌকা স্রোতের অনুকূলে 35 কিমি/ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে 17 কিমি/ঘণ্টা বেগে চলতে পারে। স্রোতের গতিবেগ বের করুন।
(A) 4 কিমি/ঘণ্টা (B) 9 কিমি/ঘণ্টা
(C) 6 কিমি/ঘণ্টা (D) 7 কিমি/ঘণ্টা

43. 1857 সালের মহাবিদ্রোহের সময় ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?
(A) ক্যানিং (B) ডালহৌসি (C) এলগিন (D) রিপন

44. যদি দুটি স্বাভাবিক সংখ্যার বর্গের বিয়োগফল 19 হয়, তবে তাদের বর্গের যোগফল কত?
(A) 220 (B) 169 (C) 189 (D) 181

45. টারসিয়ারি সেক্টরের কার্যক্ষেত্রের মধ্যে এইটি পড়ে—
(A) কুটির শিল্প (B) খনি সংক্রান্ত কাজ
(C) নির্মাণ সংক্রান্ত শিল্প (D) পরিসেবা সংক্রান্ত কার্য

46. এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) ডেভিড হেয়ার (B) আলেকজান্ডার ডাফ
(C) এইচ ভি ডিরোজিও (D) উইলিয়াম জোনস্

47. 'এইট্টিন ফিফ্টি সেভেন' বইটির রচয়িতা কে?
(A) এস এন সেন (B) আর সি মজুমদার
(C) সৈয়দ আহমদ খান (D) আর সি তালুকদার

48. 42 cm ব্যাসার্ধের একটি গোলাকার তারকে একটি আয়তক্ষেত্রে পরিণত করা হল, যার বাহুর অনুপাত 6 : 5। আয়তক্ষেত্রটির ছোট বাহুর মাপ বের করুন।
(A) 120 cm (B) 144 cm (C) 177 cm (D) 110 cm

49. পরিকল্পনার অর্থসংস্থানে টাকার জোগান বৃদ্ধি পায় যদি —
(A) কর রাজস্ব বৃদ্ধি পায়
(B) রিজার্ভ ব্যাঙ্ক থেকে ঋণের জোগান বৃদ্ধি পায়
(C) বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে প্রাপ্ত ঋণ বৃদ্ধি পায়
(D) জনসাধারণের কাছ থেকে প্রাপ্ত ঋণ বৃদ্ধি পায়

50. 'ইন্ডিকা'-র প্রণেতা কে?
(A) হেরোডোটাস (B) মেগাস্থিনিস (C) স্ট্রাবো (D) প্লুটার্ক

51. সীমন্তিকা দুটি রেডিও প্রতিটি 2000 টাকা দরে বিক্রয় করল। একটিতে সে 16% লাভ এবং অন্যটিতে 16% ক্ষতি করল। তাহলে সামগ্রিকভাবে তার শতকরা কত লাভ বা ক্ষতি হল?
(A) 5.28% (B) 2.56% (C) 4.68% (D) 8.01%

52. মুদ্রাস্ফীতিজনিত মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের জন্য রিজার্ভ ব্যাঙ্ক বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে এই নির্দেশ দেয়—
(A) ঋণের উপর সুদের হার কমানো
(B) স্টাটুইটারি লিকুইডিটি রেশিও (এসএলআর) কমানো
(C) ক্যাশ রিজার্ভ রেশিও (সি. আর. আর.) বৃদ্ধি
(D) মূলধনের বাজার থেকে বন্ড কেনা

53. নিম্নলিখিত সম্প্রদায়গুলির মধ্যে কারা ইলবার্ট বিলের তীব্র বিরোধিতা করেছিল?
(A) হিন্দুরা (B) মুসলমানরা
(C) ইঙ্গ-ভারতীয় সম্প্রদায় (D) এদের সকলেই

54. প্রথম ভারতীয় সংবাদ সংস্থা ছিল—
(A) ইন্ডিয়ান রিভিউ (B) ফ্রি প্রেস অফ ইন্ডিয়া
(C) হিন্দুস্থান রিভিউ (D) অ্যাসোসিয়েটেড প্রেস অফ ইন্ডিয়া

55. কোনো একটি সংখ্যার 78% এবং 59%-এর মধ্যেকার পার্থক্য 323। ঐ সংখ্যার 62% কত?
(A) 1054 (B) 1178 (C) 1159 (D) 1037

56. ভুল বিবৃতিটি চিহ্নিত করুন :
ভারত আর্থিক কাঠামো সংস্কারের জন্য এই ব্যবস্থা নেয়—
(A) আমদানি নিয়ন্ত্রণ বাড়ানো (B) আমদানি ক্ষেত্রে উদারীকরণ
(C) দেশীয় বাজার বৈদেশিক বাণিজ্যের জন্য খুলে দেওয়া
(D) বৈদেশিক মুদ্রা বিনিময় হারে অবমূল্যায়ন

57. জাহাঙ্গীরের সৌধ কোথায় অবস্থিত?
(A) আগ্রা (B) দিল্লি (C) লাহোর (D) শ্রীনগর

58. কোনো একটি শহরের জনসংখ্যা 15% প্রতি বৎসরে বৃদ্ধিপ্রাপ্ত হয়। যদি 2009-এর শেষে জনসংখ্যা 4000 হয় তবে 2011-এর শেষে জনসংখ্যা কত ছিল?
(A) 5390 (B) 4780 (C) 5290 (D) 8256

59. প্রভূত পরিমাণ কালো টাকা এই অবস্থা সৃষ্টি করে—
(A) আয় বৈষম্য বাড়ানো (B) উৎপাদনের মান হ্রাস
(C) সকলের জন্য উচ্চতর জীবনধারণের মান
(D) (B) এবং (C) উভয়ই

60. দিল্লি সুলতানির প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) মহম্মদ ঘোরী (B) কুতুবুদ্দিন আইবক
(C) ইলতুৎমিস (D) গিয়াসুদ্দিন বলবন

61. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি লিবারেলদের মুখপাত্র ছিল?
(A) নিউ ইন্ডিয়া (B) লিডার
(C) ইয়ং ইন্ডিয়া (D) ফ্রি প্রেস জার্নাল

62. 0.88 মি.$^3$ লোহা থেকে 14 মি. দৈর্ঘ্য এবং 4 সেমি. ব্যাস বিশিষ্ট কতগুলি দণ্ড পাওয়া যাবে?
(A) 45 টি (B) 50 টি (C) 65 টি (D) 80 টি

63. তক্ষশীলা বিখ্যাত ছিল কোন্ ক্ষেত্র হিসাবে?
(A) আদি আর্য যুগ (B) গান্ধার শিল্প
(C) গুপ্ত শিল্প (D) মৌর্য শিল্প

64. ডব্লুটিও (WTO) ভারত সহ উন্নয়নশীল দেশগুলিকে এই নির্দেশ দেয়—
(A) রপ্তানি ভর্তুকি দেওয়া
(B) বৈদেশিক মুদ্রা বিনিময় হারের নিয়ন্ত্রণ
(C) বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে উদারীকরণ ও সহায়তার নীতি
(D) উপরের কোনোটিই নয়

65. নেহরু রিপোর্ট কমিটিতে (1928) লিবারেল ফেডারেশনের প্রতিনিধিত্ব করেন—
(A) এম আর জয়াকর (B) তেজ বাহাদুর সাপ্রু
(C) ভি এস শ্রীনিবাস শাস্ত্রী (D) এম এস আনি

66. সংখ্যা সারণীটিতে লুপ্ত সংখ্যাটি কত?
8, 15, 28, 53, ?, 199
(A) 104 (B) 103 (C) 102 (D) 101

67. যে মারাঠা নেতা মারাঠাদিগের সামনে হিন্দু সাম্রাজ্য প্রতিষ্ঠার আদর্শ তুলে ধরেছিলেন তাঁর নাম—
(A) শিবাজী (B) বালাজী বিশ্বনাথ
(C) প্রথম বাজীরাও (D) দ্বিতীয় বাজীরাও

68. ভুল বিবৃতিটি চিহ্নিত করুন :
আর্থিক কাঠামো সংস্কারের জন্য প্রয়োজন—
(A) সরকারি বাজেটে ঘাটতি হ্রাস
(B) আর্থিক ক্ষেত্রগুলিতে মুনাফা বাড়ানো
(C) মুদ্রাস্ফীতির চাপ কমানো (D) লেনদেনের ঘাটতি বৃদ্ধি

69. $879 \times 439 + 879 \times 321 =$ কত?
(A) 668040 (B) 669040 (C) 667030 (D) 666040

70. নিম্নলিখিতদের মধ্যে কে ব্রাহ্মসমাজের সক্রিয় নেতা ছিলেন না?
(A) দেবেন্দ্রনাথ ঠাকুর (B) কেশবচন্দ্র সেন
(C) অক্ষয় কুমার দত্ত (D) স্বামী বিবেকানন্দ

71. অসহযোগ আন্দোলন শুরু করার তাৎক্ষণিক কারণ ছিল—
(A) খিলাফত অন্যায় (B) রাওলাট আইন
(C) জালিয়ানওয়ালাবাগ হত্যা
(D) 1919 সালের ভারত শাসন আইন বিষয়ে অসন্তোষ

72. একটি ছাত্রদের সারিতে সামন্তক বামদিকে থেকে সপ্তম, ভেঙ্কট ডানদিক থেকে 12 তম। যদি তারা নিজেদের মধ্যে সিট পরিবর্তন করে তবে সামন্তক বামদিক থেকে 22তম হয়। ঐ সারিতে কতগুলি ছাত্র ছিল?
(A) 29 জন (B) 31 জন (C) 33 জন (D) 34 জন

73. একটি সংখ্যার 48% অন্য আর একটি সংখ্যার 60%-এর সমান। প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত কত?
(A) 4 : 7 (B) 3 : 4 (C) 5 : 4 (D) 3 : 2

74. 'অগাস্ট অফার'-এ প্রস্তাবগুলি কী ছিল?
(A) ক্রমান্বয়ে ভারতের পূর্ণ স্বাধীনতা
(B) ডোমিনিয়ন স্ট্যাটাস (C) প্রাদেশিক স্বায়ত্ত শাসন
(D) কেন্দ্রে প্রতিনিধিত্বমূলক সরকার

75. মুঘল সম্রাট শাহজাহান মারা যান—
(A) 1658 খ্রিস্টাব্দে (B) 1659 খ্রিস্টাব্দে
(C) 1662 খ্রিস্টাব্দে (D) 1670 খ্রিস্টাব্দে

76. বায়ু মাধ্যমে শব্দ তরঙ্গ হল—
(A) তির্যক (B) অনুদৈর্ঘ্য
(C) তড়িৎ চুম্বকীয় (D) সমবর্তন

77. ভারতের শেষ ব্রিটিশ ভাইসরয় ছিলেন—
(A) লর্ড ওয়াভেল (B) লর্ড মাউন্টব্যাটেন
(C) লর্ড লিনলিথগো (D) এটলী

78. ওয়াভেল পরিকল্পনার পূর্ণ ফলশ্রুতি ছিল—
(A) উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে গণভোট গ্রহণ
(B) হায়দরাবাদ রাজ্যকে ভারতীয় ইউনিয়নের অঙ্গীভূতকরণ
(C) সিমলা কনফারেন্স আহ্বান করা
(D) কনস্টিটুয়েন্ট অ্যাসেম্বলি গঠন করা

79. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ব্যতিক্রম?
(A) মিটার (B) ফার্লং (C) একর (D) মাইল

80. নিম্নোক্ত সংখ্যাগুলির মধ্যে কোনটি ব্যতিক্রম?
(A) 1381 (B) 343 (C) 8 (D) 125

81. নিম্নোক্ত সংখ্যাগুলির মধ্যে কোনটি ব্যতিক্রম?
7, 28, 63, 124, 215, 342, 511
(A) 28 (B) 124 (C) 342 (D) 215

82. রাডার কোন্ কাজে ব্যবহৃত হয়?
(A) নিমজ্জিত ডুবোজাহাজের স্থান নির্ণয় করতে
(B) বেতার গ্রাহক থেকে সংকেত গ্রহণ করতে
(C) ভূসমলয় উপগ্রহের স্থান নির্ণয় করতে
(D) কোনো বস্তুর যেমন উড়োজাহাজের অবস্থান নির্ণয় করতে

83. ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাতা সভাপতি কে ছিলেন?
(A) ডব্লু সি বনার্জী (B) এস এন ব্যানার্জী
(C) জি কে গোখলে (D) এ ও হিউম

84. কোন্ রশ্মিটি সবচেয়ে বিপজ্জনক?
(A) আলফা রশ্মি (B) বিটা রশ্মি
(C) গামা রশ্মি (D) রঞ্জন রশ্মি

85. ভারতীয় সংবিধান অনুযায়ী শিক্ষা এইটির অন্তর্ভুক্ত—
(A) ইউনিয়ন লিস্ট (কেন্দ্রীয় তালিকা)
(B) স্টেট লিস্ট (রাজ্য তালিকা)
(C) যুগ্ম তালিকা (D) এগুলির কোনোটিই না

86. যে কংগ্রেস সভাপতি 1942 সালে ক্রিপসের সঙ্গে এবং ওয়াভেলের সঙ্গে সিমলায় কথাবার্তা চালিয়েছিলেন তিনি ছিলেন—
(A) আবুল কালাম আজাদ (B) জওহরলাল নেহরু
(C) জে বি কৃপালনি (D) সি রাজাগোপালাচারি

87. আলোকবর্ষ কিসের একক?
(A) সময় (B) দূরত্ব (C) আলো (D) আলোর তীব্রতা

88. আলেকজান্ডার পুরুর বিরুদ্ধে কোন্ নদীর তীরে যুদ্ধ করেছিলেন?
(A) সিন্ধু (B) ঝিলাম (C) রবি (D) ইরাবতী

89. দুটি পর পর বিজোড় সংখ্যার গুণফল 6723। বড় সংখ্যাটি কত?
(A) 89 (B) 85 (C) 91 (D) 83

90. LCD-এর পুরো নাম—
(A) লিকুইড ক্রিস্টাল ডিসপ্লে (B) লো কারেন্ট ডিসপ্লে
(C) লাইট সার্কিট ডিসপ্লে (D) এগুলির কোনোটিই নয়

91. সুপ্রিমকোর্টের বিচারকদের অবসরের বয়স —
(A) 70 বছর (B) 65 বছর (C) 62 বছর (D) 60 বছর

92. কার পতনের পরে সুভাষচন্দ্রের নেতৃত্বাধীন আজাদ হিন্দ ফৌজ ব্রিটিশদের কাছে আত্মসমর্পণ করেছিল?
(A) জার্মানি (B) ইতালি
(C) জাপান (D) দ্বিতীয় মহাযুদ্ধের অবসান

93. কোনো বস্তুর তাপমাত্রা 1K বৃদ্ধি করতে প্রয়োজনীয় তাপকে বলা হয়—
(A) আপেক্ষিক তাপ (B) তাপগ্রাহিতা
(C) জলসম (D) কোনোটিই নয়

94. নিম্নলিখিতগণের মধ্যে কে প্রথম গোল টেবিল বৈঠকে যোগদান করেন?
(A) তেজ বাহাদুর সাপ্রু (B) এম কে গান্ধি
(C) আবুল কালাম আজাদ (D) এস সি বোস

95. M, P-এর পুত্র। Q, O-এর নাতনি। O আবার P-এর স্বামী। তাহলে M, O-এর কে হয়?
(A) পুত্র (B) কন্যা (C) মা (D) বাবা

96. বায়ুমণ্ডলে যে বিরলতম গ্যাসটি সর্বাধিক তা হল—
(A) হিলিয়াম (B) নিয়ন (C) আর্গন (D) জেনন

97. ভুল বিবৃতিটি চিহ্নিত করুন :
(A) রাষ্ট্রপতি ক্যাবিনেট মিটিং-এ সভাপতিত্ব করেন
(B) রাষ্ট্রপতি আনুপাতিক প্রতিনিধিত্ব দ্বারা নির্বাচিত হন
(C) রাষ্ট্রপতি পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়ে থাকেন
(D) রাষ্ট্রপতিকে ইমপিচমেন্ট দ্বারা সরানো যেতে পারে

98. প্রাচীনতম বেদ হল—
(A) অথর্ববেদ (B) ঋগবেদ (C) যজুর্বেদ (D) সামবেদ

99. $60 : 15 :: * : \frac{1}{4}$, *-এর মান কত?
(A) 1.1 (B) 2.1 (C) 1 (D) 0.1

100. সবচেয়ে নমনীয় ধাতুটি হল—
(A) প্লাটিনাম (B) রুপো (C) লোহা (D) সোনা

101. একটি সমকোণী ত্রিভুজে B কোণটি সমকোণ। যদি AB = 24 mm এবং BC = 7mm হয় তবে AC = কত?
(A) 31 mm (B) 21 mm (C) 35 mm (D) 25 mm

102. একটি সমবাহু ষড়ভুজের প্রতিটি কোণ কত হবে?
(A) 90° (B) 120° (C) 135° (D) 145°

103. K-এর মান কত হলে নিম্নের সরলরেখা দুটির মধ্যেকার কোণ 90° হবে?
$5x + 3y + 2 = 0$ এবং $3x - Ky + 6 = 0$
(A) 5 (B) 32 (C) 14 (D) 6

104. সাধারণত গার্হস্থ্য বৈদ্যুতিক তারের সংযোগ হল—
(A) সমান্তরাল সজ্জা (B) শ্রেণি সজ্জা
(C) শ্রেণি ও সমান্তরাল সজ্জা (D) এগুলির কোনোটিই না

105. নীচের নদীগুলির মধ্যে কোনটি গঙ্গার উপনদী নয়?
(A) শোন (B) গোমতী (C) গণ্ডক (D) সুবর্ণরেখা

106. কংগ্রেস সাইমন কমিশন বর্জন করেছিল কেন?
(A) কংগ্রেসের কোনো প্রতিনিধি ছিল না
(B) মুসলিম লিগের একজন সদস্য এতে ছিল
(C) ভারতীয়দের নিজেদের সংবিধান স্থির করার দাবিকে নস্যাৎ করেছিল
(D) এটি নির্ধারিত সময়ের এক বছর পূর্বে নিয়োগ করা হয়েছিল

107. অপটিক্যাল ফাইবারের কার্যনীতি হল—
(A) প্রতিসরণ (B) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন

(C) বিক্ষেপ (D) প্রতিফলন

108. A, B, C, D, E এবং F একটি গোল টেবিলে বসে আছে। A, E এবং F-এর মধ্যে বসে আছে। E, D-এর বিপরীতে; C, E-এর পাশে নেই। তাহলে B-এর বিপরীতে কে আছে?
(A) C (B) D (C) F (D) কোনোটিই নয়

109. পশ্চিমবঙ্গের কোন্ জেলায় সবথেকে বেশি মালভূমি আছে?
(A) মেদিনীপুর (B) মুর্শিদাবাদ (C) পুরুলিয়া (D) বর্ধমান

110. ধোলাই করার সোডা কেন্টির চলতি নাম?
(A) সোডিয়াম কার্বনেট (B) ক্যালশিয়াম কার্বনেট
(C) সোডিয়াম বাই কার্বনেট (D) সোডিয়াম হাইড্রোক্সাইড

111. ভুল বিবৃতিটি চিহ্নিত করুন :
রাজ্যসভার—
(A) অর্থবিল-এর উপরে কোনো ক্ষমতা নেই
(B) অর্থবিল-এর উপরে ক্ষমতা আছে
(C) শাসন ব্যবস্থার উপরে কোনো প্রকৃত নিয়ন্ত্রণ নেই
(D) সভাপতিত্ব করেন ভারতের উপরাষ্ট্রপতি

112. নিম্নলিখিতদের মধ্যে কে কংগ্রেস সোশালিস্ট পার্টির সদস্য ছিলেন না?
(A) অচ্যুত পটবর্ধন (B) জওহরলাল নেহরু
(C) জয়প্রকাশ নারায়ণ (D) আচার্য নরেন্দ্রদেব

113. হিমালয়ের পাদদেশের সমভূমি দার্জিলিং জেলায় _____ নামে পরিচিত।
(A) ডুয়ার্স (B) তরাই (C) রাঢ় (D) বারিন্দ

114. $H^+$-এ উপস্থিত ইলেক্ট্রনের সংখ্যা—
(A) শূন্য (B) এক (C) দুই (D) তিন

115. Q-এর মা, P-এর বোন এবং M-এর কন্যা। S, P-এর কন্যা এবং T-এর বোন। তাহলে M, T-এর কে হয়?
(A) বাবা (B) দাদু (C) দিদিমা (D) হয় দাদু নয় দিদিমা

116. পশ্চিমবঙ্গের উত্তর থেকে দক্ষিণ প্রান্তের দূরত্ব কত?
(A) 600 কিলোমিটার (B) 700 কিলোমিটার
(C) 800 কিলোমিটার (D) 400 কিলোমিটার

117. স্বাধীনতা লাভের সময় ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি ছিলেন—
(A) মৌলানা আবুল কালাম আজাদ (B) জওহরলাল নেহরু
(C) ডঃ রাজেন্দ্র প্রসাদ (D) জে. বি. কৃপালনি

118. একটি আইসোটোপের অর্ধায়ু হল 2 ঘণ্টা। 6 ঘণ্টা পর অাইসোটোপের কত ভগ্নাংশ অবশিষ্ট থাকবে?
(A) $\frac{1}{6}$ (B) $\frac{1}{3}$ (C) $\frac{1}{8}$ (D) $\frac{1}{4}$

119. 'ইউনিভার্সাল হেলথ কভারেজ ডে' (UHCD) উপলক্ষে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক কর্তৃক চালু হওয়া নতুন উদ্যোগের নাম কী?
(A) লক্ষ্য (B) সৌভাগ্য (C) আরম্ভ (D) সাগর

120. দামোদর নদীর উৎপত্তি কোথায়?
(A) রাজমহল মালভূমি (B) ছোটনাগপুর মালভূমি
(C) হিমালয় (D) পূর্বঘাট

121. লবঙ্গ আহরণ করা হয় যে অংশ থেকে—
(A) মূল (B) কাণ্ড (C) পাতা (D) ফুলের মুকুল

122. ভারতে যুক্তরাষ্ট্রীয় বিচারালয় গঠিত হয়েছিল কোন্ সালের আইনে?
(A) 1891 (B) 1909 (C) 1919 (D) 1935

123. টোপোগ্রাফিক্যাল ম্যাপ অফ্ ইন্ডিয়া কারা তৈরি করে?
(A) জিওলজিক্যাল সার্ভে অফ্ ইন্ডিয়া
(B) সার্ভে অফ্ ইন্ডিয়া (C) ডিফেন্স মিনিস্ট্রি
(D) জিওগ্রাফিক্যাল সার্ভে অফ্ ইন্ডিয়া

124. নীচে উল্লিখিত কোনটি প্রকৃত ফল নয়?
(A) খেজুর (B) কুল (C) আপেল (D) আঙুর

125. নিম্নলিখিতদের মধ্যে কে খুদাই খিদমতগার সংগঠনের প্রতিষ্ঠাতা ছিলেন?
(A) খান আবদুল গফফর খান (B) আবদুল রব নিস্তার
(C) শকাতুল্লাহ্ আনসারি (D) খান আবদুল কোয়াইয়ামখান

126. বোকারো ইস্পাত কারখানা কোন্ দেশের যৌথ উদ্যোগে স্থাপিত?
(A) আমেরিকা (B) ব্রিটেন
(C) ফ্রান্স (D) সোভিয়েত ইউনিয়ন

127. কোন্ বৎসরে মৌলিক অধিকার এবং জাতীয় অর্থনৈতিক নীতির বিষয়ে কংগ্রেস প্রস্তাব গ্রহণ করে?
(A) 1940 (B) 1931 (C) 1921 (D) 1935

128. নিম্নলিখিত কোন্ রোগটি প্রোটিনের অভাবে হয়?
(A) পেলেগ্রা (B) রিকেট
(C) কোয়াশিয়রকর (D) রেটিনোব্লাস্টোমা

129. কোন্ মন্ত্রক সম্প্রতি প্রথম 'এনআইসি-সিইআরটি' (NIC-CERT) চালু করল?
(A) টেলিকম মন্ত্রক (B) বিদেশ মন্ত্রক
(C) বাণিজ্য মন্ত্রক (D) ইলেক্ট্রনিক্স এবং টেলিকম মন্ত্রক

130. টিকাকরণ কর্মসূচিকে নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় পৌঁছে দেওয়ার জন্য 'রোটারি ভারত' কোন্ মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করল?
(A) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক (B) গ্রামীণ উন্নয়ন মন্ত্রক
(C) জলসম্পদ মন্ত্রক (D) পঞ্চায়েত রাজ মন্ত্রক

131. ছত্রাক সংক্রমণে কোন্ রোগটি ছড়ায়?
(A) পোলিও (B) ম্যালেরিয়া (C) ডারমাটাইটিস (D) কলেরা

132. ভারতের প্রথম কোন্ রেলস্টেশন 'এনার্জি এফিসিয়েন্ট রেলস্টেশন' এর তকমা পেল?
(A) কাচেগুডা রেলস্টেশন (B) মাইসোর রেলস্টেশন
(C) চেন্নাই রেলস্টেশন (D) দিল্লি রেলস্টেশন

133. পশ্চিমবঙ্গের জেলাগুলির মধ্যে নীচের কোন্টি আয়তনের (2011) নিম্নক্রম অনুসারে সাজানো রয়েছে?
(A) পশ্চিম মেদিনীপুর—বর্ধমান—বাঁকুড়া
(B) পশ্চিম মেদিনীপুর—বর্ধমান—দক্ষিণ 24 পরগনা
(C) দক্ষিণ 24 পরগনা—পশ্চিম মেদিনীপুর—বর্ধমান
(D) দক্ষিণ 24 পরগনা—পশ্চিম মেদিনীপুর—বাঁকুড়া

134. এড্‌স-এর কারণ—
(A) ব্যাকটেরিয়া (B) ভাইরাস (C) প্রোটোজোয়া (D) হেলমিন্থ

135. ভারতে 'অক্ষি' সাইক্লোনে আক্রান্ত মানুষদের রক্ষার্থে যে অপারেশন চালু হল তার নাম কী?
(A) অপারেশন রাহাত (B) অপারেশন রেসকিউ
(C) অপারেশন সিনার্জি (D) অপারেশন সুরক্ষা

136. অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস কে স্থাপন করেন?
(A) এন এম যোশি (B) এম কে গান্ধি
(C) এস সি বোস (D) এন এম সমর্থ

137. এল নিনো হল—
(A) বায়ুমণ্ডলীয় ঘটনাবলি (B) পরিবেশগত ঘটনাবলি
(C) সামুদ্রিক ঘটনাবলি (D) জলবায়ুগত ঘটনাবলি

138. নিম্নলিখিত কোন্ বৈশিষ্ট্যটি একবীজপত্রী উদ্ভিদের?
(A) পাতার জালিকা শিরা (B) প্রধান মূল তন্ত্র
(C) ট্রাইমেরাস পুষ্প (D) চিরজীবী

139. দার্জিলিং হিমালয়ান রেলওয়ে কত সালে ওয়ার্ল্ড হেরিটেজ সাইট বলে বিবেচিত হয়?
(A) 1980 সালে (B) 1990 সালে
(C) 1999 সালে (D) 2003 সালে

140. নিম্নলিখিতদের মধ্যে কে উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে একটি জাতীয় কাগজ, একটি জাতীয় বিদ্যালয় এবং একটি জাতীয় ব্যায়ামাগার স্থাপন করেছিলেন?
(A) যতীন্দ্রনাথ ঠাকুর (B) রাজনারায়ণ বোস
(C) নবগোপাল মিত্র (D) সত্যেন্দ্রনাথ ঠাকুর

141. ইন্টারন্যাশনাল ওয়েট লিফটিং ফেডারেশনের পক্ষ থেকে মোট কতগুলি দেশকে এক বছরের জন্য ভারোত্তলন প্রতিযোগিতা থেকে নির্বাসিত করা হল?
(A) 3টি (B) 9টি (C) 6টি (D) 7টি

142. 'কম্পাউন্ড মাইক্রোস্কোপ'-এর ক্ষেত্রে কোন্ বৈশিষ্ট্যটি সত্য?
(A) দুটি লেন্স (B) অতি বেগুনি রশ্মির প্রয়োজন
(C) শুধুমাত্র মৃত জীব দেখার জন্য ব্যবহার করা হয়
(D) বৃহৎ জায়গার প্রয়োজন

143. ভারতের নির্বাচন কমিশন জাতীয় ভোটার দিবস পালন করে—
(A) 26th জানুয়ারি (B) 25th মার্চ
(C) 25th জানুয়ারি (D) 1st ফেব্রুয়ারি

144. কোন্ সংস্থা সম্প্রতি নতুন ওয়েবসাইট এবং 'পিএমআইএস' (PMIS) মোবাইল অ্যাপ চালু করল?
(A) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ রিমোট সেন্সিং
(B) ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি
(C) ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া
(D) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন

145. ব্রিটিশদের বিরুদ্ধে 'উলগুলান' উপজাতি বিদ্রোহ সংগঠিত হয়েছিল কার দ্বারা—
(A) [illegible] (B) রানাডে
(C) বিরসা মুন্ডা (D) কোন্ডা ডোরা

146. মাইটোসিসের কোন্ দশায় ক্রোমোজোমগুলি V, J, L অথবা I আকৃতির হয়?
(A) প্রোফেজ (B) মেটাফেজ (C) অ্যানাফেজ (D) টেলোফেজ

147. পশ্চিমবঙ্গের সুন্দরবনের মৃত্তিকা হল—
(A) লালমাটি (B) লবণাক্ত কালোমাটি
(C) পলিমাটি (D) কালোমাটি

148. ব্রিকস থিমের উপর ভিত্তি করে পাতাল রেলের পরীক্ষামূলক অপারেশন কোন্ দেশে শুরু হল?
(A) ব্রাজিল (B) রাশিয়া (C) চীন (D) ভারত

149. 2017 সালের এশিয়ান কবাডি চ্যাম্পিয়নশিপ কোথায় অনুষ্ঠিত হয়েছে?
(A) ইরাক (B) সুইডেন (C) নরওয়ে (D) ইরান

150. ভারতের বন গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?
(A) দিল্লি (B) ভোপাল (C) দেরাদুন (D) লক্ষ্ণৌ

151. নিম্নলিখিত কোন্টি সংবিধানের মৌলিক অধিকার হিসাবে স্বীকৃত নয়?
(A) সাম্যের অধিকার (B) স্বাধীনতার অধিকার
(C) শোষণের বিরুদ্ধে অধিকার
(D) যথেষ্টভাবে জীবিকা অর্জনের অধিকার

152. জলপাইগুড়ি কোন্ নদীর তীরে অবস্থিত?
(A) তিস্তা ও করলা (B) তিস্তা ও জলঢাকা
(C) জলঢাকা ও তোর্সা (D) তিস্তা ও রায়ডাক

153. নীচের কোন্ সমস্যাটি ইন্দিরা গান্ধি খালের সেচসেবিত অঞ্চলে দেখা যায় না?
(A) মৃত্তিকার লবণতা বৃদ্ধি (B) ক্রমবর্ধমান জল জমা
(C) খালে বায়ু দ্বারা পলি সঞ্চয় (D) জল প্রবাহের ঘাটতি

154. 2017 সালের মিস ইউনিভার্স কে হয়েছেন?
(A) লরা গঞ্জালেজ (B) বাস্টিনা মারিয়া
(C) ডেমি-লে নেল-পিটার্স (D) রাফায়েল ভিক্টোরিয়া

155. কৃষিক্ষেত্রে নতুন কৃৎকৌশলে বিশেষ উপকার হয়—
(A) ক্ষুদ্র চাষীদের (B) বৃহৎ মূলধনবিশিষ্ট কৃষকদের
(C) কৃষি শ্রমিকদের (D) মধ্যবর্তী ব্যবসায়ীদের

156. তুতিকোরিন নামক গুরুত্বপূর্ণ মৎস্যবন্দরটি_____উপকূলে অবস্থিত।
(A) মালাবার (B) করমণ্ডল (C) কঙ্কণ (D) কচ্ছ উপসাগর

157. কোন্ ভারতীয় অর্থনৈতিক সেক্টরটি রাজ্যের অধীন কিন্তু এর সার্ভিস সেক্টর জন উদ্যোগমূলক?
(A) সেচ ব্যবস্থা (B) কৃষি
(C) বনজ উদ্যোগ (D) বৃক্ষরোপণ

158. কোন্ বৎসরে কংগ্রেস মন্ত্রীসভা প্রদেশগুলিতে কাজ শুরু করে?
(A) 1937 সালে (B) 1930 সালে
(C) 1948 সালে (D) 1938 সালে

159. আইএনএস বিক্রমাদিত্য হল—
(A) পরমাণু শক্তিচালিত সাবমেরিন (B) বিমানবাহী যুদ্ধজাহাজ
(C) লিয়েন্ডার ক্লাস রণতরী (D) টহলদারি নৌকা

160. নীচের কোন্ তথ্য জোড়া সঠিকভাবে ম্যাচিং নয়?
(A) হিমালয় টার্শিয়ারি ভঙ্গিল পর্বত
(B) দাক্ষিণাত্যের ট্র্যাপ অঞ্চল শঙ্কু আগ্নেয় উদগম্
(C) পশ্চিমঘাট প্যালিওজোয়িক ভঙ্গিল পর্বত
(D) আরাবল্লী প্রি-ক্যামব্রিয়ান ক্ষয়জাত পর্বত

161. কৃষি ঋণের ক্ষেত্রে অ্যাপেক্স ব্যাঙ্ক হল—
(A) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (B) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
(C) নাবার্ড (NABARD) (D) (B) এবং (C) উভয়ই

162. 2020 সালের 36তম 'ইন্টারন্যাশনাল জিওলজিক্যাল কংগ্রেস' অধিবেশন কোন্ রাজ্যে অনুষ্ঠিত হবে?
(A) কেরল (B) পশ্চিমবঙ্গ (C) দিল্লি (D) ওড়িশা

163. গুরুত্ব অনুসারে নীচের উপাদানগুলির সহজলভ্যতা ভারতে লৌহ ও ইস্পাত শিল্পের অবস্থান নির্ণয়ে প্রভাবিত করেছে।
(A) লৌহ আকর—কোকিং কয়লা—চুনাপাথর—ম্যাঙ্গানীজ
(B) কোকিং কয়লা—লৌহ আকর—চুনাপাথর—ম্যাঙ্গানীজ
(C) লৌহ আকর—ম্যাঙ্গানীজ—চুনাপাথর—কোকিং কয়লা
(D) কোকিং কয়লা—ম্যাঙ্গানীজ—লৌহ আকর—চুনাপাথর

164. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি মাঝারিপাল্লার ক্ষেপণাস্ত্র?
(A) আকাশ (B) পৃথ্বী (C) অগ্নি (D) ব্রহ্মস

165. চীনের ডনগুয়ানে 16তম এশিয়ান ম্যারাথন চ্যাম্পিয়নশিপে প্রথম ভারতীয় হিসাবে কে সোনা জিতেছেন?
(A) মানবজিৎ সিং (B) শ্রীকান্ত কিদাম্বি
(C) অজিত শর্মা (D) গোপী থোনাকাল

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



166. ভারতের সর্ববৃহৎ জাহাজ নির্মাণ কারখানা হল—
(A) গার্ডেনরিচ ওয়ার্কশপ, কলকাতা
(B) হিন্দুস্থান শিপইয়ার্ড, বিশাখাপত্তনম
(C) মাজাগাঁও ডক, মুম্বাই (D) কোচিন শিপইয়ার্ড, কোচি

167. অর্থনীতির কাঠামো সংস্কার ব্যবস্থার প্রয়োজন হল—
(A) এসএলআর বৃদ্ধি এবং সিআরআর হ্রাস
(B) এসএলআর এবং সিআরআর উভয়েরই বৃদ্ধি
(C) অগ্রাধিকার ক্ষেত্রে সহজে ঋণ প্রদান কমানো
(D) উপরের কোনোটিই নয়

168. বিশ্বের প্রথম কৃত্রিম বুদ্ধিমান রাজনীতিবিদ কোন্ দেশ সৃষ্টি করেছে?
(A) কানাডা (B) নিউজিল্যান্ড (C) অস্ট্রেলিয়া (D) ভারত

169. অলিভার স্টোন হলেন একজন—
(A) অস্কারজয়ী চলচ্চিত্র নির্মাতা (B) অভিনেতা
(C) গীতিকার (D) ঔপন্যাসিক

170. নীচের কোন্ স্থানে আকাশে ধ্রুবতারা বৃহত্তম কোণে দেখা যায়?
(A) সান্দাকফু (B) ফালুট (C) দার্জিলিং (D) কালিম্পং

171. ইন্টারস্টেট কাউন্সিল (ISC) এর 12তম স্থায়ী কমিটি কোথায় অনুষ্ঠিত হয়েছে?
(A) দিল্লি (B) মুম্বাই (C) পুণে (D) শ্রীনগর

172. কৃষি আয়কর সংগ্রহ করে—
(A) কেবলমাত্র কেন্দ্রীয় সরকার (B) কেবলমাত্র রাজ্য সরকার
(C) স্থানীয় সরকারগুলি (D) কেন্দ্রীয় ও রাজ্য সরকার

173. বিলগ্নীকরণ নীতি এইভাবে কাজ করে—
(A) রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি বন্ধ করে দেওয়া
(B) রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির ইকুইটি মূলধনের খোলাবাজারে বিক্রয় করা
(C) রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে সরকারি অংশীদারিত্ব বাড়ানো
(D) উপরের কোনোটিই নয়

174. পোল্যান্ডে অনুষ্ঠিত অনূর্ধ্ব ২৩ সিনিয়র বিশ্ব ভারোত্তলন চ্যাম্পিয়নশিপে কোন্ ভারতীয় রুপো জিতেছেন?
(A) কবিতা দেবী (B) সাক্ষী মালিক
(C) কবিতা কুমারী (D) রিতু ফোগাত

175. ভারতে কর রাজস্বের অধিকাংশ আসে—
(A) প্রত্যক্ষ কর থেকে (B) পরোক্ষ কর থেকে
(C) প্রত্যক্ষ এবং পরোক্ষ উভয় কর থেকেই সমানভাবে
(D) উপরের কোনোটিই নয়

176. প্রাণীদের দীর্ঘতম কোশ কোন্‌টি?
(A) স্নায়ু কোশ (B) যকৃৎ কোশ
(C) রক্ত কোশ (D) পেশি কোশ

177. ______ নদীর তীরে রাউরকেল্লা ইস্পাত কেন্দ্রটি অবস্থিত।
(A) ভদ্রা (B) ব্রাহ্মণী (C) দামোদর (D) ভীমা

178. স্ত্রীশিক্ষার হার বৃদ্ধি জন্মহারকে এইভাবে প্রভাবিত করতে পারে—
(A) জন্মহার বৃদ্ধি পায় (B) জন্মহার হ্রাস পায়
(C) এই হার অপরিবর্তিত থাকে (D) কোনোটিই নয়

179. পাচিত খাদ্যের শোষণ হয়—
(A) পাকস্থলীতে (B) ক্ষুদ্রান্ত্রে (C) বৃহদান্ত্রে (D) কোলনে

180. শিল্প সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় মেয়াদি ঋণ সরবরাহ করে প্রধানত—
(A) বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ (B) উন্নয়ন ব্যাঙ্কসমূহ
(C) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (D) সমবায় ব্যাঙ্ক

181. ______ এ ভারতের হীরার খনিগুলি অবস্থিত।
(A) উত্তরপ্রদেশ (B) কর্ণাটক (C) মধ্যপ্রদেশ (D) গুজরাট

182. গাজরের মূলের চিহ্নিতকরণ বৈশিষ্ট্য কী?
(A) শঙ্কবাকৃতি এবং ক্ষুদ্র মূল
(B) শঙ্কবাকৃতি এবং কোনো ক্ষুদ্র মূল নেই
(C) গোলাকার এবং ক্ষুদ্র মূল
(D) নির্দিষ্ট কোনো আকার নেই এবং কোনো ক্ষুদ্র মূল নেই

183. 2017 সালের চতুর্থ 'গোল্ডেন সু অ্যাওয়ার্ড' জিতেছেন কোন্ খেলোয়াড়?
(A) টম ব্রাডি (B) কারসান ওয়েজ
(C) লিওনেল মেসি (D) ক্রিশ্চিয়ানো রোনাল্ডো

184. সম্প্রতি ফিফা (FIFA) র‍্যাঙ্কিং অনুসারে ভারতের স্থান কত?
(A) 50তম (B) 100তম (C) 110তম (D) 105তম

185. রাইজোম একটি পরিবর্তিত কাণ্ড কারণ—
(A) মাটি থেকে উল্লম্বভাবে বৃদ্ধি হয় এবং এতে শাঁসালো পাতা থাকে
(B) এতে পর্ব থাকে এবং এতে চক্ষু থাকে যা কি না অঙ্কুরোদ্গম মুকুল বহন করে
(C) এর কাণ্ডটি নিবিড় এবং ডিম্ব-এর মতো
(D) এর পর্ব আছে, আন্তরপর্ব আছে এবং পাতাগুলি বাদামি, আঁশের ন্যায়

ভারতের প্রথম শক্তি সঞ্চয়কারী রেলস্টেশন অর্থাৎ **'Energy-efficient A1 Category'**-র তকমা পেল হায়দ্রাবাদের **কাছেগুডা রেলওয়ে প্ল্যাটফর্ম**। এই স্টেশনটিকে সম্পূর্ণভাবে এনার্জি এফিসিয়েন্ট করে গড়ে তোলার জন্য ১৩১২টি পুরোনো মডেলের বাতি বদলে নতুন প্রযুক্তির এলইডি বাল্ব লাগানো হয়েছে। এছাড়াও রয়েছে ১২টি কম বিদ্যুৎব্যয়ী বাতানুকূল যন্ত্র, ৩৭০টি অত্যাধুনিক সিলিং ফ্যান। এর ফলে পূর্বে যেখানে বার্ষিক এই রেলস্টেশনের জন্য খরচ হত প্রায় ১৪.০৮ লক্ষ ইউনিট বিদ্যুৎ সেখানে এখন তা এসে দাঁড়িয়েছে ১২.৩২ লক্ষ ইউনিট। পূর্ব-মধ্য রেলওয়ের হায়দ্রাবাদ সেকশনের এই স্টেশনটি একদিকে যেমন বিদ্যুৎশক্তি ব্যয়ের পরিমান হ্রাস করছে তেমনই এটি পরিবেশ বান্ধবও হয়ে উঠেছে।


কাছেগুডা রেলস্টেশন

মোবাইলে অধিক পরিমাণে তথ্য সংরক্ষণ, দ্রুত কোনও ফাইলের সন্ধান পাওয়া এবং সেই ফাইলগুলিকে অন্যের মোবাইলে শেয়ার করার জন্য গুগল কর্তৃপক্ষ **'Files Go'** নামে এক নতুন অ্যাপ চালু করল। অফলাইনে ফাইল শেয়ারের ক্ষেত্রেও সাহায্য করবে এটি। গুগলপ্লে স্টোর থেকে এটিকে ডাউনলোড করা যাবে। এটি ফোনের অবাঞ্ছিত তথ্য সরিয়ে ফোনের 'ফ্রি-স্পেস'-কে বাড়িয়ে দেবে। এছাড়া কোনও অ্যাপ বা ফাইলকে সরিয়ে দিলে ফোন আরও বেশি কার্যকরী হবে সেই বিষয়েও পরামর্শ পাওয়া যাবে এই অ্যাপ থেকে। মোবাইল ভিশন টেকনোলজির মাধ্যমে ফোনে কোনও নকল ফাইল, ভিডিও বা তথ্য থাকলে তাও পুনর্মূল্যায়ন করে মুছে দেওয়া যাবে এই অ্যাপের মাধ্যমে। অফলাইনেও অতি দ্রুত ফাইল ট্রান্সফার সম্ভব হবে। এক্ষেত্রে প্রতিটি ট্রান্সফারই সুরক্ষিত এবং এটির গতিবেগ হবে প্রায় 125 Mbps।

উত্তরপ্রদেশের **শামলি (Shamli)** জেলাকে 'ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন' (NCR)-এর তালিকাভুক্ত করা হল। ভারতের মোট NCR-এর সংখ্যা হল ২৩। যার মধ্যে ১৩টি হরিয়ানা, ৭টি উত্তরপ্রদেশ এবং ২টি রাজস্থানে। নতুন দিল্লির 'ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন প্ল্যানিং বোর্ড'-এর ৩৭তম বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দিল্লিতে ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির কারণেই প্রথমবার এই ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন তৈরির সিদ্ধান্ত নেওয়া হয় যাতে রাজধানী শহরের সুসংহত পরিকাঠামো ধরে রাখা সম্ভবপর হয়। আর এর মূল কাজই হল বিভিন্ন আঞ্চলিক প্রকল্প গ্রহণ ও তার সফল রূপায়ণ।

১১ ডিসেম্বর নতুন দিল্লিতে রাশিয়া-ভারত-চীনের পররাষ্ট্র মন্ত্রীদের ১৫তম ত্রিপাক্ষিক বৈঠক সুসম্পন্ন হল। ভারতের পক্ষ থেকে এই বৈঠকে যেমন উপস্থিত ছিলেন **সুষমা স্বরাজ** তেমনই রাশিয়া ও চীনের পররাষ্ট্রমন্ত্রী **সার্জেই লাভরভ** এবং **ওয়াং ই**-এর ভূমিকাও ছিল উজ্জ্বল। আঞ্চলিক সুরক্ষা, এশিয়া-প্যাসেফিক অঞ্চলে সমস্যা সৃষ্টিকারী নানাবিধ বিষয়, উগ্রপন্থীদের দমন, পারস্পরিক সহায়তাই ছিল এই মিটিংয়ের প্রধান আলোচ্য বিষয়বস্তু। এই ত্রিপাক্ষিক বৈঠকে তিন দেশের বিদেশমন্ত্রীরা সম্মিলিতভাবে একটি সরকারি ইস্তাহারও প্রকাশ করেছেন।

সমাজে মহিলাদের অধিকার এবং ক্ষমতায়ন সম্পর্কে সকলকে সচেতন করতে মুম্বইতে **'We The Women'** নামে এক অনুষ্ঠানের আয়োজন করল রাষ্ট্রসংঘের মহিলা কমিটি এবং ফেসবুক সংস্থা। দুই দিন ব্যাপী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী **স্মৃতি ইরানি**, কুস্তিগীর সাক্ষী মালিক, জনপ্রিয় মহিলা ক্রিকেটার মিতালি রাজসহ আরও অনেক সম্মানীয় ব্যক্তিবর্গ। ভারতের অন্যতম বিশিষ্ট মহিলা সাংবাদিক **বরখা দত্ত** এই অনুষ্ঠানের তত্ত্বাবধানে রয়েছে। লিঙ্গবৈষম্যতা, মেয়েদের সমানাধিকার, নারী নির্যাতনের বিরুদ্ধে নানা আলোচনা হয়েছে এই সমাবেশে।


স্মৃতি ইরানি

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



## নিম্নলিখিত পরীক্ষাগুলির ফলাফল প্রকাশিত হয়েছে। বিস্তারিত জানতে ওয়েবসাইট দেখুন

| পরীক্ষার নাম | ওয়েবসাইট |
|---|---|
| জুনিয়র ইঞ্জিনিয়ার - ২০১৬, পেপার-২ | www.ssc.nic.in |
| ওয়েস্ট বেঙ্গল এসএসসি অ্যাসিস্ট্যান্ট টিচার (XI-XII) | www.westbengalssc.com |
| এলআইসি হাউজিং ফিনান্স অ্যাসিঃ ও অ্যাসিঃ ম্যানেজার | www.lichousing.com |
| এগ্রিকালচার ইন্সিয়োরেন্স কোং লিঃ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | www.aicofindia.com |
| আরবিআই অ্যাসিস্ট্যান্ট প্রিলি. ২০১৭ | www.rbi.org.in |
| ওয়েস্ট বেঙ্গল জুডিসিয়াল সার্ভিস, ২০১৭ | www.pscwbonline.gov.in |
| ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট গার্ড | www.policewb.gov.in |
| স্টেনোগ্রাফার গ্রেড-সি এবং ডি, ২০১৭ | www.ssc.nic.in |
| আইবিপিএস আরআরবি অফিসার | www.ibps.in |
| স্টেনোগ্রাফার গ্রুপ-সি এবং ডি, ২০১৬ | www.ssc.nic.in |
| EPFO, অফিসার | www.upsc.gov.in |
| কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস, ২০১৭ (I) | www.upsc.gov.in |
| ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি-II | www.upsc.gov.in |
| আইবিপিএস পিও প্রিলিমিনারি | www.ibps.in |
| কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল টায়ার-১ | www.ssc.nic.in |
| ওরিয়েন্টাল ইন্সিয়োরেন্স কোং লিঃ অফিসার ফেজ-I | www.orientalinsurance.org.in |

## আসন্ন পরীক্ষার তারিখ

| পরীক্ষার নাম | তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল টায়ার-III | ২১.০১.১৮ | www.ssc.nic.in |
| আইবিপিএস স্পেশালিস্ট অফিসার মেন | ২৮.০১.১৮ সম্ভাব্য | www.ibps.in |
| আইবিপিএস স্পেশালিস্ট অফিসার প্রিলি | ৩০-৩১.১২.১৭ | www.ibps.in |
| আরবিআই অ্যাটেন্ডেন্ট | ডিসেম্বর, ২০১৭ জানুয়ারি, ২০১৮ | www.rbi.org.in |
| আইবিপিএস ক্লার্ক মেন | ২১.০১.১৮ সম্ভাব্য | www.ibps.in |
| অ্যাসিস্ট্যান্ট মাস্টার (দর্শন) WB BRGF স্কীম, ইন্টারভিউ (বেঙ্গলি মিডিয়াম) | ২৬-২৯.১২.১৭ | www.pscwbonline.gov.in |
| ইঞ্জিনিয়ারিং সার্ভিস, প্রিলিমিনারি | ০৭.০১.১৮ | www.upsc.gov.in |
| আর্মি পাবলিক স্কুল, শিক্ষক/শিক্ষিকা | ১৫-১৭.০১.১৮ সম্ভাব্য | www.aps-csb.in or www.awesindia.com |
| মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, পঞ্চায়েত কর্মী মৌখিক পরীক্ষা | ২৮.১২.১৭ | www.murshidabad.gov.in |
| কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস-I, ২০১৮ | ০৪.০২.১৮ | www.upsc.gov.in |
| ব্যাঙ্ক অফ বরোদা স্পেশালিস্ট অফিসার সেলস জেএমজি স্কেল-I | ০৭.০১.১৮ | www.bankofbaroda.co.in |
| ডব্লুবিসিএস প্রিলিমিনারি | ২৮.০১.১৮ সম্ভাব্য | www.pscwbonline.gov.in |

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কিভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন সে বিষয়ে যদি সহায়তা চান তাহলে জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

**গঙ্গাসাগর মেলায় পুণ্যার্থীদের জন্য ৫ লাখ টাকা জীবন বিমার কথা ঘোষণা করল পশ্চিমবঙ্গ সরকার।** প্রতি বছর মকর সংক্রান্তির পুণ্য লগ্নে এই গঙ্গাসাগর মেলা অনুষ্ঠিত হয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪-পরগণা জেলায়। আর পুণ্যার্থীদের সংখ্যাও হয় ৫-৬ লাখ। ফলে, প্রতি বছরই বোট দুর্ঘটনা, পদপিষ্ট হয়ে কিংবা আগুন লেগে বহু পুণ্যার্থীর মৃত্যু ঘটে। আর তাঁদের জন্যই এই বিপুল পরিমান জীবনবিমার কথা ঘোষণা করেছে রাজ্য সরকার।

## প্রতিরক্ষা

**'ইন্ডিয়ান আর্মড ফোর্স ফ্ল্যাগ ডে' - ৭ ডিসেম্বর।** ২০১৭ সালের ৭ ডিসেম্বর সারা ভারত জুড়ে 'ইন্ডিয়ান আর্মড ফোর্স ফ্ল্যাগ ডে' অনুষ্ঠিত হল। ১৯৪৯ সাল থেকে প্রতিবছর ৭ ডিসেম্বর এই দিনটি উদ্‌যাপিত হয়। ভারতের সম্মান রক্ষার্থে সীমান্ত যুদ্ধরত সৈনিক, এয়ারম্যান এবং ভারতীয় নাবিকদের সম্মানার্থে এই দিনটি অনুষ্ঠিত হয়। সশস্ত্র বাহিনীর কর্মীদের কল্যাণে মানুষের




কাছ থেকে অর্থ সংগ্রহ করা হয়ে থাকে। সারা ভারত জুড়ে কেন্দ্রীয় সৈনিক বোর্ড মানুষের স্বেচ্ছায় অবদানের জন্য ফ্ল্যাগ, স্টিকার বিতরণ করে থাকেন। কেন্দ্রীয় সৈনিক বোর্ডের প্রেসিডেন্ট হলেন প্রতিরক্ষা মন্ত্রী **নির্মলা সীতারামন**। প্রাক্তন কর্মীদের জন্য (Ex-Servicemen) পুনর্বাসন এবং কল্যাণ নীতির প্রণয়ন করাই এবছরের এই দিনটি পালনের উদ্দেশ্য। এই বছরে প্রতিরক্ষা মন্ত্রক ও সশস্ত্র বাহিনী সপ্তাহে একটি ডিজিটাল অভিযানের আয়োজন করেছে যার মাধ্যমে সশস্ত্র বাহিনীর সঙ্গে সমস্ত জাতির নতুন মেলবন্ধন গড়ে উঠবে।

**Vigilant Ace :** দক্ষিণ কোরিয়া এবং আমেরিকা তাদের সবথেকে বড় যৌথ 'এয়ার ড্রিলস' অর্থাৎ **'বায়ু সামরিক অভিযান'** (Vigilant Ace) শুরু করল। সবচেয়ে উন্নত ও শক্তিশালী আন্তমহাদেশীয় ব্যালিস্টিক মিশাইল **'Howasang-15'** এর পরীক্ষামূলক উৎক্ষেপণের পরে এই অভিযানে অংশগ্রহণ করল উত্তর কোরিয়া। কোরিয়ান উপদ্বীপের শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য এবং তাদের সামরিক শক্তিকে আরও দৃঢ় করতে এই মহড়ার আয়োজন। আমেরিকা থেকে ১২,০০০ সেনাবাহিনী এবং দক্ষিণ কোরিয়ার বিশেষ বায়ুসেনা বাহিনী এই মহড়ায় অংশগ্রহণ করেছে। **'6 F-22 র‍্যাপ্টার'**, **'18 F-35'** যুদ্ধবিমানসহ ২৩০ জন দক্ষিণ কোরিয়ান সেনা এবং মার্কিন সেনাকে প্রশিক্ষিত করা হয়েছে।

## আন্তর্জাতিক খবর

◆ 'ইউনেস্কো' (UNESCO) এর তরফ থেকে **'২০১৭-১৮ গ্লোবাল এডুকেশন মনিটরিং রিপোর্ট'** প্রকাশ করা হল। আর তাতেই উঠে এল চাঞ্চল্যকর তথ্য। এই রিপোর্ট অনুযায়ী, অনেক জায়গাতেই শিক্ষার্থীদের জন্য বিদ্যালয়ে যে পাঠ্যপুস্তক ব্যবহার করা হয় তাতে অহিংসা, শান্তি-শৃঙ্খলা, সমন্বয়-সম্প্রীতির বার্তা দেওয়ার পরিবর্তে যুদ্ধ, হিংসা-বিবাদের কথা তুলে ধরা হচ্ছে। এই সকল পাঠ্যপুস্তকে বিভিন্ন দেশের সামরিক নেতাদের সম্পর্কে যেমন উল্লেখ করা হয়েছে তেমনই গৃহযুদ্ধ, নানাবিধ সামরিক অভিযানের তথ্য ফুটে উঠেছে, তা সম্পূর্ণভাবে অবাঞ্ছনীয়। এই রিপোর্ট অনুসারে, সমগ্র বিশ্বের ১০ শতাংশ স্কুলের পাঠ্যপুস্তকে কিভাবে ক্রমাগত যুদ্ধ-বিগ্রহ হয়ে চলেছে তার কারণ এবং তা কিভাবে প্রতিহত করা যায় তার সমাধানসূত্রের বর্ণনা রয়েছে। উদাহরণ হিসাবে পাকিস্তানের কথা বলা হয়েছে। এই রাষ্ট্রের পাঠ্যপুস্তকে হিন্দু-মুসলিম দাঙ্গা, তাদের মধ্যে জাতিভেদ প্রথা, ভারতের সঙ্গে পাকিস্তানের যুদ্ধের তথ্য উঠে এসেছে। বিশ্বের সমগ্র পরিবেশকে সুসংহত এবং শান্তিপূর্ণ করতে রাষ্ট্রসংঘ যে নীতি গ্রহণ করেছে, তাকে সম্পূর্ণ করতে শিক্ষার মাধ্যমে শান্তির বার্তা শিক্ষার্থীদের কাছে পৌঁছে দেওয়া একান্ত জরুরি। আর এই বিষয়ের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে ইউনেস্কোর রিপোর্টে।

◆ স্বাস্থ্য পরিষেবার সার্বিক উন্নয়নের স্বার্থে **ভারত এবং কিউবা মউ স্বাক্ষর** করল। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী **জে পি নাড্ডা** এবং কিউবার পাবলিক হেলথ মন্ত্রী **রোবার্টো মোরালেস ওজেদা**-র উপস্থিতিতে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। স্বাস্থ্যক্ষেত্রের পরিকাঠামোগত উন্নয়ন, স্বাস্থ্য, শিক্ষা এবং এ বিষয়ে গবেষণা নিয়ে সহমত পোষণ করেছে উভয় রাষ্ট্র। আর এ বিষয়ে পারস্পরিক সহযোগিতা গড়ে তোলার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। ফার্মাসিউটিক্যাল এবং বায়োটেকনোলজি বিষয়ে কিউবা সাম্প্রতিককালে যে অগ্রগতি ঘটিয়েছে তা সত্যিই প্রশংসনীয়। আর সেই জন্যই ভারতের দিকে এই রাষ্ট্র বন্ধুত্বের হাত বাড়িয়ে দিল।



জে পি নাড্ডা এবং রোবার্টো ওজেদা

◆ নেপালের কাঠমাণ্ডুতে **'SAARC প্রোগ্রামিং কমিটির ৫৪তম সম্মেলন'** অনুষ্ঠিত হয়ে গেল। দুই দিন ব্যাপী এই বৈঠকের সূচনা হয়েছিল ১১ ডিসেম্বর। এবছর এই সম্মেলনের মূল আলোচ্য বিষয়বস্তু ছিল - SAARC-এর সচিববর্গ, ৫টি আঞ্চলিক সেন্টার এবং ৪টি বিশেষজ্ঞ কেন্দ্রের জন্য আর্থিক বাজেট প্রস্তুত করা। প্রায় ৫০ জন প্রতিনিধি এই বৈঠকে অংশগ্রহণ করেছিলেন। এঁদের মধ্যে নেপালের পক্ষ থেকে ছিলেন 'পররাষ্ট্র দপ্তরের যুগ্ম সচিব ও রিজিওন্যাল অর্গানাইজেশনের আঞ্চলিক প্রধান' **মণি প্রসাদ ভাত্তারিয়া**।




◆ **জেরুজালেমকে** 'ইজরায়েলের রাজধানী'-র স্বীকৃতি দিল **আমেরিকা**। দশকের পর দশক ধরে ইজরায়েল ও প্যালেস্তাইনের সম্পর্ক নিয়ে উত্তাল হয়েছে গোটা বিশ্ব। তার মূল কারণ জেরুজালেম শহরটি। এটি একই সঙ্গে মুসলিম, ইহুদি ও খ্রিস্টানদের পবিত্রভূমি। তবে ১৯৮০ সালে জবরদখল করেই শহরটিকে নিজেদের রাজধানী বলে ঘোষণা করে ইজরায়েল। তবে প্যালেস্তাইন তা কখনোই মেনে নেয়নি। কিন্তু বছর খানেক আগেই মার্কিন প্রেসিডেন্ট **ডোনাল্ড ট্রাম্প** বলেন, প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলে জেরুজালেমকেই ইজরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দেবেন। তেল-আভিভ থেকে সরিয়ে নেবেন মার্কিন দূতাবাসও, আর সেই অনুসারে তিনি এই ঘোষণা করেন। কিন্তু এই সিদ্ধান্তের পরেই রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদ এক জরুরি বৈঠকের আয়োজন করেছিল। বৈঠক চলাকালীন ১৫ সদস্যের পরিষদের মধ্যে মার্কিন প্রতিনিধি **নিকি হ্যালি** একাই দেশের প্রেসিডেন্টের হয়ে সরব হয়েছিলেন। বাকি কোনও দেশই সমর্থন জানায়নি আমেরিকাকে। এমনকী আমেরিকা ঘনিষ্ঠ বলে পরিচিত **ফ্রান্স, ব্রিটেনও** কড়া সমালোচনা করেছে। যার ফলে, এই মুহূর্তে আমেরিকা সম্পূর্ণভাবে কোণঠাসা।

◆ ওমানের রাজধানী মাসকাটে ১১-১২ ডিসেম্বর ইউনেস্কোর **'ভ্রমণ এবং সংস্কৃতির দ্বিতীয় বিশ্ব সম্মেলন'** অনুষ্ঠিত হয়ে গেল। সারা পৃথিবীতে পর্যটন শিল্পকে মজবুত করতে এবং ভ্রমণার্থীদের উৎসাহিত করতেই ২০১৭ সালকে 'International Year of Sustainable Tourism for Development', অর্থাৎ 'ক্রমবর্ধমান উন্নতির জন্য পর্যটনকে বিশেষ স্বীকৃতি দিয়ে '২০১৭ সালকে আন্তর্জাতিক বছর' হিসাবে ঘোষণা করেছে রাষ্ট্রসংঘ। ২০৩০ সালের মধ্যে সমগ্র বিশ্বের মানব উন্নয়নের স্বার্থে রাষ্ট্রসংঘ যে বিশেষ কর্মসূচি নিয়েছে তা এগিয়ে নিয়ে যেতে পর্যটন ও সংস্কৃতির মধ্যে মেলবন্ধন একান্ত জরুরি। প্রথমবার ২০১৫ সালে কম্বোডিয়ার সিমরিপে-তে এই বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

## জাতীয় নিয়োগ

☞ রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এক্সিকিউটিভ ডিরেক্টর পদে উমা শঙ্করকে নিযুক্ত করা হল। তিনি এর পূর্বে আরবিআই-এর 'ফিনান্সিয়াল ইনক্লুশন

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



অ্যান্ড ডেভলপমেন্ট ডিপার্টমেন্টে' চিফ জেনারেল ম্যানেজারের দায়িত্বভার সামলেছেন। তিনি মীনা হেমাচন্দ্রের স্থলাভিষিক্ত হয়েছেন।

☞ 'ইন্ডিয়া প্যারা স্পোর্টস ফাউন্ডেশনে'র নতুন প্রেসিডেন্ট হলেন **সর্বেশ কুমার তেওয়ারী**। নতুন দিল্লিতে অনুষ্ঠিত 'ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর দিব্যাঙ্গান' পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই ঘোষণা করা হয়েছে। প্রেসিডেন্ট হিসাবে তিনি 'প্যারা স্পোর্টস ফাউন্ডেশন'কে নেতৃত্ব দেবেন এবং আসন্ন এশিয়ান টি-টোয়েন্টি হুইলচেয়ার ক্রিকেট টুর্নামেন্টসহ সব ক্রীড়া প্রতিযোগিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেবেন। সর্বেশ কুমার তেওয়ারী বিশ্ব মানবতাবাদী হিসাবেও খুব জনপ্রিয়।




☞ 'ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল' (BARC) এর নবনিযুক্ত চেয়ারম্যান হলেন **নকুল চোপড়া**। তিনি সুধাংশু ভাট-এর স্থলাভিষিক্ত হয়েছেন। ২০১৬ সালে নকুল চোপড়া প্রথমবার BARC এর ইন্ডিয়া বোর্ডে যোগদান করেছিলেন। এরপর তিনি বোর্ডে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের সময় অগ্রণী ভূমিকা নিয়েছেন।

☞ প্রথম মহিলা সেক্রেটারি জেনারেল হিসাবে ১৫ ডিসেম্বর থেকে লোকসভায় কাজ শুরু করলেন **স্নেহলতা শ্রীবাস্তব**। স্পিকার সুমিত্রা মহাজন ওইদিন লোকসভার প্রথম মহিলা সেক্রেটারি জেনারেলের নাম ঘোষণা করতেই নরেন্দ্র মোদী থেকে সোনিয়া গান্ধী তাঁকে স্বাগত জানান। অভিনন্দন জানান বাকি সাংসদরাও। তাঁর পূর্বসূরি অনুপ মিশ্রের অবসরের পর তাঁকে 'সাম্মানিক' পদে রাখার কথা ঘোষণা করেন স্পিকার।




☞ ইউপিএ জমানার অতিরিক্ত সলিসিটর জেনারেল **বিকাশ সিংহ** সুপ্রিমকোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি নির্বাচিত হলেন। ভোটে প্রবীণ আইনজীবী **দুষ্যন্ত দাভেকে** হারিয়ে দেন তিনি। নতুন কমিটিতে একমাত্র বাঙালি **পীযূষকান্তি রায়**। যুগ্ম কোষাধ্যক্ষ পদে রেকর্ড ভোটে জিতেছেন এই বাঙালি আইনজীবী। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন **বিক্রম যাদব**।

## আন্তর্জাতিক নিয়োগ

☞ কুয়েতের পরবর্তী ভারতীয় রাষ্ট্রদূত হলেন **কে জিভা সাগর**। ১৯৯১ সালে তিনি 'ইন্ডিয়ান ফরেন সার্ভিস' পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি বর্তমানে কেন্দ্রের বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব পদে কর্মরত। তবে খুব শীঘ্রই তিনি কুয়েতের রাষ্ট্রদূত হিসাবে নিজ দায়িত্বভার গ্রহণ করবেন।

## পুরস্কার ও সম্মান

❖ দীর্ঘ প্রতীক্ষার অবসান। **কুম্ভমেলাকে** 'ভারতীয় সংস্কৃতির ঐতিহ্যবাহী মেলা' (Intangible Cultural Heritage of Humanity) হিসাবে স্বীকৃতি দিল ইউনেস্কো (UNESCO)। দক্ষিণ কোরিয়ার জেজু-তে হেরিটেজ সংরক্ষণ সংক্রান্ত 'ইউনেস্কো ইন্টার গভর্নমেন্টাল কমিটি'র দ্বাদশ সম্মেলনে এই ঘোষণা করা হয়েছে। আর এই ঘোষণার সঙ্গে সঙ্গেই উত্তরপ্রদেশের এলাহাবাদ, হরিদ্বার, উজ্জয়িনী ও নাসিকের কুম্ভমেলা বিশ্বের অন্যান্য ঐতিহ্যবাহী ধর্মীয় সমাবেশের তালিকায় অন্তর্ভুক্ত হয়ে গেল। এর ফলে আগামীদিনে আন্তর্জাতিক সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কুম্ভমেলার কৌলিণ্য আরও বৃদ্ধি পাবে বলে মনে করা হচ্ছে। ইউনেস্কোর ঘোষণাকে সাধুবাদ জানিয়ে কেন্দ্র বলেছে ভারতীয় সাংস্কৃতিক ঐতিহ্যের সেরা স্বীকৃতি পেল কুম্ভমেলা। জাতপাত-ধর্ম নির্বিশেষে কুম্ভমেলায় লক্ষ লক্ষ পুণ্যার্থীর শান্তিপূর্ণ সমাবেশ পৃথিবীশ্রেষ্ঠ।




❖ সামাজিক ন্যায়বিচারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য '২০১৭ মাদার টেরিজা মেমোরিয়াল অ্যাওয়ার্ড' পেলেন জনপ্রিয় অভিনেত্রী **প্রিয়াঙ্কা চোপড়া**। সিরিয়ায় সফর আর সেখানে গিয়ে শরণার্থী শিশুদের সঙ্গে তাঁর সাক্ষাতের পাশাপাশি বিভিন্ন সামাজিক বিষয়ে ন্যায় বিচারের ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছেন এই অভিনেত্রী। তিনি যেহেতু UNICEF-এর শুভেচ্ছাদূত হিসাবে নিযুক্ত রয়েছেন তাই একাধিক লোকহিতৈষীমূলক কাজেও তাঁর ভূমিকা অনস্বীকার্য।




❖ ২৭তম 'ব্যাস সম্মান' পেলেন বিশিষ্ট হিন্দী লেখিকা **মমতা কালিয়া**। ২১টি 'দুখম্-সুখম্' উপন্যাসের জন্য তাঁকে এই সম্মানে ভূষিত করা হয়েছে। ২১টি উপন্যাস এবং প্রায় ১২টি ছোট গল্প রচনা করেছেন এই লেখিকা। সাহিত্য অ্যাকাডেমির ডিরেক্টর ও বিখ্যাত লেখক ভি প্রসাদ তিওয়ারীর নেতৃত্বে নির্বাচন কমিটি মমতা কালিয়ার নাম এবছর এই সম্মানের জন্য বেছে নিয়েছেন। 'ইয়াসপাল কথা সম্মান', 'রাম মনোহর লোহিয়া সম্মান', 'সাহিত্য ভূষণ সম্মান'-সহ একাধিক পুরস্কার পেয়েছেন এই লেখিকা।

❖ ফোর্বসের প্রকাশিত তালিকা অনুযায়ী ২০১৭ সালের সর্বোচ্চ উপার্জনকারী সঙ্গীতশিল্পী হলেন **সি জন কম্বোস** যিনি **'Diddy'** নামেই অধিক জনপ্রিয়। Diddy একাধারে যেমন গীতিকার, অভিনেতা, রেকর্ড প্রোডিউসার তেমনই আমেরিকার বিশিষ্ট শিল্প তথা উদ্যোগপতি। ২০১৬ সালের ১ জুন থেকে ২০১৭ সালেরে ১ জুন পর্যন্ত তাঁর উপার্জনের পরিমাণ ১৩০ মিলিয়ন ডলার। যদিও এই সময়কালের মধ্যে Diddy বেশি গান প্রকাশ করেননি তবুও শ্রেষ্ঠ উপার্জনকারী সঙ্গীতশিল্পী হলেন তিনি। এই তালিকার দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে 'বেওয়ানস' (১০৫ মিলিয়ন ডলার) এবং 'ড্রাক' (৯৫ মিলিয়ন ডলার)।

❖ ২০১৭ সালের 'ইয়োরাভিনগন পুরস্কার' পেলেন ভারতীয় অধ্যাপক ও বিজ্ঞানী **এম এস স্বামীনাথন**। ভারতীয় উপরাষ্ট্রপতি **এম বেঙ্কাইয়া নাইডু** তাঁর হাতে এই পুরস্কার তুলে দিয়েছেন। কৃষিবিজ্ঞানে একাধিক গবেষণামূলক কাজে নিজের বিশেষ অবদান রেখেছেন এই প্রবীণ অধ্যাপক।

## বিজ্ঞান ও প্রযুক্তি

❋ স্বল্প খরচের ক্ষুদ্রাকৃতি স্যাটেলাইটগুলিকে মহাকাশে উৎক্ষেপণ করার জন্য **'স্মল স্যাটেলাইট লঞ্চার'** তৈরি করতে চলেছে 'ইসরো'। 'বিক্রম সারাভাই স্পেস সেন্টারে' ইতিমধ্যে এটি তৈরির প্রাথমিক কাজও শুরু হয়ে গেছে। পৃথিবীর কাছাকাছি কক্ষপথে ৫০০-৬০০ কেজি ওজনের স্যাটেলাইট প্রতিস্থাপনে সক্ষম এই ধরনের 'স্মল স্যাটেলাইট লঞ্চার'। আধুনিক প্রযুক্তির রকেট টেকনোলজি ব্যবহার করে এই ধরনের উৎক্ষেপণ যন্ত্র প্রস্তুত করা হবে। কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের সময় যে বিপুল পরিমাণ খরচ হয় তা অনেকটাই কমে যাবে বলে মনে করছেন বিজ্ঞানীরা। এর পূর্বে যেকোনো স্যাটেলাইট মহাকাশে পাঠানোর সময় অন্তত ৪০ দিন ধরে প্রস্তুতি নিতে হত। তবে, এই ধরনের লঞ্চারের ক্ষেত্রে সময়ও অনেক কম লাগবে।

❋ হারিয়ে যাওয়া উপজাতি, নিখোঁজ জলযান ও ভুলে যাওয়া অরণ্য। এ সবই গুগলের সৌজন্যে খুঁজে পাওয়া গিয়েছে। এ বার বিশ্বের সবচেয়ে বড় সার্চ ইঞ্জিনের সৌজন্যে মিলল নয়া গ্রহের খোঁজ। সৌরজগতে নয়, কেপলার ৯০ নক্ষত্রের সংসারে যুক্ত হয়েছে নয়া এক গ্রহ। নাসার তথ্য গুগলের প্রযুক্তির সাহায্য বিশ্লেষণ করে এই গ্রহের অস্তিত্ব সম্পর্কে নিশ্চিত মহাকাশ বিজ্ঞানীরা। কেপলার ৯০ সূর্যে মতোই আর একটি নক্ষত্র। তার চারপাশে প্রদক্ষিণ করছে কয়েকটি গ্রহ। সৌরজগতের সঙ্গে মিল রয়েছে কেপলারের সংসারের। এবার মিলে গেল গ্রহের সংখ্যা। নতুন একটি গ্রহ খুঁজে পাওয়া গিয়েছে, যেটি কেপলার ৯০ নক্ষত্রকে প্রদক্ষিণ করছে। এর ফলে কেপলারের সৌর সংসারে গ্রহের সংখ্যা হল ৮টি। সৌরজগতের সঙ্গে সমান। এই প্রথম কোনও নক্ষত্র জগৎ পাওয়া গেল যেটির গ্রহের সংখ্যা পৃথিবীরই সমান। নাসার বিজ্ঞানী অ্যান্ড্রু ভ্যান্ডেনবার্গ বলেন, কেপলার ৯০ সৌরজগতের সংক্ষিপ্ত সংস্করণ। ছোট গ্রহ ভিতরের দিকে রয়েছে, বাইরের দিকে বড় গ্রহ। এই নয়া গ্রহের নাম দেওয়া হয়েছে **'কেপলার ৯০ আই'**। ছোট আকারের একটি পাথুরে গ্রহ। এটা নক্ষত্রের এত কাছে রয়েছে যে তার তাপমাত্রা ৪২৬ ডিগ্রি সেলসিয়াস। পৃথিবী যেখানে ৩৬৫ দিনে একবার সূর্যকে প্রদক্ষিণ করে, সেখানে কেপলার ৯০ আই-এর লাগে মাত্র ১৪ দিন। এই তথ্য থেকেই বোঝা যাচ্ছে, গ্রহটি নক্ষত্রের কত কাছে। নাসার কেপলার স্পেস টেলিস্কোপ মহাকাশের যে ছবি তুলেছে, তার থেকে নয়া গ্রহটিকে চিহ্নিত করা হয়েছে। টেলিস্কোপ থেকে পাওয়া তথ্য বিশ্লেষণে গুগলের সফটওয়্যার কাজে লেগেছে। এতে যে তথ্য মিলেছে, তাকে খতিয়ে দেখা হচ্ছে গুগলের সফটওয়্যারের মাধ্যমে।




❋ চীনের 'গ্রেটওয়াল ইন্ডাস্ট্রি কর্পোরেশন'-এর পক্ষ থেকে আলজেরিয়ার প্রথম টেলিকমিউনিকেশন স্যাটেলাইট **'Alcomast-1'** এর সফল উৎক্ষেপণ সম্পন্ন হল। 'লং মার্চ-3B' রকেটে চেপে এটি মহাকাশের উদ্দেশ্যে পাড়ি দিয়েছে। ১৯টি 'KU-ব্যান্ড', ১২টি 'XA-ব্যান্ড', ২টি 'L-ব্যান্ড' সহযোগে ৩৩টি ট্রান্সপোন্ডার পে-লোড, ৫২২৫ কেজির এই স্যাটেলাইটের সঙ্গে মহাকাশে পাড়ি দিয়েছে। এটির আয়ুঃকাল হল ১৫ বছর এবং 'আলজেরিয়া স্পেস এজেন্সি' এটিকে পরিচালনা করবে। টেলিভিশন সম্প্রচার, ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থা, ই-গভর্মেন্ট, অন্যান্য ডিজিটাল পরিষেবায় সাহায্য করবে এই 'Alcomast-1'।

❋ চীনে পরীক্ষামূলকভাবে বিশ্বের বৃহত্তম স্বয়ংক্রিয় **'কন্টেনার টার্মিনাল'** চালু হল। চীনের সাংহাই প্রদেশে ইয়াংশান বন্দরে এটি নির্মাণ করা হয়েছে। প্রায় ২.২৫ মিলিয়ন বর্গমিটার জায়গা জুড়ে এটি নির্মাণ করা হয়েছে। প্রথম থেকেই বন্দরের কর্মক্ষমতা এবং সুরক্ষার জন্য স্বয়ংক্রিয় পদ্ধতি ব্যবহৃত হয়। বিভিন্ন ধরনের লোডিং, আনলোডিং যন্ত্রপাতি যেমন ব্রিজ, ক্রেন, অটোমেটেড গাইডেড ভেহিকেল প্রভৃতি স্বয়ংক্রিয় সরঞ্জাম যা সম্পূর্ণভাবে চীনের নিজস্ব পদ্ধতিতে তৈরি করা হয়েছে তা এখানে ব্যবহৃত হবে। প্রথমবারে এই 'কন্টেনার টার্মিনালে'র ক্ষমতা রাখা হয়েছে ৪ মিলিয়ন TEUs। পরে তা বাড়িয়ে ৬.৩ মিলিয়ন TEUs করা হবে। এর ফলে বন্দরের কার্যক্ষমতা যেমন বৃদ্ধি পাবে তেমনই কার্বন নির্গমণও হ্রাস পাবে ১০ শতাংশে।

## প্রয়াণ

❀ প্রয়াত হলেন অভিনেতা, নির্দেশক **নীরজ ভোরা** (৫৪)। ৮০-র দশকে ভোরা একজন লেখক হিসাবে ইন্ডাস্ট্রিতে কাজ শুরু করেন। শুরুর দিকে তিনি টেলিভিশনের ধারাবাহিক লেখার কাজ করতেন। 'দৌড়', 'হেরাফেরি', 'ইয়ে তেরা ঘর ইয়ে মেরা ঘর', 'গোলমাল'-এর মতো ছবির জন্য লেখালেখি ছাড়াও তিনি নির্দেশনা দিয়েছিলেন 'খিলাড়ি ৪২০', 'ফির হেরা ফেরি', 'শর্টকাট : দ্য কন ইজ অন' ইত্যাদি ছবিতে। এছাড়া বহু ছবিতে তিনি অভিনয়ও করেছিলেন। তাঁর কমিক সেন্স এবং টাইমিংয়ে মাতিয়ে রেখেছিলেন দর্শকদের।




❀ প্রবীণ কংগ্রেস নেতা এবং দিল্লি বিধানসভার প্রাক্তন স্পিকার **চৌধুরী প্রেম সিং** প্রয়াত হলেন। তিনি দিল্লির কংগ্রেস দলে তিনবার প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছিলেন।

❀ প্রয়াত হলেন বিশিষ্ট সাংবাদিক এবং বাঙালি লেখক **রবিশঙ্কর বল**। দীর্ঘ ৩০ বছরের কর্মজীবনে তিনি ১৫টি উপন্যাস, ৫টি ছোট গল্পসামগ্রী, একাধিক কবিতা এবং সাহিত্যধর্মী রচনা লিখেছেন। শদত হাসান মান্ত-র লেখার বাংলা অনুবাদও করেছেন এই বিশিষ্ট সাংবাদিক।

❀ ভারতের 'ডিএনএ ফিঙ্গারপ্রিন্টের জনক' তথা বিখ্যাত বিজ্ঞানী **লালজি সিং**-এর জীবনাবসান ঘটল। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। তিনি ছিলেন বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের ২৫তম ভাইস চ্যান্সেলর। 'সেন্টার ফর সেলুলার অ্যান্ড মলিকিউলার বায়োলজি'-র তিনি প্রতিষ্ঠাতা। বিজ্ঞান গবেষণার কাজে অসামান্য অবদানের জন্য পদ্মশ্রী সম্মানেও তাঁকে ভূষিত করা হয়েছিল।






## লোয়ার ডিভিশন ক্লার্ক এবং অ্যাসিস্ট্যান্ট পদে আর্মিতে ৮১৮ জন নিয়োগ

১ পাতার পর

▶ শিক্ষাগত যোগ্যতা : *(১) মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট*– স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক অথবা, মেটিরিয়াল ম্যানেজমেন্টে ডিপ্লোমা অথবা, ইঞ্জিনিয়ারিংয়ের যেকোনো শাখায় ডিপ্লোমা পাশ। *(২) লোয়ার ডিভিশন ক্লার্ক* – উচ্চমাধ্যমিক পাশ। কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপের স্পিড থাকা চাই। *(৩) ফায়ারম্যান* –মাধ্যমিক পাশ। এর সাথে শারীরিক মান হিসেবে উচ্চতা ১৬৫ সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৮১.৫ সেমি এবং ফুলিয়ে ৮৫ সেমি, ওজন ৫০ কেজি হওয়া চাই। ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়াতে হবে। ৬৩.৫ কেজি মানুষকে পিছনে নিয়ে ১৮৩ মিটার দূরত্ব ৯৬ সেকেন্ডে পৌঁছাতে হবে। উলম্ব দড়ি, হাত এবং পায়ের সাহায্যে ৩ মিটার বেয়ে উঠতে হবে। *(৪) কুক* – মাধ্যমিক পাশ। আইটিআই বা ভোকেশনাল কলেজ থেকে কুকিংয়ের ডিপ্লোমা থাকা চাই। *(৫) স্টেনো গ্রেড-২* – উচ্চমাধ্যমিক পাশ। প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততায় ডিক্টেশন এবং ইংরেজিতে তা ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে কম্পিউটারে অনুবাদ করতে হবে। *(৬) ট্রেডসম্যান মেট* – মাধ্যমিক পাশ। *(৭) সাফাইওয়ালা* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। *(৮) মেসেঞ্জার* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। *(৯) ওয়াশারম্যান*– মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। *(১০) গার্ডেনার* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। *(১১) ফিমেল সার্চার* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকা চাই। *(১২) আর্মার* – মাধ্যমিক পাশ। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট পাশ এবং সংশ্লিষ্ট ট্রেডে ৩ বছরের অভিজ্ঞতা বাঞ্ছনীয়। *(১৩) টেলি অপারেটর* – ইংরেজি একটি বিষয়সহ মাধ্যমিক পাশ। পিবিএক্স, ব্রডব্যান্ড পরিচালনায় দক্ষতা থাকা দরকার। ইংরেজিতে কথাবার্তা বলায় চটপটে হতে হবে। *(১৪) সিএমডি* – মাধ্যমিক পাশ। ভারি গাড়ি চালানোর বৈধ সিভিলিয়ান ড্রাইভিং লাইসেন্স থাকা দরকার। ভারি গাড়ি চালানোয় ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(১৫) স্যাডলার* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা থাকা চাই। *(১৬) ফিটার*– মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *(১৭) ভেণ্ডার* – মাধ্যমিক পাশ। *(১৮) বার্বার* – মাধ্যমিক পাশ। বার্বারের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা দরকার। *(১৯) টিন অ্যান্ড কপারস্মিথ* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *(২০) ভেহিক্যাল মেকানিক* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *(২১) টেলর* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *(২৩) কার্পেন্টার অ্যান্ড জয়েনার*– মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *(২৪) ইলেক্ট্রিশিয়ান* – মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট থাকতে হবে অথবা, সংশ্লিষ্ট ট্রেডে কোনও সরকারি ওয়ার্কশপ বা প্রাইভেট ফার্মে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

▶ নির্বাচন পদ্ধতি : লিখিত পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল/স্কিল/ শারীরিক দক্ষতার পরীক্ষা নেওয়া হবে। অবজেক্টিভ টাইপ ২ ঘণ্টার লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিংয়ে ২৫ নম্বর, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউডে ২৫ নম্বর, জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়ারনেসে ৫০ নম্বর এবং স্পেশালাইজড টপিকের ওপর ৫০ নম্বর থাকবে। লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে টাইপিং টেস্ট নেওয়া হবে। ট্রেডসম্যান মেট এবং ফায়ারম্যান পদের ক্ষেত্রে শারীরিক দক্ষতার পরীক্ষা নেওয়া হবে। কুক, টেলর, ফিটার, আর্মার, ভেহিক্যাল মেকানিক, কার্পেন্টার অ্যান্ড জয়েনার, বার্বার, সিএমডি, ভেণ্ডর, স্যাডলার, ইলেক্ট্রিশিয়ান এবং টিন ও কপারস্মিথ পদের ক্ষেত্রে প্র্যাকটিক্যাল টেস্ট নেওয়া হবে।

▶ বেতনক্রম : ৫,২০০ টাকা থেকে ২০,২০০ টাকা। মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে গ্রেড-পে ২,৮০০ টাকা, স্টেনো পদের ক্ষেত্রে গ্রেড-পে ২,৪০০ টাকা, ভেণ্ডর, বার্বার,ট্রেডসম্যান মেট, সাফাইওয়ালা, মেসেঞ্জার, ওয়াশারম্যান, গার্ডেনার এবং ফিমেল সার্চার পদের ক্ষেত্রে গ্রেড পে ১,৮০০ টাকা। বাকি অন্যান্য পদের ক্ষেত্রে গ্রেড-পে ১,৯০০ টাকা।

▶ আবেদন পদ্ধতি : www. aocrecruitment. gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ৫ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

## জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর পশ্চিমবঙ্গের এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫ ও ৩ বছর ছাড় পাবেন। ৪০% এবং তার ওপরের প্রতিবন্ধী প্রার্থীরা ৪৫ বছর পর্যন্ত বয়স থাকলে আবেদনযোগ্য। অন্যান্য রাজ্যে এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসাবে গণ্য হবে। মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সার্টিফিকেটে উল্লেখিত বয়স একমাত্র বিবেচ্য হবে।

▶ বেতনক্রম : ৯,০০০ টাকা থেকে ৪০,৫০০ টাকা। গ্রেড-পে ৪,৪০০ টাকা।

▶ শূন্যপদ : বিভিন্ন দপ্তরে কতগুলি শূন্যপদ রয়েছে তা কিছুদিন পরে কমিশনের তরফে জানানো হবে। তবে, শূন্যপদের সংখ্যা কয়েক'শ হওয়ার সম্ভাবনা রয়েছে।

▶ নির্বাচন পদ্ধতি : অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষা এবং পার্সোনালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষায় ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ওপর প্রশ্ন থাকবে। মোট ২০০ নম্বর (২ নম্বর করে ১০০টি প্রশ্ন) এবং ২ ঘণ্টা সময় থাকবে। পার্সোনালিটি টেস্টে ১০০ নম্বর থাকবে।

▶ পরীক্ষার তারিখ ও পরীক্ষা কেন্দ্র : লিখিত পরীক্ষা কেবলমাত্র কলকাতার দুটি কেন্দ্রে হবে– কলকাতা উত্তর (কোড নম্বর ১) এবং কলকাতা দক্ষিণ (কোড নম্বর ২)। ২০১৮ সালের ১৮ ফেব্রুয়ারি লিখিত পরীক্ষা হওয়ার সম্ভাবনা রয়েছে।

▶ আবেদন ফি : আবেদন ফি ১৬০ টাকা। এছাড়াও ডেবিট/ক্রেডিট কার্ড এবং নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়ার ক্ষেত্রে জিএসটি এবং কনভেনিয়েন্স ফি অতিরিক্ত দিতে হবে। ব্যাঙ্ক কাউন্টারের মাধ্যমে অফলাইনে টাকা জমা দিলে আবেদন ফি ছাড়া সার্ভিস চার্জ স্বরূপ অতিরিক্ত ২০ টাকা দিতে হবে। পশ্চিমবঙ্গের এসসি/এসটি এবং ৪০ শতাংশ ও তার ওপরের প্রতিবন্ধী প্রার্থীদের কোনও আবেদন ফি দিতে হবে না।

▶ আবেদন পদ্ধতি : www.pscwbonline.gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ৩ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। উপরিলিখিত ওয়েবসাইটে গিয়ে প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। এই সময় যে আইডি এবং পাসওয়ার্ড পাবেন তা দিয়ে ক্যান্ডিডেটস কর্ণার থেকে লগ-ইন করে আবেদন করতে পারবেন। তবে যাঁরা এর আগে পিএসসি-র ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে রেখেছেন তাঁদের নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। তাঁরা সরাসরি নিজেদের অ্যাকাউন্টে লগ-ইন করে আবেদন করতে পারবেন। ৪ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত অফলাইনের মাধ্যমে ব্যাঙ্কে আবেদন ফি জমা দেওয়া গেলেও ৩ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে চালান জেনারেট করে নিতে হবে।

## অফিসার

১ পাতার পর ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। অথবা, স্বীকৃত বিশ্ববিদ্যালয় ফিজিক্স বা ম্যাথমেটিক্স একটি বিষয়সহ সায়েন্সে ডিগ্রি এবং ফরেনসিক ব্যালিস্টিকে ৭ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বাংলায় কথা বলতে পারা, লেখা এবং পড়তে পারা একটি আবশ্যিক শর্ত। তবে, যাঁদের মাতৃভাষা নেপালি তাঁদের ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়।

▶ বয়স : ১ জানুয়ারি, ২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৩৬ বছর। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ ২ জানুয়ারি, ১৯৮১ সালের আগে হওয়া চলবে না। খুব ভালো যোগ্যতা রয়েছে এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সের ছাড় দেওয়া হবে। পশ্চিমবঙ্গের এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীদের বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫ ও ৩ বছর ছাড় পাবেন। ৪০ শতাংশ এবং তার ওপরের প্রতিবন্ধী প্রার্থীরা ৪৫ বছর পর্যন্ত বয়স থাকলে আবেদনযোগ্য। অন্যান্য রাজ্যে এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসাবে গণ্য হবে।

▶ বেতনক্রম : ১৫,৬০০ টাকা থেকে ৪২,০০০ টাকা। গ্রেড-পে ৫,৪০০ টাকা।

▶ শূন্যপদ : ৩টি। এর মধ্যে এসসি এবং এসটি প্রার্থীদের জন্য ১টি করে আসন সংরক্ষিত রয়েছে।

▶ আবেদন ফি : আবেদন ফি ২১০ টাকা। এছাড়াও ডেবিট/ক্রেডিট কার্ড এবং নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়ার ক্ষেত্রে জিএসটি এবং কনভেনিয়েন্স ফি অতিরিক্ত দিতে হবে। ব্যাঙ্ক কাউন্টারের মাধ্যমে অফলাইনে টাকা জমা দিলে আবেদন ফি ছাড়া সার্ভিস চার্জ স্বরূপ অতিরিক্ত ২০ টাকা দিতে হবে। পশ্চিমবঙ্গের এসসি/এসটি এবং ৪০ শতাংশ ও তার ওপরের প্রতিবন্ধী প্রার্থীদের কোনও আবেদন ফি দিতে হবে না।

▶ আবেদন পদ্ধতি : www.pscwbonline.gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ৩ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। উপরিলিখিত ওয়েবসাইটে গিয়ে প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। এই সময় যে আইডি এবং পাসওয়ার্ড পাবেন তা দিয়ে ক্যান্ডিডেটস কর্ণার থেকে লগ-ইন করে আবেদন করতে পারবেন। তবে যাঁরা এর আগে পিএসসি-র ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে রেখেছেন তাঁদের নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। তাঁরা সরাসরি নিজেদের অ্যাকাউন্টে লগ-ইন করে আবেদন করতে পারবেন। ৪ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত অফলাইনের মাধ্যমে ইউবিআই ব্যাঙ্কের যেকোনো শাখায় আবেদন ফি জমা দেওয়া গেলেও ৩ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে চালান জেনারেট করে নিতে হবে।

## রাজ্যে ৫৭ পাবলিক হেলথ ম্যানেজার

১ পাতার পর

▶ শিক্ষাগত যোগ্যতা : ডেন্টাল/নার্সিং-এ গ্র্যাজুয়েট। অথবা, ইকোনমিক্সে মাস্টার ডিগ্রি/লাইফ সায়েন্সে (বোটানি, জুলজি, হিউম্যান ফিজিওলজি, মাইক্রোলজি, বায়ো কেমিস্ট্রি, বায়ো টেকনোলজি ও বায়ো ইনফরমেটিক্স হলেও হবে) মাস্টার ডিগ্রি অথবা, সোশাল সায়েন্সে গ্র্যাজুয়েশনসহ পাবলিক হেলথ/কমিউনিটি হেলথ/ প্রিভেনটিভ অ্যান্ড সোশাল মেডিসিনে মাস্টার অথবা, যেকোনো শাখায় গ্র্যাজুয়েশনসহ হেলথ কেয়ার/হিউম্যান রিসোর্সে এমবিএ। এমএস অফিস এবং ইন্টারনেটসহ কম্পিউটারে দক্ষতা থাকা চাই। হেলথ প্রোগ্রাম ম্যানেজমেন্টে (কমিউনিটি মোবিলাইজেশন/ইন্টার সেক্টোরাল কোলাবোরেশন/ কোয়ালিটি কন্ট্রোল/ আইইসি-বিসিসি অ্যাক্টিভিটি/ মনিটরিং অ্যান্ড ই-ভ্যালুয়েশন/ ডিজিজ সার্ভেল্যান্স) ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই।

▶ বয়স : ১ এপ্রিল, ২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৪০ বছর। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের নিয়ম অনুযায়ী বয়সের ছাড় রয়েছে।

▶ নির্বাচন পদ্ধতি : মোট ১০০ নম্বরের পরীক্ষায় শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে ৭৫ নম্বর থাকবে। কম্পিউটার টেস্টে ১৫ নম্বর থাকবে এবং অভিজ্ঞতায় ১০ নম্বর থাকবে।

▶ বেতন : মাসিক ২৫,০০০ টাকা।

▶ আবেদন ফি : জেনারেল প্রার্থীদের জন্য ১০০ টাকা। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের জন্য ৫০ টাকা।

▶ আবেদন পদ্ধতি : www. wbhealth.gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ২৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। অনলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ ২৯ ডিসেম্বর, ২০১৭। আবেদনপত্র সম্পূর্ণরূপে জমা করার শেষ তারিখ ৩১ ডিসেম্বর, ২০১৭।

## নর্দার্ন রেলে ৩১৬২ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

শিক্ষাগত যোগ্যতার হিসেব ১২ ডিসেম্বর, ২০১৭ অনুযায়ী হবে।

▶ বয়স : ২৭ জানুয়ারি, ২০১৮ অনুযায়ী ১৫ বছর পূর্ণ হতে হবে এবং ২৪ বছর বয়স পূর্ণ হওয়া যাবে না। এসসি/এসটি, ওবিসি এবং প্রতিবন্ধী প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় যথাক্রমে ৫, ৩ এবং ১০ বছর ছাড় পাবেন।

▶ আবেদন ফি : ১০০ টাকা। ডেবিট/ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং, ই-ওয়ালেট ইত্যাদির মাধ্যমে অনলাইনে আবেদন ফি জমা করতে হবে। এসসি/এসটি, প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের কোনও আবেদন ফি লাগবে না।

▶ নির্বাচন পদ্ধতি : মাধ্যমিক এবং আইটিআই-তে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

▶ অন্যান্য তথ্য : ট্রেড এবং ইউনিট অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা, আইটিআই ট্রেডের যোগ্যতা ইত্যাদির বিস্তারিত খুব শীঘ্রই www.rrcnr.org ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরিলিখিত ওয়েবসাইটেই অ্যাপ্রেন্টিসে সুযোগ পাওয়া প্রার্থীদের মেরিট লিস্ট ১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ থেকে ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে দেখতে পাবেন।

▶ আবেদন পদ্ধতি : নর্দার্ন রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের ওয়েবসাইট www.rrcnr.org এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন। আগামী ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ সকাল ১১টা থেকে অনলাইন আবেদনের লিঙ্ক খোলা হবে। ২৭ জানুয়ারি, ২০১৮ তারিখ বিকেল ৫টা পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবেন। নির্বাচন পদ্ধতি, জাতিভিত্তিক শূন্যপদ এবং আইটিআই ট্রেড ভিত্তিক আসনসংখ্যাসহ আরও বিস্তারিত তথ্য উপরিলিখিত ওয়েবসাইট থেকে পাবেন।

## ১৬ ড্রাইভার

ভারতীয় ডাক বিভাগে ১৬ জন স্টাফ কার ড্রাইভার নেওয়া হবে। এটি কেন্দ্রীয় সরকারের গ্রুপ-সি পোস্ট। মাধ্যমিক পাশ প্রার্থীরা হালকা ও ভারী গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ ৩ বছর ড্রাইভিংয়ের অভিজ্ঞতা থাকলে এবং ১৮-২৭ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারবেন। পে-স্কেল ১৯,৯০০ টাকা। নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আবেদনপত্রে সঙ্গে সমস্ত যোগ্যতার ফটোকপি (গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যায়িত) দেবেন। ২২ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র পৌঁছানো চাই। ঠিকানা-- The Senior Manager, Mail Motor services, 134-A, S.K. AHIRE MARG, WORLI, MUMBAI-400018।

## ৬ ডিস্ট্রিক্ট এন্টোমোলজিস্ট

১ পাতার পর

মধ্যে এমএসসিতে প্রাপ্ত নম্বরের ওপর ৩৫ নম্বর, পিএইচডি-র জন্য ১৫ নম্বর, অভিজ্ঞতার জন্য ২০ নম্বর, কম্পিউটার দক্ষতার ওপর ১৫ নম্বর এবং ইন্টারভিউতে ১৫ নম্বর বরাদ্দ রয়েছে।

▶ বেতন : মাসিক ৪০,০০০ টাকা।

▶ আবেদন পদ্ধতি : www. wbhealth.gov.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর প্রিন্ট-আউট নিয়ে নেবেন। এটি ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় প্রয়োজন হবে।


### 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



GSCE-র অভিজ্ঞ শিক্ষক মণ্ডলী দ্বারা তৈরি নমুনা প্রশ্নোত্তর

# পরীক্ষা প্রস্তুতি : আর বি আই অফিস অ্যাটেন্ড্যান্ট

আর বি আই অফিস অ্যাটেন্ড্যান্ট পদের অনলাইন টেস্ট পরীক্ষায় রিজনিং ৩০ নম্বর, নিউমেরিক্যাল এবিলিটি ৩০ নম্বর, জেনারেল ইংলিশ ৩০ নম্বর এবং জেনারেল অ্যাওয়ারনেস-এর ওপর ৩০ নম্বর থাকবে। মোট নম্বর থাকবে। মোট নম্বর ১২০। সময়সীমা ১ ঘন্টা। পরীক্ষার সম্ভাব্য তারিখ : ডিসেম্বর/জানুয়ারি। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

***Directions (1-2) :*** *In the following questions symbols @, #, $, * and % are used with the following meaning.*

'P @ Q' means 'P is not smaller than Q.'

'P # Q' means 'P is neither greater than nor equal to Q'.

'P $ Q' means 'P is neither smaller than nor greater than Q'.

'P * Q' means 'P is not greater than Q.'

'P % Q' means 'P is not neither smaller than nor equal to Q'.

Now in each of the following questions assuming the given statements to be true, find which of the two conclusions I and II given below them is/are definitely true.

Give answer (a) — if only conclusion I is true.

Give answer (b) — if only conclusion II is true.

Give answer (c) — if either conclusion I or II is true.

Give answer (d) — if neither conclusion I nor II is true.

Give answer (e) — if both conclusion I nor II are true.

1. **Statements :** M $ K, D * K, R # K

**Conclusions :**

**I.** D $ M **II.** M % D

(a) (b) (c) (d) (e)

2. **Statements :** F * M, M % R, E @ F

**Conclusions :**

**I.** M % E **II.** R @ E

(a) (b) (c) (d) (e)

***Directions (3-4) :*** *In each of the question below are given three statements followed by two conclusions numbered I, and II. Based on this choose the option that is most suitable :*

3. **Statement :**

Some wins are trophies Some trophies are cups

No cup is a prize

**Conclusions :**

**I.** Atleast some cups are wins

**II.** All prizes being trophies is a possibility

(a) Only conculusion I is true

(b) Only conculusion II is true

(c) Either conculusion I or II true

(d) Both conculusion I and II are ture

(e) Neither conculusion I nor II is true

4. **Statement :**

No layer is a coat All coats are deposits

All deposits are sheets

**Conclusions :**

**I.** All coats are sheets

**II.** All deposits can never be layers

(a) Only conclusion I is true

(b) Only conclusion II is true

(c) Either conclusion I or II is true

(d) Both conclusion I and II are true

(e) Neither conclusion I nor II is true

***Directions (5-7) :*** *Study the following information carefully and answer the given question.*

Eight friends A, B, C, D, E, F, G and H are seated around a square table — two on each side facing centre there are three lady members and they are not seated next to each other.

F is between H and B. C is between E and B. D, a lady member, is second to the left of F. B, a male member is seated opposite to A, a lady member. There is a lady member between B and E.

5. Who sits opposite to G?

(a) D (b) H (c) F (d) B (e) C

6. Who among the following is seated between D and F?

(a) H (b) G (c) C (d) B (e) A

7. Who is the lady member among the following?

(a) H (b) B (c) E (d) A (e) None of these

***Directions (8-10) :*** *Study the following information carefully and answer the given questions.*

J, K, L, M, N, O and P are seven Kids playing in the garden. They are waring clothes of black, blue, white, green, pink, yellow and brown colours. Out of the seven, three are girls. No girl is wearing either black, yellow or brown, M's sister O is wearing pink, while he is wearing brown. J is wearing blue, while his sister K is not wearing green. N is wearing yellow, while his best friend P is a boy.

8. What colour is K wearing?

(a) White (b) Green (c) Pink

(d) Brown (e) None of these

9. What colours are the sisters of J and M wearing?

(a) Pink and Green (b) White and Pink

(c) Pink and Yellow (d) White and Green

(e) None of these

10. Which of the following groups represents only girls?

(a) KLN (b) KNO (c) KLO

(d) JKO (e) None of these

11. Rajeev said to Sanjeev, "That boy Playing football is the younger of the two brothers of the daughters of my father's wife". How the boy playing football is related to Rajeev?

(a) Brother (b) Cousin (c) Brother-in-law

(d) Nephew (e) None of these

12. Rana travels 10 km to the North, turns left and travels 4 km, and then again turns right and covers another 5 km, and then turns right, and travels another 4 km. How for is he form the right starting point?

(a) 15 km (b) 4 km (c) 5 km (d) 10 km (e) 20 km

13. How many 9's are followed by and preceded by numbers divisible by 2?

8 9 6 5 3 5 9 6 8 3 4 9 6 5 2 6 9 7 3 7 2 9 4 1
3 7 9 4 1 7 3 4 9 8 4 5 3 9 7 6 1 5 3 1 9 5 7
4 2 9 6 8 5 3 2 9 5 7 4 8 9 4 5 1

(a) 12 (b) 6 (c) 8 (d) 10 (e) 4

***Directions (14-15) :*** *In each of the following questions. One term in the number series is wrong. Find out the wrong term.*

14. 1, 5, 5, 9, 7, 11, 11, 15, 12, 17

(a) 11 (b) 12 (c) 17 (d) 15 (e) None of these

15. 2, 3, 9, 27, 112, 565, 3396

(a) 565 (b) 9 (c) 112 (d) 27 (e) None

***Directions (16-20) :*** *Circle graph given below shows the expenditure incurred in bringing out a book by a publisher study the graph and answer the questions.*




16. The central angle of the sector for the cost of the paper is :

(a) 22·5° (b) 16° (c) 54·8° (d) 57·6° (e) 50°

17. Royalty on the book is less than the Advertisement charges by :

(a) 3% (b) 25% (c) 20% (d) 16⅔% (e) 10%

18. If 5500 copies are published, Miscellaneous expenditures amounts to ₹ 1848 and publisher's profit is 25%, then marked price of each copy is:

(a) ₹12·50 (b) ₹10·50 (c) ₹10 (d) ₹8·40 (e) ₹15·50

19. If the cost of printing is ₹17,5000, the Royalty is:

(a) ₹8750 (b) ₹6300 (c) ₹7500

(d) ₹3150 (e) ₹3000

20. If the Miscellancous charges is ₹6000, the advertisement charges are :

(a) ₹2700 (b) ₹90,000 (c) ₹12,000

(d) ₹1,333·33 (e) ₹2000

21. A 10 km race is organised at 800 m circular race course. P and Q are the contestants of this race. If the ratio of the speeds of P and Q is 5 : 4. How many times will the winner overtake the loser?

(a) 4 times (b) 1 time (c) 2 times

(d) 3 times (e) None of these

22. A boat goes 12 km in 1 h in still water. It takes thrice time in covering the same distance against the current. Find the speed of the current.

(a) 8 km/h (b) 12 km/h (c) 6 km/h

(d) 7 km/h (e) None of these

23. Two trains of lengths 70 m and 90 m are moving in opposite directions at 10 m/s. and 6m/s., respectively. Find the time taken by trains to cross each other.

(a) 10 sec (b) 8 sec (c) 12 sec

(d) 16 sec (e) None of these

24. Nilu covers a distance by walking for 6h. While returning, his speed decreases by 2 km/h. and he takes 9h to cover the same distance what was her speed while returning?

(a) 2 km/h (b) 5 km/h (c) 4 km/h

(d) 7 km/h (e) 8 km/h

25. A, B and C are three pipes connected to a tank. A and B together fill the tank in 6 hour, B and C together fill the tank in 10 hour and A and C together fill the tank in 12 hour. In how much time A, B and C fill up the tank together?

(a) 9 hour (b) $5\frac{3}{7}$ hour (c) $5\frac{2}{7}$ hour

(d) $5\frac{5}{7}$ hour (e) 5 hour

26. 16 Children and 24 men complete a certain work in 18 days. If each child takes twice the time taken by a man to finish the work, in how many days will 24 men finish the same work?

(a) 12 days (b) 24 days (c) 36 days

(d) 48 days (e) 30 days

27. A container is filled with liquid, 6 part of which are water and 10 part milk. How much of the mixture must be drawn off and replaced with water so that the mixture may be half water and half milk?

(a) 1/3 (b) 1/7 (c) 1/5 (d) 1/8 (e) 1/2

28. A certain sum at compound interest amounts to ₹12960 in 2 year and ₹ 13176 in 3 year. Find the rate percent per annum.

(a) $1\frac{1}{3}$% (b) $2\frac{1}{3}$% (c) $1\frac{2}{3}$% (d) $2\frac{2}{3}$% (e) $2\frac{1}{3}$%

29. A principal amounts to ₹944 in 3 year and to ₹1040 in 5 year, each sum being invested at the same simple interest. The principal was :

(a) ₹800 (b) ₹991 (c) ₹750 (d) ₹900 (e) ₹700

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



30. A dishonest dealer sells his goods at 10% loss on cost price and uses 30% less weight. What is his profit or loss percent?
(a) $28\frac{4}{7}$% loss (b) $28\frac{3}{7}$% gain (c) $28\frac{3}{7}$% loss
(d) $28\frac{4}{7}$% gain (e) None of these

31. What is the reverse rupo rate of RBI?
(a) 6% (b) 6·25% (c) 5% (d) 5·25% (e) 5·75%

32. During whose tenure was the Treaty of Rawalpindi signed after the third Afghan War?
(a) Lord Chelmsford(b) Warren Hastings
(c) Lord Dulhousie (d) Lord Wellington
(e) Lord Wavell

33. Who was the earliest and the best known woman social reformer of Modern India?
(a) Pandita Ramabai (b) Mrs Annie Beasant
(c) Tarabai Shinde (d) Muthuluxmi Reddy
(e) None of these

34. The term 'Taiga' means :
(a) Tall trees (b) Coniferous trees
(c) Unexploited forests (d) evergreen trees
(e) None of these

35. Who introduced the concept of Human Development Index?
(a) Professor Amartya sen
(b) Dr. Mahabub-ul-Haq (c) Ellen C. Semple
(d) Ratzel (e) None of these

36. The power to curve out a new state is vested in:
(a) The Parliament (b) The President
(c) The Council of Ministers
(d) State's Reorganisation Commission
(e) Prime Minister

37. Which non-member can participate in the business of either house of Parliament?
(a) The Vice-President (b) The Solicitor General
(c) The Attorney General
(d) The Chief Justice of India (e) The President

38. Part VI of our constitution is applicable to all states except :
(a) Arunachal Pradesh (b) Jammu & Kashmir
(c) Sikkim (d) Mizoram (e) Manipur

39. Who presented the first union budget of Independent India?
(a) Moraji Desai (b) John Mathai
(c) RK Shanmukhan Chetty (d) NK Chanda
(e) B. N. Rao

40. Main Objective of Antyodaya Programme is to :
(a) Uplift the urban slum dwellers
(b) uplift the former (c) uplift the landless labour
(d) uplift the poor (e) None of these

41. Aryabhatta Award is given in the field of :
(a) Mathematics (b) Astrology
(c) Astronautics and space
(d) Planetary Motion (e) Literature

42. Who translated the National song into English?
(a) Rabindranath Tagore (b) Dr. S. Radhakrishnan
(c) Sarojini Naidu (d) Aurobindo Ghosh
(e) Bankimchandra Chatterjee

43. Which Committee was constituted for reforms in tax-structure?
(a) Narsimhana Committee
(b) Chelliah Committee (c) Gadgil Committee
(d) Kelkar Committee (e) Dutt Committee

44. 'Global Competitiveness Report' is released by which of the following organisations?
(a) World Trade Organisation
(b) European Union (c) World Bank
(d) World Economic Forum (e) None of these

45. When is National girl child day of India day?
(a) January 25th (b) January 24th (c) October 24th
(d) November 14th (e) March 15th

*Directions (46-50) : Read the following passage carefully and answer the question based on it.*

The recent passage of the Bill, on the transplantation of human organs, by Parliament, is a long-overdue measure aimed at curbing widespread trafficking in organs, especially kidneys. As the only country where kidneys can be transplanted from donors unrelated to the patient, India, and notably Bombay, has gained international notoriety as the capital of the organ trade. Wealthy patients from India and abroad, unscrupulous doctors and rapacious brokers have made this a multi-crore racket in which the only loser is the impoverished donor *parting with* an organ for small money. The legislation atrikes at such exploitative transactions by stipulating that blood relations and spouses are the only live donors from whom kidneys can be transplanted, and making the buying and selling of human organs a cognisable offence. By allowing the transport of cadaver organs, the Act not only opens new avenues in the treatment of renal failure, where the availability of donor kidneys falls far short of demand, but paves the way for liver transplants for which expertise exists in India. The statutory recognition of brain stem death, which is accepted medical practice the world over, widens the scope of cadaver world over, widens the scope of cadaver transplants by making 'beating heart' cadavers another source for donor organs.

True, the mere enactment of such legislation cannot put an end to an entrenched practice that *thrives on patronage* from sections of the medical community, and political and public apathy. The delay of nearly two years between the introduction of the Bill and its passage and the attempts of people with vested interests to introduce certain dubious 'amendmets' are an indication of what the law is up against. The effectiveness of the law will depend, therefore, on the state's determination to implement it through vigilant monitoring. The provisions for cadaveric transplants will remain on paper in the absence of public education to encourage the voluntary donation of bodies and organs overcoming religious taboos, and the setting up of institutional facilites for organ retrieval and storage. Most of all, the law *rests on* the realisation by medical professional that ethical and humane values must *prevail over* other considerations. The removal of organs from unrelated donors is almost invariably a transfer of helath from the poor and weak to the rich. It cannot be defended on any ground.

46. Which of the following means 'thrives on patronage'?
(a) supports the practice (b) confusion by the patron
(c) prospers on support
(d) fails in spite of support (e) disintegrates

47. Which of the following is the reason for Bombay gaining international notoriety?
(a) Human organs like kidney are smuggled here
(b) There is no legislation against kidney transplantation
(c) There are international underworld gangs operating
(d) Even patients from other countries come here for kidney transplantation donated by poor people (e) None of these

48. Which of the following would be an impediment in getting donation of cadaver organs?
(a) Storage problems (b) Religious taboos
(c) Absence of adequate legislation
(d) Effective implementation of law
(e) None of these

49. How much time was spent in drafting the Bill befores its introduction?
(a) 2 years (b) 3 years (c) 4 years
(d) Not specified (e) None of these

50. Which of the following is not true in the context of the passage?
(a) There is a widespread organ trafficking of livers.
(b) India does not have expertise for liver transplantation.
(c) The problems of transplantation of human organs have been unnecessarily highlighted.
(d) The Bill on human organs transplantation was needed much earlier.
(e) The final Bill has not been passed so far.

*Directions (51-52) : In each of the following sentences, find out which part of the sentence has an error. If there is no mistake, the answer is no error.*

51. It was apparent for everyone present (a) / that if the patient (b) / did not receive medical attention fast (c) / he would die (d) / No error (e)

52. Kamal's habit of (a) / delaying his work (b) / put his colleagues (c) \ to lot of trouble (d) / No error (e)

*Directions (53-54) : Fill in the blanks :*

53. History records seventeen incursions of sultan Mahmood ——— India.
(a) against (b) into (c) upon (d) on (e) at

54. Your statement is replete ——— contradictions.
(a) by (b) of (c) in (d) with (e) for

*Directions (55-57) : Fill in the blanks with appropiate words :*

The need for (55) clearly the (56) between the world economic conditions and child welfare has thus become even more urgent in the last few years. The world scale of current child distress also makes it artificial to restrict the analysis of causes to the (57) level.

55. (a) curbing (b) chalking out (c) propagating
(d) implementing (e) bringing out

56. (a) linkages (b) fallouts (c) contrasts
(d) similarities (e) dependence

57. (a) highest (b) low (c) political
(d) international (e) national

*Direction (58) : Choose the most suibtable 'one word' for the given expressions.*

58. To come as a settler into another country.
(a) Alienate (b) Emigrate (c) Migrate
(d) Immigrate (e) None of these

*Directions (59-60) : Choose the one which best expresses the meaning of the idiom/phrase :*

59. To mind one's P's and Q's :
(a) To be cautious (b) To be accurate and Precise
(c) To be careful of one's accounts
(d) To be careful of one's personality
(e) None of these

60. To play to the gallery
(a) To work hard to achieve the best
(b) Trying to get appreciation from least intelligent people
(c) Use wrong means to achieve success
(d) To be able to do a work easily
(e) To work in a room

## ANSWERS

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (c) | 2. (d) | 3. (b) | 4. (d) | 5. (c) |
| 6. (a) | 7. (d) | 8. (a) | 9. (b) | 10. (d) |
| 11. (a) | 12. (a) | 13. (b) | 14. (b) | 15. (b) |
| 16. (d) | 17. (d) | 18. (b) | 19. (c) | 20. (a) |
| 21. (c) | 22. (a) | 23. (a) | 24. (c) | 25. (d) |
| 26. (b) | 27. (c) | 28. (c) | 29. (a) | 30. (d) |
| 31. (b) | 32. (a) | 33. (c) | 34. (b) | 35. (b) |
| 36. (a) | 37. (c) | 38. (b) | 39. (c) | 40. (d) |
| 41. (c) | 42. (a) | 43. (b) | 44. (d) | 45. (b) |
| 46. (c) | 47. (d) | 48. (b) | 49. (d) | 50. (c) |
| 51. (a) | 52. (d) | 53. (b) | 54. (a) | 55. (e) |
| 56. (c) | 57. (e) | 58. (d) | 59. (b) | 60. (b) |

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



# পরীক্ষা প্রস্তুতি

'শিক্ষা চাকরি ও খেলা'র প্রতিটি সংখ্যায় বিষয় অনুযায়ী স্টাডি ম্যাটার দেওয়া হচ্ছে। বিভিন্ন ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী এই তথ্য ভাণ্ডার তৈরি করেছেন GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী। এই সংখ্যায় ইতিহাসের 'আধুনিক ভারতের ইতিহাস' সম্বন্ধে আলোচনা করা হল।

## ❑ ব্রিটিশ শাসন ❑

### ◀ ভারতের গভর্নর জেনারেল ▶


ওয়ারেন হেস্টিংস

**ওয়ারেন হেস্টিংস (১৭৭২-১৭৮৫ খ্রীঃ) :** ১৭৭২ খ্রীস্টাব্দে ওয়ারেন হেস্টিংস ক্লাইভের উত্তরাধিকারী হন এবং ভারতের প্রথম গভর্নর জেনারেল হন। তিনি বিভিন্ন সংশোধনের সূচনা করেন। দেওয়ানি ও ফৌজদারি আদালত স্থাপন করেন। তিনি নিয়ামক আইন ১৭৭৩-এর জারি করেন। যাতে গভর্নর জেনারেলের নেতৃত্বে এক মন্ত্রী পরিষদ কাজ করে। ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক জারি পিটস ইন্ডিয়া অ্যাক্ট-এর মাধ্যমে কোম্পানীর সমস্ত কাজের উপর চিরস্থায়ী ভাবে ব্রিটিশ পার্লামেন্টের কেন্দ্রীয় নিয়ন্ত্রণে থাকবে।

**লর্ড কর্ণওয়ালিশ (১৭৮৬-১৭৯৩ খ্রীঃ) :** ১৭৮৭ খ্রীঃ লর্ড কর্ণওয়ালিশ গভর্নর জেনারেল হন এবং বাংলায় নতুন আয়কর ব্যবস্থা চালু করেন। এর মূল উদ্দেশ্য ছিল ভূমি রাজস্ব আয় স্থিতিশীল করা। পর্যায়ক্রমিক জমিদারি প্রথা বিলোপ করা হয় এবং এর পরিবর্তে চিরস্থায়ী জমিদারি ব্যবস্থা প্রচলিত হয় কৃষকদের থেকে রাজস্বের সংগ্রহের জন্য। এর ফলে সরকারি কোষাগারে প্রত্যেক বছর একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ সংগ্রহ করা হত।

**লর্ড ওয়েলেসলি (১৭৯৮-১৮০৫ খ্রীঃ) :** লর্ড ওয়েলেসলির সময়ে চতুর্থ মহীশূর যুদ্ধ হয়েছিল, এবং এটা ছিল শেষ মহীশূর যুদ্ধ। টিপু সুলতান হারানো ক্ষমতা পুনরায় উদ্ধারের পর ভারত থেকে ব্রিটিশদের বিতাড়িত করার উদ্দেশ্যে নেপোলিয়ান ও পারস্যের রাজার সহায়তায় অভিযান শুরু করেন। লর্ড ওয়েলসলি এই আশঙ্কার কথা বুঝতে পেরে নিজাম এবং মারাঠাদের সঙ্গে জোট তৈরী করেছিলেন এবং সাহসিকতার সঙ্গে যুদ্ধ করেও ১৭৯৯ খ্রীঃ টিপু সুলতান পরাস্ত হন এবং মৃত্যুবরণ করেন। যুদ্ধ ছাড়াও তিনি ব্রিটিশ সাম্রাজ্য প্রসারের জন্য অধীনতামূলক মিত্রতা নীতির প্রয়োগ করেন। এই ব্যবস্থা অনুসারে পৃথকভাবে শাসন করা শাসকেরা ব্রিটিশ সৈন্যদের স্থায়ী থাকার জায়গা দেবেন এবং এর ব্যয় নির্বাহের জন্য তাদের রাজ্যের একাংশ কোম্পানীর হাতে সমর্পন করবেন। একজন ব্রিটিশ শাসককে বসবাস করার অধিকার দিতে হবে। মিত্রতায় আবদ্ধ সকল দেশীয় রাজাগুলি থেকে একমাত্র ইংরেজ ছাড়া সকল ইউরোপীয় কর্মচারী ও নাগরিকদের বিতাড়িত করতে হবে। অধীনতামূলক মিত্রতা নীতির ফলে মিত্র রাজারা বৈদেশিক ব্যাপারে সার্বভৌমত্ব হারিয়েছিল এবং বসবাসকারী ব্রিটিশ শাসক অভ্যন্তরীণ শাসন ব্যবস্থায় হস্তক্ষেপ করত। দেশীয় রাজ্যের শাসকেরা শাসনক্ষমতা সম্পূর্ণভাবে হারিয়েছিল।

**লর্ড হেস্টিংস (১৮১৩-১৮২৩ খ্রীঃ) :** ১৮১৪ খ্রীঃ লর্ড হেস্টিংসের নেতৃত্বে নেপাল পরাজিত হয়েছিল। এর ফলে কুমায়ুন, গাড়োয়াল ব্রিটিশদের সাম্রাজ্যভুক্ত হয়। ১৮১৮ খ্রীঃ মারাঠারা তাদের স্বাধীনতা উদ্ধারের শেষ চেষ্টা করেন। এর ফলে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ সংগঠিত হয়েছিল এবং মারাঠারা চূর্ণবিচূর্ণ হয়েছিল। হেস্টিংসের সময় অনেক সংস্কারমূলক কাজ হয়েছিল। যেমন রায়তওয়ারী চুক্তি যার ফলে রায়ত (চাষী) এবং সরকারের মধ্যে চুক্তি হয়। জমির উপর ভিত্তি করে রাজস্ব ধার্য করা হয়েছিল। এই রাজস্ব ৩০ বছরের বেশী সময়ের জন্য কার্যকরী হবে না। মোট ফসলের অর্ধাংশ সরকারকে দিতে হবে। এই সময়ে শিক্ষার প্রতি ব্যয়, রাস্তা তৈরী, সেতু এবং খালের নির্মাণের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল।

**লর্ড উইলিয়ম বেন্টিঙ্ক (১৮২৮-১৮৩৫ খ্রীঃ) :** তিনি সমাজ সংস্কারক হিসাবে বিখ্যাত ছিলেন। তাঁর সহায়তায় সতীদাহ প্রথা (১৮২৯ খ্রীঃ), ঠগী দমন, কন্যা সন্তান হত্যা নিবারণ হয় এবং তিনি আরও জনহিতকর কাজ করেছিলেন। তিনি তাঁর কাউন্সিলের সদস্য টমাস বেবিংটন মেকলের পরামর্শ অনুযায়ী উচ্চশিক্ষার ক্ষেত্রে ইংরেজী ভাষাকে মাধ্যম হিসাবে প্রবর্তন করেন। ১৮৩৩ খ্রীঃ চার্টার অ্যাক্ট অনুসারে কোম্পানী ব্যবসা বন্ধ করে দিয়েছিল এবং প্রশাসনিক ক্ষমতা পেয়েছিল।

রাজা রামমোহন রায় ছিলেন তাঁর সমসাময়িক, তিনি ছিলেন একজন সমাজ ও ধর্ম সংস্কারক এবং বেন্টিঙ্কের সহায়তায় সতীদাহ প্রথা নিবারণ করেন। রামমোহন ১৮২৯ খ্রীঃ একটি নতুন সমাজ গঠন করেন যা ব্রাহ্মসমাজ নামে পরিচিত। এটি একেশ্বরবাদের উপর প্রতিষ্ঠিত, মূর্তিপূজা জাতিভেদ প্রথা আচার ও অনুষ্ঠানের জটিলতার বিরোধী ছিল।

**স্যার হার্ডিঞ্জ (১৮৪৪-১৮৪৮ খ্রীঃ) :** তিনি সংবাদ সংস্থা ও গণমাধ্যমের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেন।

**লর্ড ডালহৌসি (১৮৪৮-১৮৫৬ খ্রীঃ) :** ১৮৪৮ খ্রীঃ লর্ড হার্ডিঞ্জের উত্তরাধিকারী হন লর্ড ডালহৌসি। তাঁর সময়ে দ্বিতীয় শিখযুদ্ধ (১৮৪৯ খ্রীঃ) হয়েছিল। এই যুদ্ধে শিখরা আবার পরাস্ত হয় এবং ডালহৌসি সমগ্র পাঞ্জাবকে ব্রিটিশ প্রশাসনের অধীনে আনেন। লর্ড ডালহৌসি স্বত্ব বিলোপ নীতির প্রবর্তন করেন। এই নীতি অনুযায়ী ভারতে কোনো দেশীয় রাজ্যের রাজা যদি অপুত্রক অবস্থায় মারা যায় তাহলে কোন দত্তক পুত্র গ্রহণ করতে পারবে না। সেই সঙ্গে রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হবে। সংস্কারক ডালহৌসি ১৮৫৩ খ্রীঃ বোম্বে থেকে থানে পর্যন্ত রেলপথ স্থাপন করেন এবং সেই বছর কলকাতা এবং আগ্রার মধ্যে টেলিগ্রাফ লাইন সংযোগ করেন। অন্যান্য সংস্কারের মধ্যে পি. ডব্লিউ. ডি স্থাপন এবং বিধবা বিবাহ প্রবর্তন।

**রামকৃষ্ণ এবং বিবেকানন্দ :** কলকাতার কাছে দক্ষিণেশ্বর মন্দিরের পুরোহিত রামকৃষ্ণ পরমহংস (১৮৩৬-১৮৮৬) বলেন ভগবানের কাছে পৌঁছাতে অনেক পথ আছে এবং মনুষ্য সেবাই ভগবৎ সেবা। তাঁর মহান শিষ্য স্বামী বিবেকানন্দ (১৮৬৩-১৯০২) তাঁর ধর্ম প্রচারের জন্য জনপ্রিয় ছিলেন এবং ১৮৯৬ খ্রীঃ তিনি রামকৃষ্ণ মিশন স্থাপন করেন। ১৮৭৫ খ্রীঃ স্বামী দয়ানন্দ সরস্বতী আর্য সমাজ প্রতিষ্ঠা করেছিলেন, এবং উত্তর ভারতে হিন্দু ধর্মের সংস্কার করেন। দয়ানন্দ বিশ্বাস করতেন ভগবান এক এবং অদ্বিতীয় ও শক্তির আধার। তিনি মূর্তি পূজায় বিশ্বাসী ছিলেন না। তিনি সত্যার্থ প্রকাশ নামে একখানি গ্রন্থ রচনা করেন।

### ◀ ভারতের ভাইসরয় ▶




**লর্ড ক্যানিং (১৮৫৮-১৮৬২ খ্রীঃ) :** মহারানী ভিক্টোরিয়ার ঘোষণার পরেই লর্ড ক্যানিংকে ভারতের প্রথম ভাইসরয় হিসাবে নিযুক্ত করা হয়। তার সময় ভারতীয় দণ্ডবিধি বলবৎ হয়। ব্রিটিশ পার্লামেন্টে ১৮৬১ খ্রীঃ ভারতীয় কাউন্সিল আইন পাশ করা হয় এবং প্রাদেশিক আইন সভায় ভারতীয় সদস্য অনুমোদন করা হয়, শিক্ষাক্ষেত্রে কলকাতা, মাদ্রাজ এবং বোম্বেতে বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়।

**স্যার জন লরেন্স (১৮৬৪-১৮৬৯ খ্রীঃ) :** তাঁর সময়ে যুদ্ধে ভুটান অধিকৃত হয় এবং উড়িষ্যায় দুর্ভিক্ষ হয়। আফগানের সঙ্গে মিত্রতা স্থাপন হয়।

**লর্ড লিটন (১৮৭৬-১৮৮০ খ্রীঃ) :** দিল্লির দরবারে এক অনুষ্ঠানে তিনি রানী ভিক্টোরিয়াকে ভারতের সম্রাজ্ঞী হিসাবে ঘোষণা করেন। তার সময়ে দ্বিতীয় আফগান যুদ্ধে প্রচুর ব্যয়ের জন্য ক্ষোভের সৃষ্টি হয় এবং দাক্ষিণাত্যের ভয়াবহ দুর্ভিক্ষের জন্য পরিস্থিতি আরও খারাপ হয়। ভার্নাকুলার প্রেস অ্যাক্ট দ্বারা সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করা হয়। তাঁর সময়ে এই অ্যাক্টে ফ্যাক্টরি ব্যবস্থার উন্নতি হয় এবং কর্মচারীদের অবস্থার অনেক উন্নতি হয় ও ভার্নাকুলার প্রেস অ্যাক্ট দ্বারা সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে দেওয়া হয়। লর্ড রিপন ইলবার্ট বিল পাশ করে বলেন কোন ভারতীয় জেলা বিচারক ইউরোপীয়দের বিচার করতে পারবে। এটি ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠার পথ প্রস্তুত করে দিয়েছিল। তাঁর সময়ে বার্মায় অভিযান করা হয়। বার্মাকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হয়। ১৮৮৫ সালে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। তিনি ১৮৮৬ খ্রীঃ পাবলিক সার্ভিস কমিশনকে অনুমোদন দিয়েছিলেন।

**লর্ড ল্যান্সডাউন (১৮৮৮-১৮৯৪ খ্রীঃ) :** তাঁর সময়ে ১৮৯২ খ্রীঃ দ্বিতীয় কাউন্সিল আইন পাশ করা হয়। ব্রিটিশ ভারত ও আফগানিস্তানের মধ্যে সীমারেখা যা ডুরান্ড লাইন বলে পরিচিত, এটি স্যার মটিমার ডুরান্ডের নামে নামাঙ্কিত হয়েছিল।

**লর্ড কার্জন (১৮৯৯-১৯০৫ খ্রীঃ) :** তাঁর শাসনকালে ১৯০১ খ্রীঃ রানী ভিক্টোরিয়ার মৃত্যু হয়। সপ্তম এডওয়ার্ডকে ভারতে সম্রাট বলে ঘোষণা করা হয়। তাঁর সময়ে স্বদেশী আন্দোলন আর বঙ্গভঙ্গ হল দুটি গুরুত্বপূর্ণ ঘটনা।

**লর্ড দ্বিতীয় মিন্টো (১৯০৫-১৯১০ খ্রীঃ) :** তাঁর সময়ে জনগণের মধ্যে অসন্তোষ দানা বেঁধেছিল। ১৯০৬ খ্রীঃ মুসলীম লীগের প্রতিষ্ঠা হয় যারা বঙ্গভঙ্গকে সমর্থন করে স্বদেশী আন্দোলনের বিরোধীতা করে। এর ফলে হিন্দু ও মুসলমানদের মধ্যে চরম বিভেদ দেখা দেয়।

**লর্ড দ্বিতীয় হার্ডিঞ্জ (১৯১০-১৯১৬ খ্রীঃ) :** তাঁর সময়ে উল্লেখযোগ্য ঘটনা হল রাজা পঞ্চম জর্জের সিংহাসন আরোহণ উদযাপন করার জন্য রাজা পঞ্চম জর্জ ও রানী মেরী ভারত ভ্রমণে আসেন, তাঁদের সম্বর্ধনা দেওয়ার জন্য দিল্লিতে মহাসভার আয়োজন করা হয়েছিল। এছাড়াও ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত করা হয়। তাঁর সময়ে বঙ্গভঙ্গের সিদ্ধান্ত প্রত্যাহার করে নেওয়া হয়। প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় এবং মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতের জাতীয় কংগ্রেস-সরকারের প্রথম বিশ্বযুদ্ধে অংশ গ্রহণকে সমর্থন করে।

**লর্ড চেমসফোর্ড (১৯১৬-১৯২২ খ্রীঃ) :** ভারত সরকারের নিয়ন্ত্রণ ক্রমশ ভারতীয়দের হাতে তুলে দেওয়া হয়। ভারত সরকার আইন (মন্টেগু-চেমসফোর্ড সংস্কার) পাশ করা হয়। ১৯১৯ খ্রীঃ ১৩ই এপ্রিল জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটেছিল। অসহযোগ আন্দোলনের মাধ্যমে মহাত্মা গান্ধীর সত্যাগ্রহ সংগঠিত হয়েছিল। লর্ড চেমসফোর্ডের পদত্যাগের পর লর্ড রিডিং আসেন এবং তিনি অসহযোগ আন্দোলন প্রতিহত করতে সফল হন। তাঁর সময়ের অন্যান্য ঘটনাগুলি হল— আমেদাবাদ বৈঠক, স্বরাজ দলের গঠন।

**লর্ড আরউইন (১৯২৬-১৯৩১ খ্রীঃ) :** তাঁর সময়ে সাইমন কমিশন গঠিত হয়। গান্ধী আরউইন চুক্তি স্বাক্ষরিত হয় এবং রাজনৈতিক বন্দীদের মুক্তি দেওয়া হয়। ১৯৩০ খ্রীঃ মহাত্মা গান্ধী ডান্ডি অভিযান শুরু করেন ও ১৯৩০ খ্রীঃ আইন অমান্য আন্দোলন শুরু হয়। ১৯৩০ খ্রীঃ ইংল্যান্ডে গোল টেবিল বৈঠক হয়, যেখানে বি. আর. আম্বেদকর উপস্থিত ছিলেন।

**লর্ড উইলিংডন (১৯৩১-১৯৩৬ খ্রীঃ) :** তিনি দ্বিতীয় গোল টেবিল বৈঠক করেছিলেন সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি দ্বারা বিভিন্ন ধর্মের ভিত্তিতে আসন সংরক্ষণের কথা ঘোষণা করা হয়। এই বিভাজনের প্রতিবাদ করে মহাত্মা গান্ধী আমরণ অনশন শুরু করেন, তৃতীয় গোল টেবিল বৈঠক হয় এবং ১৯৩৫ খ্রীঃ ভারত সরকার আইন পাশ হয়।

**লর্ড ওয়াভেল (১৯৪৪-১৯৪৭ খ্রীঃ) :** মুসলীম লীগ প্রত্যক্ষ সংগ্রামের ডাক দেয় এবং কলকাতায় সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধে এবং এক রক্তক্ষয়ী যুদ্ধ শুরু হয়। সাম্প্রদায়িক দাঙ্গা এবং ক্রমাগত গোলমাল ভারত বিভাগকে ত্বরান্বিত করেছিল।


লর্ড মাউন্টব্যাটেন

**লর্ড মাউন্টব্যাটেন (১৯৪৭-১৯৪৮ খ্রীঃ) :** লর্ড মাউন্টব্যাটেন ছিলেন শেষ ভাইসরয় ও স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল। ৩রা জুন ভারত বিভাগ পরিকল্পনা করা হয় এবং ১৯৪৭ খ্রীঃ ভারতীয় স্বাধীনতা আইন অনুসারে ১৯৪৭ খ্রীঃ ১৫ই আগস্ট ভারত এবং ১৯৪৭ খ্রীঃ ১৪ই আগস্ট পাকিস্তান স্বাধীনতা অর্জন করে। ১৯৪৮ খ্রীঃ জুন মাসে লর্ড মাউন্টব্যাটেনের অবসরের পর সি. রাজাগোপালাচারী প্রথম ভারতীয় হিসাবে স্বাধীন ভারতের গভর্নর জেনারেল হন।

**ব্রিটিশ অধীনে বিভিন্ন সংস্কার :**

- রাজস্ব আদায় ছিল কোম্পানীর অত্যাবশ্যকীয় প্রশাসনিক কাজ, তাই কর্ণওয়ালিশ বাংলার জমিদারদের সঙ্গে একটি চুক্তি করে। এই জমিদাররা হল ব্রিটিশ রাজন্যবর্গের পরিপূরক।
- চিরস্থায়ী বন্দোবস্ত, যা জমিদার প্রথা হিসাবেও পরিচিত। এতে ঠিক করা হয় বিশাল জমির মালিকানার প্রতিদানে নির্দিষ্ট রাজস্বতে ব্রিটিশদের চিরস্থায়ী অধিকার। কিন্তু কৃষিজ বিস্তারকে এই প্রদেশের বাইরে রাখা হয় যা জমিদারের আওতায় পড়ে।
- মাদ্রাজ ও বোম্বেতে রায়তওয়াড়ি (চাষী) বন্দোবস্ত করা হয়। যেখানে চাষীদের একটি নির্দিষ্ট রাজস্ব সরাসরি সরকারকে দিতে হত।
- লক্ষাধিক মানুষ বয়ন কারযুক্ত ভারতীয় বস্ত্রশিল্পের সঙ্গে যুক্ত ছিল এবং তারা ভারতীয় কাঁচামাল নিয়ে ল্যাঙ্কাশায়ার মিলের সস্তা মূল্যের বস্ত্রের বাজারের সঙ্গে পাল্লা দিতে পারে নি।

**ভূমি রাজস্ব প্রশাসন এবং ভূমি সংস্কার :** ওয়ারেন হেস্টিংসের সময়কালে ভূমি রাজস্ব প্রশাসন প্রথা অনুযায়ী যে সরকারকে স্থায়ীভাবে সর্বোচ্চ রাজস্ব দিতে পারবে তাকে রাজস্ব সংগ্রহের দায়িত্ব দেওয়া হত।

- লর্ড কর্ণওয়ালিস তার উপদেশক স্যার জন শোরের সহায়তায় চিরস্থায়ী বন্দোবস্তের প্রণয়ন করেন। জমিদারদের জমির মালিকানা দেওয়া হত এবং সে সেই জমি বিক্রি করতে, বন্ধক রাখতে বা তার পরিবারের মধ্যে ভাগ করে দিতে পারত।
- এর পরিবর্তে সে প্রতিবছর সরকারকে একটি নির্দিষ্ট পরিমাণ রাজস্ব দিতে বাধ্য থাকত এবং কোন কারণে যদি রাজস্ব দিতে না পারত তখন সরকার তার থেকে সেই জমির অধিকার কেড়ে নিত এবং অন্য কোনও ব্যক্তিকে সেই জমির মালিকানা দিত।
- প্রাথমিকভাবে প্রতিটি জমিদারকে জমি ১০ বছরের জন্য ইজারায় দেওয়া হত এবং যে জমিদাররা নিয়মিতভাবে রাজস্ব জমা দিত, তাকে জমির চূড়ান্ত মালিকানা দেওয়া হত।
- এই নতুন প্রথা জমিদারদের উপাদান বৃদ্ধিতে সাহায্য করেছিল এবং একই সময়ে তারাও আরও বেশী লাভ করতে শুরু করেছিল যেহেতু ভূমি রাজস্বের পরিমাণ নির্দিষ্ট ছিল। কিন্তু পরে জমিদাররা অত্যাচারী হয়ে উঠেছিল এবং চাষীদের শোষণ করতে শুরু করেছিল।

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



# পরীক্ষা প্রস্তুতি

'শিক্ষা চাকরি ও খেলা'র প্রতিটি সংখ্যায় বিষয় অনুযায়ী স্টাডি ম্যাটার দেওয়া হচ্ছে। বিভিন্ন ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী এই তথ্য ভাণ্ডার তৈরি করেছেন GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী। ইংরেজির 'Phrasal Verbs' ধারাবাহিতভাবে দেওয়া হচ্ছে। এটি নবম কিস্তি।

## Phrasal Verbs

*৮ম কিস্তির পরবর্তী অংশ*

**Peel off** - Leave a group by moving in a different direction.
**Peel off from** - Leave a group by moving in a different direction.
**Peel out** - Accelerate rapidly from stationary.
**Peg away** - Keep working at something.
**Peg down** - Fasten something to the ground.
**Peg it** - Die.
**Peg out** - Put washing outside to dry.
**Peg out** - Die.
**Pencil in** - Make a provisional appointment.
**Pep up** - Make something more interesting.
**Pep up** - Make someone more enthusiastic.
**Perk up** - Feel better or happier, make someone feel better or happier.
**Peter out** - Lose impetus and stop.
**Phase in** - Introduce gradually.
**Phase out** - Remove gradually.
**Pick at** - Eat unwillingly.
**Pick at** - Criticise.
**Pick off** - Target individuals to change a group.
**Pick on** - Bother, annoy, criticize or make fun of someone.
**Pick out** - Choose.
**Pick out** - Identify from a picture.
**Pick through** - Search something that is disordered for something.
**Pick up** - Improve.
**Pick up** - Learn quickly.
**Pick up** - Collect.
**Pick up** - Receive (a broadcast).
**Pick up** - Collect (a person). This differs from the 'collect a thing' meaning - as that means 'collect and bring back' whereas this means either (i) 'collect and drop off on your way' or (ii) 'collect and bring to the same destination'.
**Pick up after** - Tidy a mess someone else has made.
**Pick up on** - Correct someone when they say something wrong.
**Pick up on** - Notice something that most people don't.
**Pick up on** - React to something.
**Pick up on** - Comment on something said earlier in a conversation.
**Pick yourself up** - Recover from a fall or problem.
**Pig off** - Used to tell someone to get lost or leave you alone.
**Pig out** - Eat a lot.
**Pile in** - Enter a place quickly, in a disorganised way.
**Pile into** - Enter a place quickly, in a disorganised way.
**Pile on** - Add or give more or something.
**Pile on** - Exaggerate or talk in a way to affect someone's feelings.
**Pile out** - Leave a place quickly, in a disorganised way.
**Pile up** - Accumulate.
**Pile up** - Accumulate in a pile or heap.
**Pin down** - Get a fixed idea, opinion, etc, from someone.
**Pin down** - Discover exact details about something.
**Pin on** - Attach the blame to someone.
**Pin up** - Fix something to a wall, or other vertical surface, with a pin.
**Pine away** - Suffer physically because of grief, stress, worry, etc.
**Pipe down** - Be quiet (often as an imperative).
**Pipe up** - To speak, raise your voice.
**Pit against** - Compete or force to compete.
**Pit out** - Go into the pits (car racing).
**Pitch for** - Try to persuade someone to give your work, business, a job, etc.
**Pitch in** - Work together to help achieve an objective.
**Pitch into** - Criticise severely or attack someone.
**Plant out** - Put a young plant that has been grown in a pot or greenhouse into the ground.
**Plate up** - Put food onto a plate to serve.
**Play along** - Pretend to agree or accept something in order to keep someone happy or to get more information.
**Play around** - Be silly.
**Play around** - Be sexually promiscuous or unfaithful.
**Play at** - Pretend to be something.
**Play away** - Be sexually unfaithful when away from home.
**Play back** - Listen to or watch something you've recorded.
**Play down** - Try to make something seem less important.
**Play off** - Play a game to decide who the winner is.
**Play off** - Make people compete against each other so that you benefit.
**Play on** - Continue playing a sport though there might be a reason to stop.
**Play on** - Continue playing music.
**Play on** - Exploit a weakness.
**Play on** - Pun.
**Play out** - Progress, often till it finishes.
**Play out** - Pretend that something is real and reduce its effect.
**Play out** - Play something to the end.
**Play out** - Unwind (e.g., fishing line).
**Play up** - Behave badly.
**Play up to** - Flatter someone.
**Play up to** - Behave in a way expected.
**Play upon** - Exploit a weakness.
**Play with** - Touch and move something to occupy your hands.
**Play with** - Not eat much of a meal.
**Play with** - Consider something, but not seriously.
**Plead out** - Plead guilty to get a reduced sentence or fine.
**Plough back** - Re-invest money you have made into a business.
**Plough into** - Collide into at speed.
**Plough on** - Continue doing something you don't want to.
**Plough through** - Eat a big meal.
**Plough through** - Read something that is difficult or takes a lot of time.
**Plough through** - Move through somewhere where there is little space or there are obstacles.
**Plough up** - Break the surface of soil.
**Plow back** - Re-invest money you have made into a business.
**Plow into** - Collide into at speed.
**Plow on** - Continue doing something you don't want to.
**Plow through** - Eat a big meal.
**Plow through** - Read something that is difficult or takes a lot of time.
**Plow through** - Move through somewhere where there is little space or there are obstacles.
**Plow up** - Break the surface of soil.
**Pluck at** - Pull or fiddle with something nervously.
**Pluck up** - Muster, acquire, gather.
**Plug in** - Connect machines to the electricity supply.
**Plump down** - Put something in a place without taking care.
**Plump for** - Choose.
**Plump up** - Make something like a cushion bigger and softer by shaking it.
**Plump yourself down** - Sit down heavily.
**Point out** - Make someone aware of something.
**Poke about** - Move things around or search in a casual way to try to find something.
**Poke around** - Move things around or search in a casual way to try to find something.
**Polish off** - Finish, consume.
**Polish up** - Improve something quickly.
**Pony up** - Pay for something.
**Poop out** - Get too tired to do something.
**Poop out on** - Fail to keep an appointment.
**Pootle along** - Travel in a leisurely way.
**Pop in** - Visit for a short time.
**Pop off** - Talk loudly, complain.
**Pop off** - Go out for a short time.
**Pop out** - Go out for a short time.
**Pop up** - Appear, like windows and boxes opening on a computer screen.
**Pop up** - Appear unexpectedly.
**Pore over** - Read, look at or study carefully.
**Potter about** - Spend time doing little things for pleasure.
**Potter around** - Spend some time doing little things for pleasure.
**Pour down** - Rain hard.
**Pour forth** - Emerge from a place in large numbers.
**Power down** - Cut the electricity supply to a computer or electronic device.
**Power off** - Cut the electricity to a computer or device to turn it off.
**Power up** - Turn a computer or electronic device on so that it is ready to use.
**Prattle on** - Talk too much.
**Press ahead** - Continue with something.
**Press for** - Apply pressure to get permission or to obtain something.
**Press forward with** - Continue or go ahead with a project, process, plan, etc.
**Press into** - Bring or force into use.
**Press on** - Continue with something.
**Press upon** - Pressure someone to accept something offered.
**Prey on** - Catch and kill an animal for food.
**Prey on** - Exploit or harm.
**Prey upon** - Catch and kill an animal for food.
**Prey upon** - Exploit or harm.
Include the affects of possible future
**Price in** - events when assessing the value of something.
**Price up** - Charge more for something.
**Print out** - Make a hard copy of a computer document.
**Prop up** - Support something, both physically and financially, politically, etc.
**Psych out** - Work out or anticipate someone's intentions.
**Psych out** - Make someone less confident.
**Psych up** - Prepare someone mentally.
**Pucker up** - Move your lips into position to receive kiss.
**Pull ahead** - Overtake, move in front.
**Pull apart** - Destroy an argument, theory, etc.
**Pull apart** - Stop people or animals fighting.
**Pull apart** - Make someone unhappy or upset.
**Pull away** - When a vehicle moves from a place.
**Pull back** - Score a goal or point when losing.
**Pull back** - Move away from a place, especially when talking about soldiers.
**Pull back** - Move away from someone.
**Pull back** - Decide not to do something or not to be involved with it any longer.
**Pull for** - Support.
**Pull in** - When a train arrives at a station.
**Pull in** - Attract.
**Pull in** - Stop a car by the side of the road.
**Pull in** - Arrest or take someone to a police station for questioning.
**Pull off** - Manage to do something difficult or tricky.
**Pull off** - Start moving (vehicles).
**Pull on** - Put clothes on.
**Pull out** - Start moving (train).
**Pull out** - Move into traffic.
**Pull out** - Withdraw.
**Pull out** - Remove soldiers from an area.
**Pull over** - Stop by the side of the road.
**Pull over** - Make a vehicle stop.
**Pull through** - Recover from and illness or problem.
**Pull to** - Close a door or window that has been left open.
**Pull together** - Work together as a team.
**Pull up** - Slow and stop a car.
**Pull up** - Inform someone that they are wrong.
**Pull yourself together** - Become calm or regain control of your emotions.
**Push in** - Get in a queue without waiting.
**Put across** - Communicate, convey a message.

*পরবর্তী সংখ্যায় দশম কিস্তি*

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



# চাকরির পরীক্ষায় খেলা—১২৬

প্রতিযোগিতামূলক বিভিন্ন পরীক্ষায় খেলাবিষয়ক নানা ধরনের প্রশ্ন থাকে। এখানে জেনে নিন সেই সব প্রশ্ন ও উত্তর, যা কাজে লাগবে যে কোনও চাকরির পরীক্ষায়।

অভিষেক চ্যাটার্জি

১. পুরুষ-মহিলা নির্বিশেষে একদিনের ক্রিকেটে প্রথম ডবল সেঞ্চুরি করেছিলেন কে?
ক) শচীন তেন্ডুলকার খ) বীরেন্দ্র শেহবাগ গ) বেলিন্দা ক্লার্ক ঘ) ক্রিস গেইল

২. কোন দেশের ক্রিকেটার ছিলেন তিনি?
ক) ভারত খ) ওয়েস্ট ইন্ডিজ গ) নিউজিল্যান্ড ঘ) অস্ট্রেলিয়া

৩. কোন সালে ঘটেছিল একদিনের ক্রিকেটে সেই প্রথম ডবল সেঞ্চুরির ঘটনা?
ক) ১৯৯৬ খ) ১৯৯৭ গ) ২০১০ ঘ) ২০১১

৪. কোন দেশের বিরুদ্ধে খেলার সময় সেই ঐতিহাসিক ঘটনাটি ঘটেছিল?
ক) ডেনমার্ক খ) সুইডেন গ) দক্ষিণ আফ্রিকা ঘ) শ্রীলঙ্কা

৫. সেই ঐতিহাসিক ইনিংসে শেষ পর্যন্ত মোট কত রান করেছিলেন তিনি?
ক) ২০০* খ) ২০৮* গ) ২১৫* ঘ) ২২৯*

৬. পুরুষ ও মহিলা মিলিয়ে একদিনের ক্রিকেটে মোট কতগুলি ডবল সেঞ্চুরি হয়েছে?
ক) ৮ খ) ৯ গ) ১০ ঘ) ১১

৭. পুরুষদের একদিনের ক্রিকেটে মোট কতগুলি ডবল সেঞ্চুরি হয়েছে?
ক) ৫ খ) ৬ গ) ৭ ঘ) ৮

৮. ভারতীয় পুরুষ ক্রিকেটাররা মোট কতগুলি ডবল সেঞ্চুরি করেছেন, একদিনের ক্রিকেটে?
ক) ৪ খ) ৫ গ) ৬ ঘ) ৭

৯. কতজন ভারতীয় পুরুষ ক্রিকেটার একদিনের ক্রিকেটে ডবল সেঞ্চুরি করেছেন?
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

১০. পুরুষদের একদিনের ক্রিকেটে একজন ব্যাটসম্যানই নিজের দেশের বাইরে ডবল সেঞ্চুরি করেছিলেন। কে তিনি?
ক) বীরেন্দ্র শেহবাগ খ) মার্টিন গাপটিল গ) রোহিত শর্মা ঘ) ক্রিস গেইল

১১. পুরুষদের একদিনের ক্রিকেটে একজন ব্যাটসম্যানই নিজের দেশের বাইরে ডবল সেঞ্চুরি করেছিলেন। কোথায় করেছিলেন সেই ডবল সেঞ্চুরি?
ক) ক্যানবেরা খ) ইডেন গ) ওয়েলিংটন ঘ) মুম্বই

১২. পুরুষদের একদিনের ক্রিকেটে একজন ব্যাটসম্যানই নিজের দেশের বাইরে ডবল সেঞ্চুরি করেছিলেন। কোন দেশের ক্রিকেটার তিনি?
ক) ভারত খ) ওয়েস্ট ইন্ডিজ গ) দক্ষিণ আফ্রিকা ঘ) নিউজিল্যান্ড

১৩. একদিনের ক্রিকেটে একই দেশের বিরুদ্ধে একাধিক ডবল সেঞ্চুরির রেকর্ড আছে একজন ক্রিকেটারেরই। কে তিনি?
ক) শচীন তেন্ডুলকার খ) ক্রিস গেইল গ) রোহিত শর্মা ঘ) বীরেন্দ্র শেহবাগ

১৪. একদিনের ক্রিকেটে একই দেশের বিরুদ্ধে একাধিক ডবল সেঞ্চুরির রেকর্ড আছে একজন ক্রিকেটারেরই। কোন দেশের বিরুদ্ধে?
ক) শ্রীলঙ্কা খ) দক্ষিণ আফ্রিকা গ) অস্ট্রেলিয়া ঘ) ইংল্যান্ড

১৫. একদিনের ক্রিকেটে পুরুষ ক্রিকেটারদের মধ্যে অস্ট্রেলিয়ার কতজন ক্রিকেটার ডবল সেঞ্চুরি করেছেন?
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) একজনও নয়

১৬. পুরুষদের একদিনের ক্রিকেটে এখনও পর্যন্ত ভারতের বিরুদ্ধে কতগুলি ডবল সেঞ্চুরি হয়েছে?
ক) একটিও নয় খ) একটি গ) দুটি ঘ) তিনটি

১৭. সম্প্রতি একদিনের ক্রিকেটে ভারত রেকর্ড করেছে ৩০০-র বেশি রানের ইনিংসে ১০০ বার খেলে। এই তালিকায় দ্বিতীয় কোন দেশ?
ক) ইংল্যান্ড খ) অস্ট্রেলিয়া গ) দক্ষিণ আফ্রিকা ঘ) শ্রীলঙ্কা

১৮. সেই দ্বিতীয় দেশটি কতবার ৩০০-র বেশি রানের ইনিংসে খেলেছে?
ক) ৯৫ খ) ৯৬ গ) ৯৭ ঘ) ৯৮

১৯. একদিনের ক্রিকেটে দেড়শো বা তার বেশি রানের ইনিংসে সবচেয়ে বেশিবার খেলেছেন তিনজন। দুজন ভারতীয়, শচীন তেন্ডুলকার ও রোহিত শর্মা। অন্যজন কে?
ক) এবি ডিভিলিয়ার্স খ) ক্রিস গেইল গ) ডেভিড ওয়ার্নার ঘ) সনৎ জয়সূর্য

২০. তিনি কোন দেশের ক্রিকেটার?
ক) দক্ষিণ আফ্রিকা খ) ওয়েস্ট ইন্ডিজ গ) শ্রীলঙ্কা ঘ) অস্ট্রেলিয়া

*উত্তর আগামী সংখ্যায়*

**গত সপ্তাহের উত্তর**

১—ক, ২—খ, ৩—গ, ৪—খ, ৫—ঘ, ৬—গ, ৭—ক, ৮—গ, ৯—ঘ, ১০—খ, ১১—গ, ১২—খ, ১৩—গ, ১৪—গ, ১৫—ঘ, ১৬—খ, ১৭—ঘ, ১৮—গ, ১৯—ক, ২০—খ

## ইস্ট-মোহন ১০০

আই লিগে কলকাতার দুটি দলেরই ১০০ করে ম্যাচ জেতা হয়ে গেল সম্প্রতি। শততম জয় ইস্টবেঙ্গল পেল শিলং লাজংয়ের বিরুদ্ধে, মোহনবাগান জিতল চার্চিল ব্রাদার্সের বিরুদ্ধে। সেঞ্চুরির কৃতিত্ব ভারতের আর কোনও দলের নেই, কলকাতার এই দুই দল ছাড়া।

| ইস্টবেঙ্গল | | মোহনবাগান |
| --- | --- | --- |
| ৬২ | হোম ম্যাচে জয় | ৬৫ |
| ৩৮ | অ্যাওয়ে ম্যাচে জয় | ৩৫ |
| ২৫২ | স্বপক্ষে গোল | ২৪৯ |
| ৫২ | বিপক্ষে গোল | ৬১ |
| মেহতাব(৬৬) | সবচেয়ে বেশি জয় | বারেত্তো(৪২) |

## বাংলা পারল না

সন্তোষ ট্রফিতে চ্যাম্পিয়ন হয়েছিল বাংলা। আশা ছিল অনূর্ধ্ব১৭ বিসি রায় ট্রফিও আসবে কলকাতাতেই। কিন্তু পারল না বাংলার অনূর্ধ্ব ১৭ ছেলেরা। ফাইনালে হেরে গেল উত্তরপ্রদেশের কাছে। পাঞ্জাবের হোশিয়ারপুরে ফাইনালে উত্তরপ্রদেশের আরবি আহমেদের একমাত্র গোলে ভারতীয় ফুটবলে এই প্রথম কোনও বড় ট্রফি জিতল উত্তরপ্রদেশ। দুবছর আগে কটকেও বিসি রায় ট্রফির ফাইনালে উঠেছিল তারা। কিন্তু সেবার চূড়ান্ত লক্ষ্য পূরণ হয়নি। এবার জয়ের পর যুব ফুটবলারদের রাজকীয় সংবর্ধনা দিতে তৈরি উত্তরপ্রদেশের ফুটবল সংস্থা। রাজ্যে ফুটবলের প্রসারেও আরও মনোযোগ দিচ্ছেন তাঁরা, দাবি। ফাইনালে বাংলার হারের কারণ? দুই নির্ভরযোগ্য মিডফিল্ডার বাবাই দত্ত ও সুরাবউদ্দিন মুলির খেলতে না-পারা, কার্ড সমস্যায়।



## দুবাই ফাইনালে সিন্ধু

থামানো যাচ্ছে না পিভি সিন্ধুকে। এবার তাঁর কাছে হারলেন বিশ্বের দু-নম্বর জাপানি তারকা আকানে ইয়ামাগুচি। ২১-৯, ২১-১৩ জিততে সময় নেন মাত্র ৩৬ মিনিট। কতটা দাপট নিয়ে খেলেছেন ভারতীয় তারকা, পরিষ্কার। বিশ্বের তিন নম্বর তারকা দুবাই ওপেনের সেমিফাইনালে পৌঁছলেন গ্রুপের শীর্ষে থেকে। সেমিফাইনালে তাঁর সামনে চিনের চেন ইউফেই। বছরটা এমনিতেও দুর্দান্ত গিয়েছে সিন্ধুর। দুটি সুপার সিরিজ খেতাব জিতেছেন, বিশ্ব প্রতিযোগিতায় পেয়েছিলেন রুপো। দুবাইতেও পদকের সন্ধানে আত্মবিশ্বাসী দেখাচ্ছে ভারতের সেরা মেয়ে শাটলারকে।

# রোহিতের তৃতীয় ডবল!

একদিনের ক্রিকেটে প্রথম ডবল সেঞ্চুরি করেছিলেন বেলিন্দা ক্লার্ক। অস্ট্রেলিয়ার এই মেয়ে ক্রিকেটারের অপরাজিত ২২৯ রানের ইনিংস ছিল ডেনমার্কের বিরুদ্ধে, ১৯৯৭ সালের ১৬ ডিসেম্বর। পুরুষ ক্রিকেটারদের মধ্যে প্রথম দ্বিশতরানের কৃতিত্ব শচীন তেন্ডুলকারের, ২০১০ সালে। তারপর আরও ছবার হয়েছে, শচীনের মুম্বই শহরেরই রোহিত শর্মা একাই করেছেন তিনবার। রোহিত ছাড়া আর কোনও ব্যাটসম্যান একাধিক দ্বিশতরান করতে পারেননি একদিনের ক্রিকেটে। একদিনের ক্রিকেটে এক ইনিংসে ব্যক্তিগত সর্বোচ্চ রানের রেকর্ডও রোহিতেরই।



| নং | তারিখ | ক্রিকেটার | বিপক্ষে | স্থান | রান |
|---|---|---|---|---|---|
| ১. | ২৪ ফেব্রুয়ারি ২০১০ | শচীন তেন্ডুলকার | দক্ষিণ আফ্রিকা | গোয়ালিয়র | ২০০ |
| ২. | ৮ ডিসেম্বর ২০১১ | বীরেন্দ্র শেহবাগ | ওয়েস্ট ইন্ডিজ | ইন্দোর | ২১৯ |
| ৩. | ২ নভেম্বর ২০১৩ | রোহিত শর্মা | অস্ট্রেলিয়া | বেঙ্গালুরু | ২০৯ |
| ৪. | ১৩ নভেম্বর ২০১৪ | রোহিত শর্মা | শ্রীলঙ্কা | ইডেন | ২৬৪ |
| ৫. | ২৪ ফেব্রুয়ারি ২০১৫ | ক্রিস গেইল | জিম্বাবোয়ে | ক্যানবেরা | ২১৫ |
| ৬. | ২২ মার্চ ২০১৫ | মার্টিন গাপ্টিল | ওয়েস্ট ইন্ডিজ | ওয়েলিংটন | ২৩৭* |
| ৭. | ১৩ ডিসেম্বর ২০১৭ | রোহিত শর্মা | শ্রীলঙ্কা | মোহালি | ২০৮* |

## টু ক রো

### মেহুলির ১০

আটটা সোনা, দুটো ব্রোঞ্জ! জাতীয় প্রতিযোগিতা থেকে মোট ১০ পদক পেলেন মেহুলি ঘোষ। জয়দীপ কর্মকারের ছাত্রী, বৈদ্যবাটির প্রতিভাবান শুটার তিরুবনন্তপুরমে জাতীয় শুটিং প্রতিযোগিতায় সিনিয়র ও যুব বিভাগে হইচই ফেলে দিলেন। আটটা সোনার চারটি ব্যক্তিগত, চারটি দলগত ইভেন্টে। ভারতের কোনও শুটার জাতীয় প্রতিযোগিতায় এভাবে একটি মিট থেকেই ১০ পদক জিতেছেন, এমন নজির ছিল না আগে।

### বাত্রা সভাপতি

ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি হলেন অনিল বাত্রা। নির্বাচনে প্রত্যাশামতোই জিতলেন ১৪২-১৩ ভোটে। হারালেন অনিল খান্নাকে। যদিও অনিল খান্না আগেই জানিয়ে দিয়েছিলেন, ভোট থেকে সরে যাচ্ছেন। ঠিক সময়ে নাম তুলে নিতে পারেননি বলে, প্রতিদ্বন্দ্বিতা হল। ভারতীয় হকি সংস্থার সভাপতিও বাত্রা। এক্ষুনি সেই পদ ছাড়ছেন না, জানিয়ে দিতে ভোলেননি।

### মাইক পাওয়েল

লং জাম্পে তাঁর বিশ্বরেকর্ড। করেছিলেন ১৯৯১ সালে, ৮.৯৫ মিটার লাফিয়ে। ভেঙেছিলেন বব বিমনের ২৩ বছরের রেকর্ড। তাঁর নিজের নামে রেকর্ডের ২৬ বছর চলছে। কলকাতায় এসেছেন ম্যারাথনের প্রোমোশনে। জানিয়ে গেলেন, 'বোল্ট যদি ঠিকঠাক ট্রেনিং নিত লং জাম্পেও, হয়ত ৯ মিটারের বেড়াটা টপকে যেত।' তাঁর সেরা তিন অ্যাথলিট হিসাবে বেছে নিলেন কার্ল লুইস, জেসি ওয়েন্স এবং বোল্টকেই।

### লুইস-পাওয়েল

দুজনের বিরাট লড়াই ছিল। লং জাম্পের অলিম্পিক-সোনার কারণে। কিন্তু, তিন-তিনবার অলিম্পিক সোনা জিতেছিলেন কার্ল লুইস। দুবার মাইক পাওয়েল রুপো পেয়েছিলেন, লুইসের পেছনে থেকে। 'আমার লং জাম্পের বিশ্বরেকর্ডটা দিয়ে দিতেই পারি কার্লকে। কিন্তু, ওই তিনটি অলিম্পিকে লং জাম্পের সোনাগুলো আর একটা ১০০ মিটারের সোনা আমাকে দিলেই হবে,' বললেন পাওয়েল, কলকাতায় এসে।

### মোহনবাগানের ড্র

শিলং লাজংয়ের বিরুদ্ধে ১-১ ড্র করল মোহনবাগান। বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে। লাজংয়ের কাছে আটকে যাওয়ার পুরনো রোগ সারল না। দুটি গোলই পেনাল্টি থেকে। প্রথমে মোহনবাগান পেয়েছিল, গোল দিকার। পরে লাজংয়ের হয়ে গোল শোধ করেছিলেন লালমুয়ানপুইয়া। কিংসলে-কে লাল কার্ডও দেখতে হয়েছিল। মিনার্ভা পাঞ্জাবের বিরুদ্ধে আই লিগের শুরুর ম্যাচেও মোহনবাগান এগিয়ে থেকেও গোল ধরে রাখতে পারেনি।

### ফাইনালে রেয়াল

ক্লাব বিশ্বকাপের ফাইনালে পৌঁছল রেয়াল মাদ্রিদ। সেমিফাইনালে হারাল আল জাজিরা-কে। ২-১ ব্যবধানে। শুরুতে পিছিয়ে পড়েছিল ইউরোপ সেরা রেয়াল। কিন্তু দ্বিতীয়ার্ধে সমতা ফিরিয়েছিলেন ক্রিস্তিয়ানো রোনালদো। পরে, খেলা শেষের আট মিনিট আগে মাঠে নেমে প্রথম টাচেই গোল পেয়েছিলেন গ্যারেথ বেল। শনিবার ব্রাজিলীয় দল গ্রেমিওর বিরুদ্ধে ফাইনাল। জিতলে মরসুমে পাঁচটি ট্রফি জিতবেন জিদান।

### ডার্বি দুটোয়

২১ জানুয়ারিই হবে আই লিগের ফিরতি ডার্বি। ইস্টবেঙ্গলের বিরুদ্ধে খেলবে মোহনবাগান। বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে। কিন্তু, খেলা শুরু হবে দুপুর দুটোতেই। প্রাথমিকভাবে ঠিক হয়েছিল, ১৩ জানুয়ারি হবে ফিরতি ডার্বি। কিন্তু পর্যাপ্ত পুলিস পাওয়া যাবে না তখন, জানানো হয়েছিল, গঙ্গাসাগর মেলার কথা তুলে। এআইএফএফ মেনে নিয়ে সূচিতে পরিবর্তন করলেও, ম্যাচ শুরুর সময় পাল্টায়নি। ২১ জানুয়ারি আইএসএল-এর দুটি ম্যাচ থাকায় দুপুর দুটোয় ছাড়া উপায়ও নেই।

### বেঙ্গালুরু শীর্ষেই

চতুর্থ আইএসএল-এ খেলতে এসে লিগ তালিকার শীর্ষেই থাকছে বেঙ্গালুরু এফসি। শেষ ম্যাচেও এফসি পুনেসিটিকে পুনের মাঠে গিয়ে হারাল ৩-১। জোড়া গোল করলেন মিকু, একটি সুনীল ছেত্রীর। ভারতের ফুটবল অধিনায়ক বিয়ের পর দ্বিতীয় ম্যাচ খেলতে নেমেই গোল পেলেন। পাঁচের মধ্যে চার ম্যাচ জিতে ১২ পয়েন্ট নিয়ে এখন শীর্ষে আলবের্ত রোকার দল। এটিকে প্রথম চার ম্যাচে এখনও দেখেনি জয়ের মুখ।

### ম্যানচেস্টার সিটি

খেলেছে ১৭, জিতেছে ১৬। তার মধ্যে আবার টানা ১৫টি ম্যাচে জয়। ম্যানচেস্টার সিটি রেকর্ড করল ইংলিশ প্রিমিয়ার লিগে। আগে আর কোনও দল এভাবে টানা ১৫ ম্যাচ জিততে পারেনি। কোচ পেপ গারদিওলা অবশ্য এতেই সন্তুষ্ট হতে রাজি নন। 'এই রেকর্ডের পর যদি খেতাব না জিততে পারি, রেকর্ড গড়ে কোনও লাভ হবে,' পরিষ্কার প্রশ্ন তুলেছেন তিনি। দলের আরও উন্নতি চাইছেন কোচ, রক্ষণে জোর বাড়াতে জানুয়ারিতে ডিফেন্ডার কিনতেও পারে সিটি।

### ৩৬ বলে

দ্বিশতরান করেছিলেন ১৫১ বলে। কিন্তু, ১০০ থেকে ২০০য় পৌঁছতে নিয়েছিলেন মাত্র ৩৬ বল! ১০১ থেকে ১৫০য় পৌঁছতে ১৮ বল, ১৫১ থেকে ২০০য় পৌঁছতেও ১৮ বল! মোহালিতে রোহিত শর্মার একদিনের ক্রিকেটে তৃতীয় ডবল সেঞ্চুরির পথে। শ্রীলঙ্কার বিরুদ্ধে। মোট ১২টি ছয় ইনিংসে। ক্যাপ্টেন হিসাবে দ্বিতীয় সর্বোচ্চ, এক ইনিংসে। সবচেয়ে বেশি ছয়ের রেকর্ড ১৬টি, দক্ষিণ আফ্রিকার এবি ডিভিলিয়ার্সের।

### ৩০০য় ১০০!

প্রথম দেশ হিসাবে সেঞ্চুরি করল ভারত। একদিনের ক্রিকেটে এক ইনিংসে ৩০০ বা তার বেশি রানের ক্ষেত্রে। শ্রীলঙ্কার বিরুদ্ধে দ্বিতীয় একদিনের ম্যাচে মোহালিতে ভারতের রান ছিল ৫০ ওভারে ৩৯২। রোহিত শর্মার নেতৃত্বে পৌঁছল ভারত এই মাইলস্টোনে। বিরাট কোহলি বিশ্রাম নিয়েছেন বলে রোহিত এসেছেন দায়িত্বে। ভারতের পরে সবচেয়ে বেশিবার ৩০০ রানের ইনিংস খেলেছে যে দেশগুলি — অস্ট্রেলিয়া (৯৬), দক্ষিণ আফ্রিকা (৭৯) ও পাকিস্তান (৬৯)।

### সমান-সমান

প্রথম একদিনের ম্যাচে যাচ্ছেতাই হেরেছিল ভারত। ধরমশালায় সিরিজের প্রথম একদিনের ম্যাচে, শ্রীলঙ্কার বিরুদ্ধে। অধিনায়ক রোহিত শর্মা দ্বিতীয় ম্যাচে স্বমহিমায়। ডবল সেঞ্চুরি তো করলেনই, ১৫৩ বলে ২০৮ রান করে অপরাজিত থেকে ভারতকে পৌঁছে দিয়েছিলেন ৩৯২ রানের পাহাড়ে। যার উত্তরে শ্রীলঙ্কা ৮ উইকেটে ২৫১ রান করে হারে ১৪১ রানের বিরাট ব্যবধানে। সিরিজের শেষ ম্যাচ ১৭ ডিসেম্বর।

Downloaded from www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide



# সাম্প্রতিক চাকরির খবর একনজরে

সরকারি ও বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সাম্প্রতিক নিয়োগের তথ্য একনজরে দেখে নেওয়ার জন্য তালিকার আকারে তুলে ধরা হল—

| পরীক্ষা নিয়ামক / নিয়োগকারী সংস্থা | পদ | শূন্যপদ | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | ফর্ম জমা দেবার শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|---|---|
| সাদার্ন কমান্ড অর্ডন্যান্স ইউনিট | এলডিসি, স্টেনো, টেলর, কুক প্রভৃতি | ৮১৮ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ০৫.০১.২০১৮ (অনলাইন আবেদন) | www.aocrecruitment.gov.in |
| পঃ বঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর | ডিস্ট্রিক্ট অ্যান্টোমোলজিস্ট | ৬ | ০১.০১.২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৪০ বছর | অ্যান্টোমোলজি একটি পেপারসহ জুলজিতে পোস্ট গ্র্যাজুয়েট | ৩১.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.wbhealth.gov.in |
| পাবলিক সার্ভিস কমিশন পশ্চিমবঙ্গ | জুনিয়র ইঞ্জিনিয়ার | কয়েকশ | ০১.০১.২০১৭ অনুযায়ী অনূর্ধ্ব ৩৬ বছর | ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা | ০৩.০১.২০১৮ (অনলাইন আবেদন) | www.pscwbonline.gov.in |
| মুর্শিদাবাদ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি | মেডিঃ অফিসার, জিএনএম নার্স, ল্যাব টেকনিশিয়ান প্রভৃতি | ৯৭ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২০.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.wbhealth.gov.in |
| ইউপিএসসি | অ্যাসিঃ প্রফেঃ, স্পেশালিস্ট প্রভৃতি | ২৩ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২৮.১২.২০১৭ (অনলাইন আবেদন) | http:// www.upsconline.nic.in |
| দক্ষিণ-পূর্ব রেল | অ্যাপ্রেন্টিস | ১৭৮৫ | ০১.০১.২০১৮ অনুযায়ী ১৫-২৪ বছর | ৫০ শতাংশ নম্বরসহ মাধ্যমিক পাশ ও আইটিআই পাশ | ০১.০১.২০১৮ (অনলাইন আবেদন) | www.ser.indianrailways.gov.in |
| দিল্লি পুলিশ | মাল্টি টাস্কিং স্টাফ (সিভিলিয়ান) | ৭০৭ | ১৬.০১.২০১৮ অনুযায়ী ১৮-২৭ বছর | মাধ্যমিক/সমতুল/সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ | ১৬.০১.২০১৮ (অনলাইন আবেদন) | www.delhipolicerecruitment.nic.in |
| ইন্ডিয়ান এয়ার ফোর্স | এয়ারম্যান | — | ১৩ জানুয়ারি, ১৯৯৮ থেকে ২ জানুয়ারি, ২০০২ এর মধ্যে | ৫০ শতাংশ নম্বরসহ ম্যাথ, ফিজিক্স ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক অথবা ৫০% নম্বরসহ পলিটেকনিকে ডিপ্লোমা | ১২.০১.২০১৮ (অনলাইন আবেদন) | www.airmanselection.cdsc.in |
| কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী | কনস্টেবল | ৪৮৭ | ১১.০১.২০১৮ অনুযায়ী ১৮-২৩ বছর | উচ্চমাধ্যমিক পাশ সায়েন্স বিষয়সহ | ১১.০১.২০১৮ (অনলাইন আবেদন) | https://cisfrectt.in |
| চাকদহ পৌরসভা | ক্যাশিয়ার, স্টোরকিপার, অ্যাসেসমেন্ট ইনচার্জ প্রভৃতি | ৬ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ১০.০১.২০১৮ (অফলাইন আবেদন) | www.chakdahamunicipality.in |
| সিধু-কানু-বিরসা বিশ্ববিদ্যালয় | অধ্যাপক, অফিসার, অশিক্ষিক কর্মচারী প্রভৃতি | ৫৩ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২৯.১২.২০১৭ (অফলাইন আবেদন) | www.skbu.ac.in |
| গার্ডেনরিচ শিপ বিল্ডার্স | ট্রেড, গ্র্যাজুয়েট ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস | ২৬১ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২৭.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.grse.nic.in or https://jobapply.in/grse2017 |
| অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স, ভুবনেশ্বর | সিনিয়র নার্সিং অফিসার ও নার্সিং অফিসার | ৯২৭ | ২১-৩০ বছর ও ২১-৩৫ বছর | পদ অনুযায়ী বিভিন্ন | ২৫.১২.২০১৭ (অনলাইন আবেদন) | http://www.aiimbhubaneswar.edu.in |
| আর্মি পাবলিক স্কুল | পোস্ট গ্র্যাজুয়েট, ট্রেন্ড গ্র্যাজুয়েট, প্রাইমারী টিচার | ১০০০ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২১.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.awesindia.com or http://aps-csb.in |
| পাওয়ার গ্রিড কর্পোরেশন | ম্যানেজার ও ইঞ্জিনিয়ার | ৮৮ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২১.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.powergridindia.com |
| অসম রাইফেলস | ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট প্রভৃতি | ৭৫৪ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ২০.১২.২০১৭ (অনলাইন আবেদন) | www.assamrifles.gov.in |
| পশ্চিমবঙ্গের পলিটেকনিক কলেজ | লেকচারার, লোয়ার ডিভিশন ক্লার্ক, ল্যাব অ্যাসিস্ট্যান্ট প্রভৃতি | ১৮০ | পদ অনুযায়ী বিভিন্ন | পদ অনুযায়ী বিভিন্ন | ১৯.১২.২০১৭ (অনলাইন আবেদন) | http://recruitment.webscte.co.in |
| স্টাফ সিলেকশন কমিশন | এলডিসি, ডাটা এন্ট্রি অপারেটর, পোস্টাল অ্যাসিঃ | ৩২৫৯ | ০১.০৮.২০১৮ অনুযায়ী ১৮-২৭ বছর | উচ্চমাধ্যমিক | ১৮.১২.২০১৭ (অনলাইন আবেদন) | https://www.ssconline.nic.in |

উপরে নিয়োগকারী সংস্থার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, কতগুলি শূন্যপদ রয়েছে, কোন্ পদে নিয়োগ হবে, অনলাইনে না অফলাইনে আবেদন করবেন, সংস্থার ওয়েবসাইট ইত্যাদি সংক্ষিপ্ত আকারে তালিকার মধ্যে দেওয়া হয়েছে। আমাদের এই পত্রিকাটি প্রতিনিয়ত সংগ্রহে রাখলে বিস্তারিত তথ্য এবং তার প্রস্তুতির বিশেষ পর্ব পাবেন। এছাড়াও যদি ফর্ম ফিল-আপের ব্যাপারে বা কিভাবে প্রস্তুতি নিলে একচান্সে সফল হবেন তার সহায়তা চান তাহলে জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

Printed, Published by : Avijit Kundu on behalf of owner GSCE Publications and Printed at : AKHBAR-E-MASHRIQ, 10/3, Talbagan Lane, Kolkata - 700017 & Published at : 31A, S. P. Mukherjee Road, Kolkata - 700025 (South 24 Pgs). Editor : Mr. Haranath Das